মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

বনপর্ব্ব

১০

দর্শনাচার্য্য-

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণেন

শ্রীমদ্ হরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা-৭০০০০৯

প্রকাশকের নিবেদন

'মহাভারতম্' মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীমদ্ হরিদাস সিদ্ধান্তবাগীশ মহাশয়ের তপস্যালব্ধ অমৃতময় ফল। সে আশ্চর্য্য তপশ্চর্য্যার কাহিনী আজ সকলেই জানেন। প্রায় একুশ বছর তিনি ছিলেন 'মহাভারতম্'-এর তপস্যায় মগ্ন—এবং সে একক ও দুশ্চর তপস্যায় তাঁর পাণ্ডিত্য ও প্রজ্ঞার সঙ্গে মিলিত হয়েছিল অসীম ধৈর্য্য, অশেষ নিষ্ঠা ও অলৌকিক আয়াস। ফলে তিনি আমাদের জন্য রেখে গেছেন তাঁর 'মহাভারতম্'—এক আশ্চর্য্য ঐশ্বর্য্য। 'মহাভারতম্'-এর দ্বিতীয় সংস্করণ প্রকাশনার মূলে আছে আমাদের সেই জাতীয় ঐশ্বর্য্য সংরক্ষণের এবং জন্মশতবর্ষপূর্ত্তি উপলক্ষে ঋষি হরিদাসের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করার পুণ্য প্রেরণা ও প্রয়াস। সুধীজনের সানন্দ সমর্থনে আমাদের প্রয়াস সার্থক হোক—এইমাত্র কামনা।

একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ। *

যুধিষ্ঠিরো মহারাজ! পপ্রচ্ছ ভরতর্ষভঃ।
মার্কণ্ডেয়ং তপোবৃদ্ধং দীর্ঘায়ুষমকল্মষম্ ॥১॥
বিদিতাস্তব ধর্ম্মজ্ঞ! দেবদানবরাক্ষসাঃ।
রাজবংশাশ্চ বিবিধা ঋষিবংশাশ্চ শাশ্বতাঃ ॥২॥
ন তেঽস্ত্যবিদিতং কিঞ্চিদস্মিল্লোঁকে দ্বিজোত্তম!।
কথাং বেৎসি মুনে! দিব্যাং মনুষ্যোরগরক্ষসাম্ ॥৩॥
দেবগন্ধর্ব্বযক্ষাণাং কিন্নরাপ্সরসাং তথা।
ইদমিচ্ছাম্যহং শ্রোতুং তত্ত্বেন দ্বিজসত্তম! ॥৪॥ (যুগ্মকম্)
কুবলাশ্ব ইতি খ্যাত ইক্ষ্বাকুরপরাজিতঃ।
কথং নামবিপর্য্যাসাদ্ধুন্ধুমারত্বমাগতঃ ॥৫॥

ভারতকৌমুদী

যুধীতি। তপোবৃদ্ধত্বাদিবশাদেব তং প্রতি প্রশ্ন ইত্যাশয়ঃ ॥১॥
বিদিতা ইতি। দেবাদীনাং বৃত্তান্তা ইত্যর্থঃ। শাশ্বতা-নিত্যা অবিচ্ছিন্নাঃ ॥২॥
নেতি। কথামুপাখ্যানম্। দিব্যামুত্তমাম্। তত্ত্বেন যাথার্থ্যেন ॥৩—৪॥

ভারতভাবদীপঃ

শ্রুত্বেতি। ঋষীণাং নাজাঞ্চ লোককণ্টকোদ্ধরণং পরমেশ্বরপ্রীতিকরমিতি ধুন্ধুমারোপাখ্যান-তাৎপর্য্যম্। পদার্থঃ স্পষ্টঃ ॥১—৩॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভাবতভাবদীপে একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭১॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! ভরতশ্রেষ্ঠ যুধিষ্ঠির—তপোবৃদ্ধ, দীর্ঘায়ু ও নিষ্পাপ মার্কণ্ডেয়ের নিকট পুনরায় জিজ্ঞাসা করিলেন—॥১॥

"ধর্ম্মজ্ঞ! দেব, দানব, রাক্ষস, নানাবিধ রাজবংশ এবং অবিচ্ছিন্ন ঋষিবংশের বৃত্তান্ত সকল আপনার জানা আছে ॥২॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! এই জগতে আপনার অবিদিত কিছুই নাই। মুনি! আপনি—দেব, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস, কিন্নর, অপ্সরা, নাগ ও মনুষ্যগণের উত্তম উত্তম উপাখ্যান জানেন; অতএব দ্বিজশ্রেষ্ঠ! এই উপাখ্যানটী যথার্থভাবে শুনিতে ইচ্ছা করি—॥৩—৪॥

---

* ইতঃ পরম্—"শ্রুত্বা তু রাজা রাজর্ষেরিন্দ্রদ্যুম্নস্য তত্তথা। মার্কণ্ডেয়ান্মহাভাগাৎ স্বর্গস্য প্রতিপাদনম্॥" ইতি শ্লোকঃ—বা ব কা পি। (১)…ভরতর্ষভ!—বা ব কা।

এতদিচ্ছামি তত্ত্বেন জ্ঞাতুং ভার্গবসত্তম ! ।
বিপর্য্যস্তং তথা নাম কুবলাশ্বস্য ধীমতঃ ॥৬॥
বৈশম্পায়ন উবাচ ।
যুধিষ্ঠিরেণৈবমুক্তো মার্কণ্ডেয়ো মহামুনিঃ ।
ধৌন্ধুমারমুপাখ্যানং কথয়ামাস ভারত ! ॥৭॥
মার্কণ্ডেয় উবাচ ।
হন্ত তে কথয়িষ্যামি শৃণু রাজন্ ! যুধিষ্ঠির ! ।
ধর্ম্মিষ্ঠমিদমাখ্যানং ধুন্ধুমারস্য তচ্ছৃণু ॥৮॥
যথা স রাজা ইক্ষ্বাকুঃ কুবলাশ্বো মহীপতিঃ ।
ধুন্ধুমারত্বমগমৎ তচ্ছৃণুষ্ব মহীপতে ! ॥৯॥
মহর্ষির্বিশ্রুতস্তাত ! উতঙ্ক ইতি ভারত ! ।
মরুধন্বসু রম্যেষু আশ্রমস্তস্য কৌরব ! ॥১০॥

ভারতকৌমুদী

কুবলেতি। ইক্ষ্বাকুস্তদ্বংশীয়ঃ। নামবিপর্য্যাসাৎ সংজ্ঞাবৈপরীত্যাৎ ॥৫॥
এতদিতি। বিপর্য্যস্তমন্যথা ভূতম্, তথা ধুন্ধুমার ইত্যানুপূর্ব্ব্যা ॥৬॥
যুধীতি। ধুন্ধুমারস্যেদং ধৌন্ধুমারম্ ॥৭॥
হন্তেতি। হর্ষে হন্তশব্দঃ। হর্ষস্তু সদুপাখ্যানকথনাবসরপ্রাপ্তেরেবেতি বোধ্যম্ ॥৮॥
যথেতি। ইক্ষ্বাকুঃ ইক্ষ্বাকুবংশীয়ঃ। মহীপতিঃ পৃথিবীপালক ইত্যপৌনরুক্ত্যম্ ॥৯॥

'কুবলাশ্ব'-নামে বিখ্যাত ইক্ষ্বাকুবংশীয় বিজয়ী রাজা কি কারণে নামের ব্যত্যয় হওয়ায় 'ধুন্ধুমার' হইয়াছিলেন ? ॥৫॥

ভৃগুবংশশ্রেষ্ঠ ! ধীমান্ কুবলাশ্বের নাম সেইরূপ হইয়াছিল কেন, ইহাই আমি যথার্থরূপে জানিতে ইচ্ছা করি" ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতনন্দন ! যুধিষ্ঠির এইরূপ বলিলে, মহর্ষি মার্কণ্ডেয় ধুন্ধুমারের উপাখ্যান বলিতে আরম্ভ করিলেন ॥৭॥

মার্কণ্ডেয় বলিলেন—"রাজা যুধিষ্ঠির ! আমি তোমাকে জিজ্ঞাসিত বিষয় বলিব, তুমি শ্রবণ কর। ধুন্ধুমারের এই উপাখ্যান ধর্ম্মসম্বদ্ধ ; অতএব তাহা তুমি শ্রবণ কর ॥৮॥

রাজা ! ইক্ষ্বাকুবংশীয় সেই কুবলাশ্বরাজা যাহাতে ধুন্ধুমার হইয়াছিলেন, তাহা তুমি শ্রবণ কর ॥৯॥

বৎস ভরতনন্দন ! 'উতঙ্ক'-নামে বিখ্যাত এক মহর্ষি ছিলেন এবং মনোহর মরুসন্নিহিত দেশে তাঁহার আশ্রম ছিল ॥১০॥

(১০)...উত্তঙ্ক ইতি—বা, ...উদঙ্ক ইতি—নি।

উতঙ্কস্তু মহারাজ! তপোঽতপ্যৎ সুদুশ্চরম্।
আরিরাধয়িষুর্বিষ্ণুং বহূন্ বর্ষগণান্ বিভুঃ ॥১১॥
তস্য প্রীতঃ স ভগবান্ সাক্ষাদ্দর্শনমীযিবান্।
দৃষ্টৈ্বব চর্ষিঃ প্রহ্বস্তং তুষ্টাব বিবিধৈঃ স্তবৈঃ ॥১২॥

উতঙ্ক উবাচ।

ত্বয়া দেব! প্রজাঃ সর্ব্বাঃ সসুরাসুরমানবাঃ।
স্থাবরাণি চ ভূতানি জঙ্গমানি তথৈব চ ॥১৩॥
ব্রহ্ম বেদাশ্চ বেদ্যঞ্চ ত্বয়া সৃষ্টং মহাদ্যুতে।।
শিরস্তে গগনং দেব। নেত্রে শশিদিবাকরৌ ॥১৪॥ (যুগ্মকম্)
নিশ্বাসঃ পবনশ্চাপি তেজোঽগ্নিশ্চ তবাচ্যুত!।
বাহবস্তে দিশঃ সর্ব্বাঃ কুক্ষিশ্চাপি মহার্ণবঃ ॥১৫॥
ঊরূ তে পর্ব্বতা দেব। খং জঙ্ঘে মধুসূদন।।
পাদৌ তে পৃথিবী দেবী রোমাণ্যোষধয়স্তথা ॥১৬॥

ভারতকৌমুদী

মহর্ষিরিতি। বিশ্রুতো বিখ্যাতঃ। মরুধন্বসু মরুপ্রদেশেষু, আশ্রম আসীৎ ॥১০॥
উতঙ্ক ইতি। আরিরাধয়িষুঃ আরাধয়িতুমিচ্ছুঃ। বিভুঃ প্রভাববান্ ॥১১॥
তস্যেতি। স বিষ্ণুঃ। ঈযিবান্ প্রাপ্তবান্। প্রহ্বঃ অবনতঃ সন্ ॥১২॥
ত্বয়েতি। ভূতানি প্রাণিনঃ। ব্রহ্ম তপঃ, বেদ্যম্ অন্যৎ সর্ব্বং জ্ঞেয়ম্ ॥১৩—১৪॥
নিশ্বাস ইতি। পবনো বায়ুঃ। কুক্ষিরুদরম্ ॥১৫॥

মহারাজ! প্রভাবশালী সেই উতঙ্ক বিষ্ণুকে সন্তুষ্ট করিবার জন্য বহু বৎসর যাবৎ অতিদুষ্কর তপস্যা করেন ॥১১॥

তাহাতে ভগবান্ বিষ্ণু সন্তুষ্ট হইযা তাঁহাকে সাক্ষাৎ দর্শন দান করেন; তখন উতঙ্কমুনি তাঁহাকে দেখিয়াই অবনত হইয়া নানাবিধ স্তব দ্বারা তাঁহাকে সন্তুষ্ট করিতে লাগিলেন ॥১২॥

উতঙ্ক বলিলেন—"দেব! আপনি—সমস্ত লোক এবং দেব, দানব, মানব, স্থাবর ও জঙ্গম সমস্ত প্রাণী, তপস্যা, বেদ ও সমস্ত জ্ঞেয় পদার্থ সৃষ্টি করিয়াছেন; আর মহাতেজা দেব! আকাশ আপনার মস্তক, চন্দ্র ও সূর্য্য আপনার নয়নযুগল ॥১৩—১৪॥

নারায়ণ! বায়ু আপনার নিশ্বাস, অগ্নি আপনার তেজ, সমস্ত দিক্ আপনার বাহু এবং মহাসমুদ্র আপনার উদর ॥১৫॥

---

(১২)...দর্শনমেযিবান্—বা ব কা নি।

ইন্দ্রসোমাগ্নিবরুণা দেবাসুরমহোরগাঃ।
প্রহ্বাস্ত্বামুপতিষ্ঠন্তি স্তুবন্তো বিবিধৈঃ স্তবৈঃ ॥১৭॥
ত্বয়া ব্যাপ্তানি সর্ব্বাণি ভূতানি ভুবনেশ্বর !।
যোগিনঃ সুমহাবীর্য্যাঃ স্তুবন্তি ত্বাং মহর্ষয়ঃ ॥১৮॥
ত্বয়ি তুষ্টে জগৎ স্বস্থং ত্বয়ি ক্রুদ্ধে মহদ্ভয়ম্।
ভয়ানামপনেতাসি ত্বমেকঃ পুরুষোত্তম ! ॥১৯॥
দেবানাং মানুষাণাঞ্চ সর্ব্বভূতসুখাবহঃ।
ত্রিভির্বিক্রমণৈর্দেব ! ত্রয়ো লোকাস্ত্বয়া হৃতাঃ ॥২০॥
অসুরাণাং সমৃদ্ধানাং বিনাশশ্চ ত্বয়া কৃতঃ।
তব বিক্রমণৈর্দেবা নির্ব্বাণমগমন্ পরম্ ॥২১॥

ভারতকৌমুদী

উরূ ইতি। খমাকাশম্। ওষধয়ো লতাঃ ॥১৬॥
ইন্দ্রেতি। প্রহ্বা অবনতাঃ সন্তঃ, উপতিষ্ঠন্তি উপাসতে ॥১৭॥
ত্বয়েতি। ভূতানি ক্ষিতিজলতেজোবায়ুগগনানি ॥১৮॥
ত্বয়ীতি। স্বস্থং নির্ভয়ং ভবতি। অপনেতা নাশয়িতা ॥১৯॥
দেবানামিতি। দেবানাং মানুষাণাঞ্চ সুখাবহ ইতি শেষঃ। কিঞ্চ সর্ব্বেষাং ভূতানাং প্রাণিনাঞ্চ সুখাবহঃ সুখজনকঃ। বিক্রমণৈঃ পাদক্ষেপৈঃ, হৃতা আক্রান্তাঃ ॥২০॥
অসুরাণামিতি। বিক্রমণৈঃ পরাক্রমৈঃ, নির্ব্বাণং নির্বৃতিং শান্তিমিতি যাবৎ ॥২১॥

দেব ! মধুসূদন ! পর্ব্বত সকল আপনার উরু, আকাশ আপনার জঙ্ঘা, পৃথিবী আপনার চরণ এবং লতাসমূহ আপনার লোম ॥১৬॥

ইন্দ্র, চন্দ্র, অগ্নি, বরুণ, অন্যান্য দেবগণ, অসুরগণ ও মহানাগগণ অবনত হইয়া নানাবিধ স্তোত্র দ্বারা স্তব করিতে থাকিয়া আপনার উপাসনা করিয়া থাকেন ॥১৭॥

জগদীশ্বর ! আপনি সকল ভূতকে ব্যাপ্ত করিয়া আছেন। এইজন্যই মহাপ্রভাবশালী যোগী ও মহর্ষিরা আপনার স্তব করিয়া থাকেন ॥১৮॥

পুরুষোত্তম ! আপনি সন্তুষ্ট থাকিলে জগৎ সুস্থ থাকে এবং আপনি ক্রুদ্ধ হইলে জগতের গুরুতর ভয় উপস্থিত হয়; আর একক আপনিই সমস্ত ভয়-নাশক ॥১৯॥

দেব ! আপনি—দেবগণ, মনুষ্যগণ এবং অন্যান্য সমস্ত প্রাণীর সুখজনক; আর আপনি তিনটী পাদক্ষেপদ্বারাই ত্রিভুবন আক্রমণ করিয়াছিলেন ॥২০॥

আপনি সমৃদ্ধিশালী অসুরগণের বিনাশ সাধন করিয়াছেন; সুতরাং আপনার বিক্রমেই দেবতারা পরম নির্বৃতি লাভ করিয়াছেন ॥২১॥

পরাভূতাশ্চ দৈত্যেন্দ্রাস্ত্বয়ি ক্রুদ্ধে মহাদ্যুতে!।
ত্বং হি কর্ত্তা বিকর্ত্তা চ ভূতানামিহ সর্ব্বশঃ।
আরাধয়িত্বা ত্বাং দেবাঃ সুখমেধন্তি সর্ব্বশঃ ॥২২॥
এবং স্তুতো হৃষীকেশ উতঙ্কেন মহাত্মনা।
উতঙ্কমব্রবীদ্বিষ্ণুঃ প্রীতস্তেঽহং বরং বৃণু ॥২৩॥

উতঙ্ক উবাচ।

পর্য্যাপ্তো মে বরো হ্যেষ যদহং দৃষ্টবান্ হরিম্।
পুরুষং শাশ্বতং দিব্যং স্রষ্টারং জগতঃ প্রভুম্ ॥২৪॥

বিষ্ণুরুবাচ।

প্রীতস্তেঽহমলৌল্যেন ভক্ত্যা চ তব সত্তম!।
অবশ্যং হি ত্বয়া ব্রহ্মন্! মত্তো গ্রাহ্যো বরো দ্বিজ! ॥২৫॥
এবং সংছন্দ্যমানস্তু বরেণ হরিণা তদা।
উতঙ্কঃ প্রাঞ্জলির্বব্রে বরং ভরতসত্তম! ॥২৬॥

ভারতকৌমুদী

পরেতি। বিকর্ত্তা সংহর্ত্তা। সর্ব্বশঃ সর্ব্বেষাম্। এধন্তি বর্দ্ধন্তে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥
এবমিতি। কিমব্রবীদিত্যাহ—প্রীত ইত্যাদি ॥২৩॥
পর্য্যাপ্ত ইতি। পর্য্যাপ্তো যথেপ্সিতঃ। শাশ্বতং নিত্যম্, দিব্যমলৌকিকম ॥২৪॥
প্রীত ইতি। অলৌল্যেন অচাঞ্চল্যেন। মত্তো মম সকাশাৎ ॥২৫॥
এবমিতি। সংছন্দ্যমানঃ অভ্যর্থ্যমানঃ ॥২৬॥

মহাবল! আপনি ক্রুদ্ধ হওয়ায়ই দৈত্যেন্দ্রগণ পরাভূত হইয়াছিল এবং এই জগতে আপনিই সমস্ত ভূতের কর্ত্তা ও সংহর্ত্তা; আর দেবতারা আপনার আরাধনা করিয়াই অনায়াসে সর্ব্বপ্রকারে উন্নতি লাভ করিতেছেন ॥২২॥

মহাত্মা উতঙ্ক এইরূপ স্তব করিলে, হৃষীকেশ নারায়ণ উতঙ্ককে বলিলেন—"আমি তোমার উপরে সন্তুষ্ট হইয়াছি, তুমি বর গ্রহণ কর" ॥২৩॥

উতঙ্ক বলিলেন "এ-ই আমার যথেষ্ট বর হইয়াছে যে, আমি—নিত্য ও অলৌকিক পুরুষ এবং জগতের সৃষ্টিকর্ত্তা ও প্রভু নারায়ণকে প্রত্যক্ষ দেখিতে পাইয়াছি" ॥২৪॥

বিষ্ণু বলিলেন—"সাধুশ্রেষ্ঠ ব্রাহ্মণ! তোমার ভক্তিবশতঃ আমি স্থির চিত্তেই তোমার উপরে সন্তুষ্ট হইয়াছি; অতএব ব্রাহ্মণ! আমার নিকট হইতে অবশ্যই তোমার বর গ্রহণ করিতে হইবে" ॥২৫॥

যদি মে ভগবান্ প্রীতঃ পুণ্ডরীকনিভেক্ষণ ! ।
ধর্ম্মে সত্যে দমে চৈব বুদ্ধির্ভবতু মে সদা ।
অভ্যাসশ্চ ভবেদ্ভক্ত্যা ত্বয়ি নিত্যং মমেশ্বর ! ॥২৭॥

ভগবানুবাচ । *

সর্ব্বমেতদ্ধি ভবিতা মৎপ্রসাদাত্তব দ্বিজ ! ।
প্রতিভাস্যতি যোগশ্চ যেন যুক্তো দিবৌকসাম্ ।
ত্রয়াণামপি লোকানাং মহৎ কার্য্যং করিষ্যসি ॥২৮॥
উৎসাদনার্থং লোকানাং ধুন্ধুর্নাম মহাসুরঃ ।
তপস্যতি তপো ঘোরং শৃণু যস্তং হনিষ্যতি ॥২৯॥
বৃহদশ্ব ইতি খ্যাতো ভবিষ্যতি মহীপতিঃ ।
তস্য পুত্রঃ শুচির্দান্তঃ কুবলাশ্ব ইতি শ্রুতঃ ॥৩০॥

ভারতকৌমুদী

যদীতি। দমে ইন্দ্রিয়নিগ্রহে। অভ্যাসঃ সান্নিধ্যম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥২৭॥
সর্ব্বমিতি। প্রতিভাস্যতি আবির্ভবিষ্যতি, যোগো যৌগিকবলম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥
উৎসাদনেতি। উৎসাদনার্থং সংহারার্থম্ ॥২৯॥
বৃহদিতি। পুত্রো ভবিষ্যতীতি শেষঃ। দান্ত ইন্দ্রিয়দমনশীলঃ ॥৩০॥

ভরতশ্রেষ্ঠ ! নারায়ণ বর দিবার জন্য এইভাবে অনুরোধ করিলে, উতঙ্ক তখন কৃতাঞ্জলি হইয়া বর গ্রহণ করিলেন—॥২৬॥

"জগদীশ্বর পুণ্ডরীকাক্ষ ! যদি আপনি আমার উপরে সন্তুষ্ট হইয়া থাকেন, তবে যেন সর্ব্বদাই ধর্ম্ম, সত্য ও ইন্দ্রিয়দমনের প্রতি মতি হয় এবং সর্ব্বদাই যেন ভক্তিভরে আপনার সান্নিধ্যলাভ হয়" ॥২৭॥

বিষ্ণু বলিলেন—"ব্রাহ্মণ ! আমার অনুগ্রহে তোমার এ সমস্তই হইবে; বিশেষতঃ তোমার যৌগিক শক্তিও জন্মিবে; যে যৌগিকশক্তিযুক্ত হইয়া তুমি দেবগণের এবং ত্রিভুবনের গুরুতর কার্য্য সম্পাদন করিবে ॥২৮॥

'ধুন্ধু'-নামে একটা প্রবল অসুর ত্রিভুবন উৎসন্ন করিবার জন্য দারুণ তপস্যা করিতেছে; তাহাকে যিনি বধ করিবেন, তাঁহার কথা শোন—॥২৯॥

* ইতঃ পরম্ 'বাঢ়মেবং ভবেন্নিত্যং তব বুদ্ধিমতাং বরং বর ! । মৎসমীপে চ সততং ভবিষ্যসি দ্বিজোত্তম ! ॥' ইত্যধিকঃ শ্লোকঃ—পি। (২৯) ইতঃ পরম্ 'রাজা হি বীর্য্যবাংস্তাত ! ইক্ষ্বাকুরপরাজিতঃ' ইত্যর্দ্ধমধিকম্—বা ব কা পি।

স যোগবলমাস্থায় মামকং পার্থিবোত্তমঃ।
শাসনাত্তব বিপ্রর্ষে! ধুন্ধুমারো ভবিষ্যতি।
উতঙ্কমেবমুক্ত্বা তু বিষ্ণুরন্তরধীয়ত ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং ধুন্ধুমারোপাখ্যানে একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

ইক্ষ্বাকৌ সংস্থিতে রাজন্! শশাদঃ পৃথিবীমিমাম্।
প্রাপ্তঃ পরমধর্ম্মাত্মা সোঽযোধ্যায়াং নৃপোঽভবৎ ॥১॥

ভারতকৌমুদী

স ইতি। মামকং মৎসম্বন্ধি মৎপ্রদত্তমিত্যর্থঃ। শাসনাদুপদেশাৎ। ধুন্ধুং মারয়তীতি ধুন্ধুমারঃ ধুন্ধোঃ সংহর্ত্তা তদাখ্যশ্চ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়ামেকসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ইক্ষ্বাকাবিতি। সংস্থিতে মৃতে, "পরাসুপ্রাপ্তপঞ্চত্বপরেতপ্রেতসংস্থিতাঃ" ইত্যমরঃ ॥১॥

ভারতভাবদীপঃ

ইক্ষ্বাকাবিতি ॥১—৩০॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭২॥

'বৃহদশ্ব'-নামে এক রাজা হইবেন, তাঁহারও 'কুবলাশ্ব'-নামে এক পুত্র হইবে, সেই পুত্রটীও যথাকালে পবিত্র ও ইন্দ্রিয়দমনশীল হইবে ॥৩০॥

ব্রহ্মর্ষি! রাজশ্রেষ্ঠ সেই কুবলাশ্ব আমার প্রদত্ত যোগবল অবলম্বন করিয়া তোমার আদেশে ধুন্ধুকে সংহার করিয়া 'ধুন্ধুমার' হইবেন"। উতঙ্ককে এইরূপ বলিয়া বিষ্ণু অন্তর্হিত হইলেন" ॥৩১॥

—:*:—

মার্কণ্ডেয় বলিলেন—"রাজা! ইক্ষ্বাকুর মৃত্যু হইলে, তাঁহার পুত্র পরম ধার্ম্মিক শশাদ এই পৃথিবী লাভ করিয়া অযোধ্যায় রাজা হন ॥১॥

---

* '...সপ্তনবত্যধিক...'—পি, '...দ্বিশত...'—বা ব, '...একাধিকদ্বিশততমঃ...'—কা, '...চতুরধিকদ্বিশততমঃ...'—নি।

শশাদস্য তু দায়াদঃ ককুৎস্থো নাম বীর্য্যবান্ ।
অনেনাশ্চাপি কাকুৎস্থঃ পৃথুশ্চানেনসঃ সুতঃ ॥২॥
বিষ্বগশ্বঃ পৃথোঃ পুত্রস্তস্মাদদ্রিশ্চ জজ্ঞিবান্ ।
অদ্রেশ্চ যুবনাশ্বস্তু শ্রাবস্তস্যাত্মজোঽভবৎ ॥৩॥
তস্য শ্রাবস্তকো জ্ঞেয়ঃ শ্রাবস্তী যেন নির্ম্মিতা ।
শ্রাবস্তকস্য দায়াদো বৃহদশ্বো মহাবলঃ ॥৪॥
বৃহদশ্বস্য দায়াদঃ কুবলাশ্ব ইতি স্মৃতঃ ।
কুবলাশ্বস্য পুত্রাণাং সহস্রাণ্যেকবিংশতিঃ ॥৫॥
সর্ব্বে বিদ্যাসু নিষ্ণাতা বলবন্তঃ সুদারুণাঃ ।
কুবলাশ্বশ্চ পিতৃতো গুণৈরভ্যধিকোঽভবৎ ॥৬॥
সময়ে তং পিতা রাজ্যে বৃহদশ্বোঽভ্যষেচয়ৎ ।
কুবলাশ্বং মহারাজ ! শূরমুত্তমধার্ম্মিকম্ ॥৭॥

ভারতকৌমুদী

শশাদস্যেতি। দায়ং মরণেন ত্যক্তং ধনম্ আদত্ত ইতি দায়াদঃ পুত্রঃ ॥২॥
বিষ্বগিতি। বিষ্বক্ সর্ব্বাসু দিক্ষু অশ্বো যস্য স তদাখ্যঃ ॥৩॥
তস্যেতি। শ্রাবস্তকো নাম। শ্রাবস্তী তদাখ্যা নগরী ॥৪॥
বৃহদিতি। একবিংশতিঃ সহস্রাণি অভবন্নিতি শেষঃ ॥৫॥
সর্ব্ব ইতি। সর্ব্বে কুবলাশ্বপুত্রাঃ, বিদ্যাসু সর্ব্বাসু, নিষ্ণাতা নিপুণাঃ ॥৬॥
সময় ইতি। অভ্যষেচয়ৎ ঋত্বিগাদিভিরিতি শেষঃ ॥৭॥

শশাদের পুত্র ককুৎস্থ, তিনি অত্যন্ত বলবান্ ছিলেন। ককুৎস্থের পুত্র অনেনা; অনেনার পুত্র পৃথু ॥২॥

পৃথুর পুত্র বিষ্বগশ্ব; বিষ্বগশ্ব হইতে অদ্রি জন্মগ্রহণ করেন। অদ্রির পুত্র যুবনাশ্ব; যুবনাশ্বের পুত্র শ্রাব ॥৩॥

শ্রাবের পুত্র শ্রাবস্তক; যিনি শ্রাবস্তী নগরী নির্ম্মাণ করিয়াছিলেন। শ্রাবস্তকের পুত্র মহাবল বৃহদশ্ব ॥৪॥

বৃহদশ্বের পুত্র কুবলাশ্ব; কুবলাশ্বের একুশ হাজার পুত্র হইয়াছিল ॥৫॥

সেই কুবলাশ্বের পুত্রেরা সকলেই সমস্ত বিদ্যায় নিপুণ, বলবান্ ও অতিভয়ঙ্কর ছিল; আর কুবলাশ্বও গুণে পিতা হইতে প্রধান হইয়াছিলেন ॥৬॥

মহারাজ! পিতা বৃহদশ্ব, মহাবীর ও মহাধার্ম্মিক পুত্র সেই কুবলাশ্বকে যথাসময়ে রাজ্যে অভিষিক্ত করাইলেন ॥৭॥

পুত্রসংক্রামিতশ্রীস্তু বৃহদশ্বো মহীপতিঃ।
জগাম তপসে ধীমাংস্তপোবনমমিত্রহা ॥৮॥
অথ শুশ্রাব রাজর্ষিং তমুতঙ্কো নরাধিপ!।
বনং সংপ্রস্থিতং রাজন্! বৃহদশ্বং দ্বিজোত্তমঃ ॥৯॥
তমুতঙ্কো মহাতেজাঃ সর্ব্বাস্ত্রবিদুষাং বরম্।
ন্যবারয়দমেয়াত্মা সমাসাদ্য নরোত্তমম্ ॥১০॥

উতঙ্ক উবাচ।

ভবতা রক্ষণং কার্য্যং তত্তাবৎ কর্ত্তুমর্হসি।
নিরুদ্বিগ্না বয়ং রাজংস্ত্বৎপ্রসাদাদ্ভবেমহি ॥১১॥
ত্বয়া হি পৃথিবী রাজন্! রক্ষ্যমাণা মহাত্মনা।
ভবিষ্যতি নিরুদ্বিগ্না নারণ্যং গন্তুমর্হসি ॥১২॥
পালনে হি মহান্ ধর্ম্মঃ প্রজানামিহ দৃশ্যতে।
ন তথা দৃশ্যতেঽরণ্যে মা ভূত্তে বুদ্ধিরীদৃশী ॥১৩॥

ভারতকৌমুদী

পুত্রেতি। পুত্রে সংক্রামিতা সঞ্চারিতা শ্রী রাজলক্ষ্মীর্যেন সঃ ॥৮॥
অথেতি। সংপ্রস্থিতং সংপ্রস্থাস্যমানম্ ॥৯॥
তমিতি। অমেয় ঔদার্য্যে অসাধারণ আত্মা মনো যস্য সঃ ॥১০॥
ভবতেতি। নিরুদ্বিগ্না দুর্জ্জনাদিদমনাদিত্যাশয়ঃ ॥১১॥
ত্বয়েতি। অতএবারণ্যং তপোবনং গন্তুং নার্হসি ॥১২॥

বুদ্ধিমান্ ও শত্রুহন্তা রাজা বৃহদশ্ব পুত্রের উপরে রাজলক্ষ্মী সংস্থাপন করিয়া তপস্যা করিবার জন্য তপোবনে গমন করিবার উদ্‌যোগ করিলেন ॥৮॥

নরনাথ রাজা! তাহার পর ব্রাহ্মণশ্রেষ্ঠ উতঙ্ক শুনিলেন যে, রাজর্ষি বৃহদশ্ব তপোবনে প্রস্থান করিলেন ॥৯॥

তখন মহাতেজা ও অসাধারণ উদারচেতা উতঙ্ক যাইয়া সকল অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ রাজা বৃহদশ্বকে বারণ করিলেন ॥১০॥

উতঙ্ক বলিলেন—"রাজা! রাজ্য রক্ষা করা আপনার উচিত; সুতরাং আপনি তাহাই করুন। আপনার অনুগ্রহে আমরা নিরুদ্বেগ হইব ॥১১॥

রাজা! আপনি মহাত্মা; সুতরাং আপনি রক্ষা করিতে থাকিলে পৃথিবীও নিরুদ্বেগ হইবেন; অতএব আপনি বনে যাইতে পারেন না ॥১২॥

(১০)···সমাসাদ্য নরেশ্বরম্—পি। (১১)···ত্বৎপ্রসাদাদ্বসেমহি—নি।

ঈদৃশো নহি রাজেন্দ্র ! ধর্ম্মঃ কশ্চন দৃশ্যতে ।
প্রজানাং পালনে যো বৈ পুরা রাজর্ষিভিঃ কৃতঃ ॥১৪॥
রক্ষিতব্যাঃ প্রজা রাজ্ঞা তাস্ত্বং রক্ষিতুমর্হসি ।
নিরুদ্বিগ্নস্তপস্তপ্তুং নহি শক্নোমি পার্থিব ! ॥১৫॥
মমাশ্রমসমীপে বৈ সমেষু মরুধন্বসু ।
সমুদ্রো বালকাপূর্ণ উজ্জ্বালক ইতি স্মৃতঃ ॥১৬॥
বহুযোজনবিস্তীর্ণো বহুযোজনমায়তঃ ।
তত্র রৌদ্রো দানবেন্দ্রো মহাবীর্য্যপরাক্রমঃ ॥১৭॥
মধুকৈটভয়োঃ পুত্রো ধুন্ধুর্নাম সুদারুণঃ ।
অন্তর্ভূমিগতো রাজন্ ! বসত্যমিতবিক্রমঃ ॥১৮॥ (বিশেষকম্)
তং নিহত্য মহারাজ ! বনং ত্বং গন্তুমর্হসি ।
শেতে লোকবিনাশায় তপ আস্থায় দারুণম্ ॥১৯॥

ভারতকৌমুদী

পালন ইতি। রাজ্ঞাং প্রজাপালনমেব প্রধানধর্ম্ম ইতি ভাবঃ ॥১৩॥
ঈদৃশ ইতি। দৃশ্যতে শাস্ত্র ইতি শেষঃ ॥১৪॥
রক্ষিতব্যা ইতি। নহি শক্নোমি, অন্যথেতি শেষঃ ॥১৫॥
মমেতি। সমেষু সমতলেষু, মরুধন্বসু মরুভূমিসকাশে। উজ্জ্বালকো নাম। রৌদ্রো ভয়ঙ্করঃ। ধুন্ধোর্ব্যামুষ্যায়ণতয়া মধুকৈটভয়োরুভয়োরেব পুত্রত্বম্ ॥১৬—১৮॥

ক্ষত্রিয়ের পক্ষে প্রজাপালনে যেরূপ গুরুতর ধর্ম্ম দেখা যায়, তপোবনে সেরূপ ধর্ম্ম দেখা যায় না ; অতএব আপনার যেন এরূপ বুদ্ধি হয় না ॥১৩॥

রাজশ্রেষ্ঠ ! প্রজাপালনে যে ধর্ম্ম হয় এবং পূর্ব্বকালের রাজর্ষিরা যে ধর্ম্ম রক্ষা করিয়া গিয়াছেন, সে প্রকার অন্য কোন ধর্ম্মই শাস্ত্রে দেখা যায় না ॥১৪॥

রাজা ! প্রজা রক্ষা করা রাজার কর্ত্তব্য ; সুতরাং আপনি সেই প্রজা রক্ষা করুন। না হইলে, আমি নিরুদ্বেগে তপস্যা করিতে পারিব না ॥১৫॥

রাজা ! আমার আশ্রমের নিকটে সমতল মরুভূমির সন্নিধানে বালুকাপূর্ণ, বহু যোজনবিস্তীর্ণ এবং বহু যোজনদীর্ঘ 'উজ্জ্বালক'-নামে একটা সমুদ্র আছে ; তাহার নিকটে মধুকৈটভের পুত্র, ভয়ঙ্করমূর্ত্তি, ভয়ঙ্করপ্রকৃতি এবং মহাবল ও মহাপরাক্রমশালী 'ধুন্ধু'-নামে একটা প্রবল দানব ভূমির ভিতরে শয়ন করিয়া রহিয়াছে ॥১৬—১৮॥

মহারাজ ! আপনি তাহাকে বধ করিয়া তপোবনে যাইতে পারেন। রাজা ! সেই দানব—দেবগণ, মনুষ্যগণ এবং ত্রিভুবন বিনাশ করিবার জন্য

ত্রিদশানাং বিনাশায় লোকানাঞ্চাপি পার্থিব ! ।
অবধ্যো দেবতানাং হি দৈত্যানামথ রক্ষসাম্ ॥২০॥
নাগানামথ যক্ষাণাং গন্ধর্ব্বাণাঞ্চ সর্ব্বশঃ ।
অবাপ্য স বরং রাজন্ ! সর্ব্বলোকপিতামহাৎ ॥২১॥ (বিশেষকম্)
তং বিনাশয় ভদ্রং তে মা তে বুদ্ধিরতোঽন্যথা ।
প্রাপ্স্যসে মহতীং কীর্ত্তিং শাশ্বতীমব্যয়াং ধ্রুবাম্ ॥২২॥
ক্রূরস্য তস্য স্বপতো বালুকান্তর্হিতস্য চ ।
সংবৎসরস্য পর্য্যন্তে নিশ্বাসঃ সম্প্রবর্ত্ততে ॥২৩॥
যদা তদা ভূশ্চলতি সশৈলবনকাননা ।
তস্য নিশ্বাসবাতেন রজ উদ্ধূয়তে মহৎ ॥২৪॥
আদিত্যপথমাশ্রিত্য সপ্তাহং ভূমিকম্পনম্ ।
সবিস্ফুলিঙ্গং সজ্বালং ধূমমিশ্রং সুদারুণম্ ॥২৫॥ (বিশেষকম্)
তেন রাজন্ ! ন শক্নোমি তস্মিন্ স্থাতুং স্ব আশ্রমে ।
তং বিনাশয় রাজেন্দ্র ! লোকানাং হিতকাম্যয়া ॥২৬॥

ভারতকৌমুদী

তমিতি। ত্রিদশানাং দেবানাম্। সর্ব্বশঃ সর্ব্বেষাম্ ॥১৯—২১॥

তমিতি। তে তব, ভদ্রং মঙ্গলং ভবেৎ। শাশ্বতীং চিরস্থায়িনীম্ ॥২২॥

ক্রূরস্যেতি। পর্য্যন্তে অবসানে। আদিত্যপথমাশ্রিত্য মহৎ রজো ধূলিজালম্, উদ্ধূয়তে উত্থাপ্যতে। সপ্তাহং যাবৎ ভূমিকম্পনঞ্চ জায়তে ॥২৩—২৫॥

তেনেতি। তং ধুন্ধুনামকং দানবম্ ॥২৬॥

পূর্ব্বে অতিভয়ঙ্কর তপস্যা করিয়াছিল। রাজা! সে দানব ব্রহ্মার নিকট বর লাভ করিয়া দেবগণ, দৈত্যগণ, রাক্ষসগণ, নাগগণ, যক্ষগণ এবং সমস্ত গন্ধর্ব্বগণের অবধ্য হইয়াছে ॥১৯—২১॥

অতএব আপনি তাহাকে বধ করুন, আপনার বুদ্ধি যেন ইহার অন্যরূপ হয় না; আপনার মঙ্গল হইবে এবং আপনি চিরস্থায়ী, অক্ষয় ও নিশ্চিত মহাকীর্ত্তি লাভ করিবেন ॥২২॥

একটী বৎসর হইলে, বালুকার অভ্যন্তরে নিদ্রিত সেই ক্রুর মহাসুরের যখন নিশ্বাস বহিতে আরম্ভ হয়, তখন পর্ব্বত, বন ও উপবনের সহিত পৃথিবী কাঁপিতে থাকে এবং তাহার নিশ্বাসবায়ুতে সূর্য্যমণ্ডলপর্য্যন্ত ধূলিরাশি উত্থিত হয়; আর সপ্তাহ পর্য্যন্ত ভূমিকম্প হইতে থাকে; তখন অগ্নির ভয়ঙ্কর স্ফুলিঙ্গ, শিখা ও ধূম উঠিতে থাকে ॥২৩—২৫॥

লোকাঃ স্বস্থা ভবিষ্যন্তি তস্মিন্ বিনিহতেঽসুরে।
ত্বং হি তস্য বিনাশায় পর্য্যাপ্ত ইতি মে মতিঃ ॥২৭॥
তেজসা তব তেজশ্চ বিষ্ণুরাপ্যায়য়িষ্যতি।
বিষ্ণুনা চ বরো দত্তঃ পূর্ব্বং মম মহীপতে! ॥২৮॥
যস্তং মহাসুরং রৌদ্রং বধিষ্যতি মহীপতিঃ।
তেজস্তং বৈষ্ণবমিতি প্রবেক্ষ্যতি দুরাসদম্ ॥২৯॥
তত্তেজস্ত্বং সমাধায় রাজেন্দ্র! ভুবি দুঃসহম্।
তং নিসূদয় রাজেন্দ্র! দৈত্যং রৌদ্রপরাক্রমম্ ॥৩০॥
নহি ধুন্ধুর্মহাতেজাস্তেজসাল্পেন শক্যতে।
নির্দগ্ধুং পৃথিবীপাল! স হি বর্ষশতৈরপি ॥৩১॥

ভারতকৌমুদী

লোকা ইতি। স্বস্থাঃ সুস্থচিত্তাঃ। পর্য্যাপ্তঃ সমর্থঃ ॥২৭॥
তেজসেতি। আপ্যায়য়িষ্যতি বর্দ্ধয়িষ্যতি। তত্র হেতুমাহ—বিষ্ণুনেতি ॥২৮॥
কোঽসৌ বর ইত্যাহ—য ইতি। দুরাসদং বৈষ্ণবং তেজস্তং প্রবেক্ষ্যতি ॥২৯॥
তদিতি। সমাধায় আত্মনি নিধায়। নিসূদয় বিনাশয় ॥৩০॥
নহীতি। মহাতেজস্ত্বাদেব অল্পেন তেজসা নির্দগ্ধুং নহি শক্যত ইত্যাশয়ঃ ॥৩১॥

রাজা! সেই জন্যই আমি নিজের সেই আশ্রমেও থাকিতে পারি না; অতএব রাজশ্রেষ্ঠ! আপনি ত্রিভুবনের হিতের জন্য সেই অসুরকে বিনাশ করুন ॥২৬॥

সেই অসুরকে বিনাশ করিলে, সমস্ত লোক সুস্থ হইবে এবং আপনি তাহাকে বিনাশ করিতে সমর্থ হইবেন, ইহাও আমার ধারণা আছে ॥২৭॥

বিশেষতঃ, বিষ্ণু তাঁহার তেজদ্বারা আপনার তেজ বর্দ্ধিত করিবেন। কারণ, রাজা! বিষ্ণু আমাকে পূর্ব্বে এইরূপ বরই দিয়াছিলেন—॥২৮॥

'যে রাজা সেই ভয়ঙ্কর মহাসুরকে বধ করিবেন, দুর্দ্ধর্ষ বৈষ্ণব তেজ সেই রাজার শরীরে প্রবেশ করিবে' ॥২৯॥

রাজশ্রেষ্ঠ! আপনি সেই ভূতলদুঃসহ বৈষ্ণব তেজ ধারণ করিয়া ভয়ঙ্করপরাক্রমশালী সেই দৈত্যকে সংহার করুন ॥৩০॥

রাজা! অল্প তেজদ্বারা মহাতেজা সেই ধুন্ধুকে শতবৎসরেও কেহ দগ্ধ করিতে সমর্থ হইবে না।" ॥৩১॥

(৩১) শ্লোকাৎ পরম্ '··· একাধিকদ্বিশততমঃ···'—বা ব, '···দ্ব্যধিকদ্বিশততমঃ···'—কা, '···পঞ্চাধিকদ্বিশততমঃ···'—নি, পি অধ্যায়সমাপ্তির্নাস্তি।

মার্কণ্ডেয় উবাচ।

স এবমুক্তো রাজর্ষিরুতঙ্কেনাপরাজিতঃ।
উতঙ্কং কৌরবশ্রেষ্ঠ ! কৃতাঞ্জলিরথাব্রবীৎ ॥৩২॥
ন তেঽভিগমনং ব্রহ্মন্ ! মোঘমেতদ্ভবিষ্যতি।
পুত্রো মমায়ং ভগবন্ ! কুবলাশ্ব ইতি স্মৃতঃ ॥৩৩॥
ধৃতিমান্ ক্ষিপ্রকারী চ বীর্য্যেণাপ্রতিমো ভুবি।
প্রিয়ঞ্চ তে সর্ব্বমেতৎ করিষ্যতি ন সংশয়ঃ ॥৩৪॥
পুত্রৈঃ পরিবৃতৈঃ সর্ব্বৈঃ শূরৈঃ পরিঘবাহুভিঃ।
বিসর্জ্জয়স্ব মাং ব্রহ্মন্ ! ন্যস্তশস্ত্রোঽস্মি সাম্প্রতম্ ॥৩৫॥ (বিশেষকম্)
তথাস্ত্বিতি চ তেনোক্তো মুনিনাঽমিততেজসা।
স তমাদিশ্য তনয়মুতঙ্কায় মহাত্মনে।
ক্রিয়তামিতি রাজর্ষির্জগাম বনমুত্তমম্ ॥৩৬॥

যুধিষ্ঠির উবাচ।

ক এষ ভগবন্ ! দৈত্যো মহাবীর্য্যস্তপোধন !।
কস্য পুত্রোঽথ নপ্তা বাঽপ্যেতদিচ্ছামি বেদিতুম্ ॥৩৭॥

ভারতকৌমুদী

স ইতি। স রাজর্ষির্বৃহদশ্বঃ ॥৩২॥

নেতি। মোঘং ব্যর্থম্। ধৃতিমান্ ধৈর্য্যশালী। পরিঘা অস্ত্রবিশেষা ইব দীর্ঘা বাহবো যেষাং তৈঃ। ন্যস্তশস্ত্রত্বাদেব পুনঃ শস্ত্রং গ্রহীতুং নেচ্ছামীতি ভাবঃ ॥৩৩—৩৫॥

তথেতি। স বৃহদশ্বঃ, তং কুবলাশ্বম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৬॥

মার্কণ্ডেয় কহিলেন - "কৌরবশ্রেষ্ঠ ! উতঙ্ক এইরূপ বলিলে, সর্ব্ববিজয়ী রাজর্ষি বৃহদশ্ব কৃতাঞ্জলি হইয়া উতঙ্ককে বলিলেন—॥৩২॥

"ভগবন্ ব্রাহ্মণ ! আপনার এই আগমন ব্যর্থ হইবে না। কারণ, আমার পুত্র এই কুবলাশ্ব ধৈর্য্যশালী, ক্ষিপ্রকারী এবং বলে ভূতলে অতুলনীয়; ইনি, পরিঘতুল্য-বাহুশালী মহাবীর আপন পুত্রগণে পরিবেষ্টিত হইয়া আপনার এই প্রিয় কার্য্য করিবেন; এবিষয়ে কোন সন্দেহ নাই; সুতরাং ব্রাহ্মণ ! আপনি আমাকে বিদায় দিন; কারণ আমি এখন অস্ত্র পরিত্যাগ করিয়াছি" ॥৩৩—৩৫॥

তখন অমিততেজা উতঙ্কমুনি 'তাহাই হউক' এইরূপ বলিলে, রাজর্ষি বৃহদশ্ব মহাত্মা উতঙ্কের নিকটেই 'এইরূপই কর' এইভাবে পুত্র কুবলাশ্বকে আদেশ করিয়া উত্তম তপোবনে গমন করিলেন ॥৩৬॥

এবং মহাবলো দৈত্যো ন শ্রুতো মে তপোধন ! ।
এতদিচ্ছামি ভগবন্ ! যাথাতথ্যেন বেদিতুম্ ।
সর্ব্বমেব মহাপ্রাজ্ঞ ! বিস্তরেণ তপোধন ! ॥৩৮॥

মার্কণ্ডেয় উবাচ ।

শৃণু রাজন্নিদং সর্ব্বং যথাবৃত্তং নরাধিপ ! ।
কথ্যমানং মহাপ্রাজ্ঞ ! বিস্তরেণ যথাতথম্ ॥৩৯॥
একার্ণবে তদা লোকে নষ্টে স্থাবরজঙ্গমে ।
প্রনষ্টেষু চ ভূতেষু সর্ব্বেষু ভরতর্ষভ ! ॥৪০॥
প্রভবং লোককর্ত্তারং বিষ্ণুং শাশ্বতমব্যয়ম্ ।
যমাহুর্ম্মুনয়ঃ সিদ্ধাঃ সর্ব্বলোকমহেশ্বরম্ ॥৪১॥
সুষ্বাপ ভগবান্ বিষ্ণুরপ্সু যোগত এব সঃ ।
নাগস্য ভোগে মহতি শেষস্যামিততেজসঃ ॥৪২॥
লোককর্ত্তা মহাভাগ ! ভগবানচ্যুতো হরিঃ ।
নাগভোগেন মহতা পরিরভ্য মহীমিমাম্ ॥৪৩॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

ক ইতি। নপ্তা পৌত্রঃ, তদংশ এব চ প্রশ্নঃ "মধুকৈটভয়োঃ পুত্রঃ" ইতি পূর্ব্বমুক্তত্বাৎ ॥৩৭॥

এবমিতি। মে ময়া। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩৮॥

শৃণ্বিতি। কথ্যমানং ময়েতি শেষঃ ॥৩৯॥

একেতি। একার্ণবে কেবলসমুদ্রময়ে, স্থাবরজঙ্গমে প্রাণিনি। ভূতেষু ক্ষিত্যাদিষু। প্রভবত্যস্মাদিতি প্রভব উৎপত্তিকারণং তম্। শাশ্বতং চিরস্থায়িনম্, অতএব অব্যয়মক্ষয়ম্। অপ্সু অর্ণবজলে, যোগতো যোগাবলম্বনাৎ। ভোগে শরীরে। শেষস্য অনন্তস্য। মহতা নাগভোগেন শয্যাং কৃত্বেতি শেষঃ, পরিরভ্য আশ্রিত্য ॥৪০—৪৩॥

যুধিষ্ঠির বলিলেন—"ভগবন্ তপোধন। এই মহাবীর দৈত্যটা কে ? কাহার পুত্র ? কিংবা কাহার পৌত্র ? ইহা আমি জানিতে ইচ্ছা করি ॥৩৭॥

ভগবন্ তপোধন। এইরূপ মহাবল দৈত্যের বিষয় আমি আর শুনি নাই। অতএব ভগবন্ মহাপ্রাজ্ঞ তপোধন। ইহার সমস্ত বিষয়ই আমি যথাযথভাবে ও বিস্তরক্রমে জানিতে ইচ্ছা করি" ॥৩৮॥

মার্কণ্ডেয় বলিলেন—"মহাপ্রাজ্ঞ নরনাথ রাজা। আমি যথাযথভাবে ও বিস্তরক্রমে ইহার সমস্ত বৃত্তান্ত বলিতেছি, তুমি শ্রবণ কর ॥৩৯॥

ভরতশ্রেষ্ঠ। সমগ্র জগৎ কেবল সমুদ্রময় হইয়া গেলে, স্থাবর ও জঙ্গম প্রাণিসমূহ এবং সমস্ত ভূত বিনষ্ট হইলে—সিদ্ধ মুনিরা যে বিষ্ণুকে জগতের

স্বপতস্তস্য দেবস্য পদ্মং সূর্য্যসমপ্রভম্।
নাভ্যা বিনিঃসৃতং দিব্যং তত্রোৎপন্নঃ পিতামহঃ ॥৪৪॥
সাক্ষাল্লোকগুরুর্ব্রহ্মা পদ্মে সূর্য্যসমপ্রভে।
চতুর্ব্বেদশ্চতুর্মূর্ত্তিশ্চতুর্বর্গশ্চতুর্মুখঃ।
স্বপ্রভাবাদ্দুরাধর্ষো মহাবলপরাক্রমঃ ॥৪৫॥ (যুগ্মকম্)
কস্যচিত্ত্বথ কালস্য দানবৌ বীর্য্যবত্তমৌ।
মধুশ্চ কৈটভশ্চৈব দৃষ্টবন্তৌ হরিং প্রভুম্ ॥৪৬॥
শয়ানং শয়নে দিব্যে নাগভোগে মহাদ্যুতিম্।
বহুযোজনবিস্তীর্ণে বহুযোজনমায়তে ॥৪৭॥
কিরীটকৌস্তুভধরং পীতকৌশেয়বাসসম্।
দীপ্যমানং শ্রিয়া রাজন্! তেজসা বপুষা তথা।
সহস্রসূর্য্যপ্রতিমমদ্ভুতোপমদর্শনম্ ॥৪৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

স্বপত ইতি। নাভ্যা নাভিতঃ। কশ্যপপ্রজাপতেঃ পিতামহত্বাদেব পিতামহঃ। লোকানাং গুরুঃ শিক্ষয়িতা। চত্বারো বেদা যত্র সঃ, অতএব চত্বারঃ সামাদিরূপা মূর্ত্তয়ো যস্য সঃ, চতুর্ণাং ধর্ম্মার্থকামমোক্ষাণাং বর্গো যত্র সঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৪—৪৫॥

কস্যচিদিতি। কালস্য অতিক্রমে সতীতি শেষঃ। মধুকৈটভৌ বিষ্ণুকর্ণমলোদ্ভূতাবিতি মার্কণ্ডেয়পুরাণে। নাগভোগে অনন্তনাগশরীরে। শ্রিয়া লক্ষ্ম্যা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৬—৪৮॥

উৎপত্তির কারণ, জগতের সৃষ্টিকর্ত্তা, চিরস্থায়ী, অক্ষয় ও সমগ্র জগতের মহেশ্বর বলিয়া থাকেন, সেই লোককর্ত্তা, মাহাত্ম্যশালী এবং অচ্যুত ও হরিনামধারী বিষ্ণু অনন্তনাগের বিশাল শরীরদ্বারা শয্যা রচনা করিয়া এই পৃথিবী ধারণপূর্ব্বক অমিত-তেজা সেই অনন্তনাগের বিশাল শরীরের উপরে যোগাবলম্বন করিয়া নিদ্রা যাইতে-ছিলেন ॥৪০—৪৩॥

নিদ্রিত অবস্থায় সেই বিষ্ণুর নাভি হইতে সূর্য্যের তুল্য উজ্জ্বল দিব্য একটী পদ্ম নির্গত হইয়াছিল; তাহাতে ব্রহ্মা উৎপন্ন হইয়াছিলেন। জগতের শিক্ষক, চতুর্বেদবিৎ, চতুর্বেদময়শরীর, চতুর্বর্গশালী চতুর্মুখসম্পন্ন, আপন প্রভাবেই দুর্দ্ধর্ষ এবং মহাবল-পরাক্রমশালী সেই ব্রহ্মা সেই সূর্য্যতুল্য পদ্মেই সাক্ষাৎ অবস্থান করিতে-ছিলেন ॥৪৪—৪৫॥

রাজা! তাহার পর কিছু কাল অতীত হইলে, মধু ও কৈটভনামক অতি

---

(৪৪)...না[illegible]—বা ব কা পি। (৪৫)...[illegible] চ চতুর্মুখঃ—বা ব কা পি।

বিস্ময়ঃ সুমহানাসীন্মধুকৈটভয়োস্তদা ।
দৃষ্ট্বা পিতামহঞ্চাপি পদ্মে পদ্মনিভেক্ষণম্ ॥৪৯॥
বিত্রাসয়েতামথ তৌ ব্রহ্মাণমমিতৌজসম্ ।
বিত্রাস্যমানো বহুশো ব্রহ্মা তাভ্যাং মহাযশাঃ ॥৫০॥
অকম্পয়ৎ পদ্মনালং ততোঽবুধ্যত কেশবঃ ।
অথাপশ্যত গোবিন্দো দানবৌ বীর্য্যবত্তরৌ ॥৫১॥ (যুগ্মকম্)
দৃষ্ট্বা তাবব্রবীদ্দেবঃ স্বাগতং বাং মহাবলৌ ! ।
দদামি বাং বরং শ্রেষ্ঠং প্রীতির্হি মম জায়তে ॥৫২॥
তৌ প্রহস্য হৃষীকেশং মহাদর্পৌ মহাবলৌ ।
প্রত্যব্রূতাং মহারাজ ! সহিতৌ মধুসূদনম্ ॥৫৩॥

ভারতকৌমুদী

বিস্ময় ইতি। পিতামহং ব্রহ্মাণম্। পদ্মে বৃহৎপ্রাণিস্থিতেরেব বিস্ময়ঃ ॥৪৯॥

বীতি। বিত্রাসয়েতাং ভক্ষণোদ্যমেন বিশেষেণ ত্রাসিতবন্তৌ। অবুধ্যত জাগরিতোঽভবৎ। অথ মার্কণ্ডেয়পুরাণীয়দেবীমাহাত্ম্যে বিভ্যতো ব্রহ্মণঃ স্তবেন নিদ্রারূপায়া দেব্যা অপসরণাদ্বিষ্ণোর্জাগরণমুক্তম্, অত্র তু পদ্মনালকম্পনেনেতি বিরোধ ইতি চেন্ন, স্তবকালে ব্রহ্মণো ভয়াকুলতয়া স্বদেহকম্পনেনৈব পদ্মনালকম্পনোপস্থিতেঃ কল্পভেদে ঘটনাদ্বৈবিধ্যাদ্বা ॥৫০—৫১॥

দৃষ্ট্বেতি। দেবো বিষ্ণুঃ। বাং যুবয়োঃ ॥৫২॥

মহাবীর দুইটা দানব দেখিল মহাতেজা জগদীশ্বর নারায়ণ, বহু যোজনবিস্তীর্ণ এবং বহু যোজনদীর্ঘ অনন্তনাগের শরীররূপ দিব্য শয্যায় শয়ন করিয়া রহিয়াছেন; তাঁহার মস্তকে কিরীট, বক্ষে কৌস্তুভমণি এবং পরিধানে পীতবর্ণ পট্টবস্ত্র রহিয়াছে এবং তিনি শোভা, তেজ ও দেহদ্বারা দীপ্তি পাইতেছেন; আর তিনি সহস্র সূর্য্যের ন্যায় উজ্জ্বল এবং অদ্ভুতদৃশ্য হইয়া রহিয়াছেন ॥৪৬—৪৮॥

এহেন নারায়ণকে এবং পদ্মে পদ্মনয়ন ব্রহ্মাকে দেখিয়া মধু ও কৈটভের অত্যন্ত বিস্ময় হইল ॥৪৯॥

তাহার পর তাহারা ব্রহ্মাকে ভক্ষণ করিবার উদ্যম করিয়া তাঁহাকে সন্ত্রস্ত করিল; তখন ব্রহ্মা তাহাদের দ্বারা সন্ত্রস্ত হইতে থাকিয়া পদ্মের নাল কম্পিত করিলেন; তৎপরে বিষ্ণু জাগরিত হইলেন এবং জাগরিত হইয়া মহাবল দানব দুইটাকে দেখিতে পাইলেন ॥৫০—৫১॥

তাহাদিগকে দেখিয়া বিষ্ণু বলিলেন—"মহাবল দানবযুগল ! তোমাদের সুখে আগমন হইয়াছে ত? তোমাদের উপরে আমার প্রীতি জন্মিয়াছে; সুতরাং আমি তোমাদিগকে উৎকৃষ্ট বর দান করিব" ॥৫২॥

আবাং বরয় দেব ! ত্বং বরদৌ স্বঃ সুরোত্তম ! ।
দাতারৌ স্বো বরং তুভ্যং তদ্‌ব্রবীহ্যবিচারয়ন্ ॥৫৪॥
ভগবানুবাচ।
প্রতিগৃহ্ণে বরং বীরাবীপ্সিতশ্চ বরো মম।
যুবাং হি বীর্য্যসম্পন্নৌ ন বামস্তি সমঃ পুমান্ ॥৫৫॥
বধ্যত্বমুপগচ্ছেতাং মম সত্যপরাক্রমৌ ! ।
এতদিচ্ছাম্যহং কামং প্রাপ্তুং লোকহিতায় বৈ ॥৫৬॥
মধুকৈটভাবূচতুঃ।
অনৃতং নোক্তপূর্ব্বং নৌ স্বৈরেষ্বপি কুতোঽন্যথা।
সত্যে ধর্ম্মে চ নিরতৌ বিদ্ধ্যাবাং পুরুষোত্তম ! ॥৫৭॥
বলে রূপে চ শৌর্য্যে চ শমে চ ন সমোঽস্তি নৌ।
ধর্ম্মে তপসি দানে চ শীলসত্ত্বদমেষু চ ॥৫৮॥

ভারতকৌমুদী

তাবিতি। সহিতৌ মিলিতৌ সন্তৌ ॥৫৩॥
আবামিতি। বরয় যাচস্ব। স্বো ভবাবঃ ॥৫৪॥
প্রতীতি। হে বীরৌ ! । বাং যুবয়োঃ, সমো বলবত্ত্বে সমানঃ ॥৫৫॥
বধ্যত্বমিতি। উপগচ্ছেতাং প্রাপ্নুতম্। কামম্ অভীষ্টম্ ॥৫৬॥
অনৃতমিতি। নৌ আবাভ্যাম্, স্বৈরেষ্বপি স্বচ্ছন্দব্যবহারেষ্বপি ॥৫৭॥
বল ইতি। শমে অন্তরিন্দ্রিয়নিগ্রহে। সত্ত্বং সাধুত্বম্, দমো বহিরিন্দ্রিয়নিগ্রহঃ ॥৫৮॥

মহারাজ ! তখন মহাদর্প ও মহাবল সেই দানবেরা হাস্য করিয়া সম্মিলিতভাবে বিষ্ণুকে বলিল—॥৫৩॥

"দেবশ্রেষ্ঠ বিষ্ণু ! তুমিই আমাদের নিকট বর প্রার্থনা কর ; আমরা বরদাতা ; সুতরাং তোমাকে বর দান করিব। তুমি বিশেষ বিবেচনা না করিয়া তাহা বল" ॥৫৪॥

বিষ্ণু বলিলেন—"বীরদ্বয় ! আমিই বর গ্রহণ করিব, বর আমার অভীষ্ট। তোমরা বলবান্, বলে তোমাদের তুল্য পুরুষ নাই ॥৫৫॥

হে সত্যপরাক্রম বীরদ্বয় ! আমি জগতের হিতের জন্য এই বর লাভ করিতে ইচ্ছা করি যে, তোমরা আমার বধ্য হও" ॥৫৬॥

তখন মধু ও কৈটভ বলিল—"পুরুষোত্তম ! আমরা পূর্ব্বে ইচ্ছানুরূপ ব্যবহারের সময়েও মিথ্যা বলি নাই ; অন্য সময়ে কি করিয়া বলিব ; সুতরাং তুমি আমাদিগকে সত্যধর্ম্মে নিরত বলিয়া মনে কর ॥৫৭॥

উপপ্লবো মহানস্মানুপাবর্ত্তত কেশব ! ।
উক্তং প্রতিকুরুষ্ব ত্বং কালো হি দুরতিক্রমঃ ॥৫৯॥
আবামিচ্ছাবহে দেব ! কৃতমেকং ত্বয়া বিভো ! ।
অনাবৃতেঽবকাশে ত্বং জহ্যাবাং সুরসত্তম ! ॥৬০॥
পুত্রত্বমধিগচ্ছাবস্তব চাপি সুলোচন ! ।
বর এষ বৃতো দেব ! তদ্বিদ্ধি সুরসত্তম ! ॥৬১॥
অনৃতং মা ভবেদ্দেব ! যদ্ধি নৌ সংশ্রুতং তদা ।

ভগবানুবাচ ।

বাঢ়মেবং করিষ্যামি সর্ব্বমেতদ্ভবিষ্যতি ॥৬২॥

মার্কণ্ডেয় উবাচ ।

বিচিন্ত্য ত্বথ গোবিন্দো নাপশ্যদ্‌যদনাবৃতম্ ।
অবকাশং পৃথিব্যাং বা দিবি বা মধুসূদনঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

উপেতি। উপপ্লবো বাসস্থানাভাবরূপ উৎপাতঃ। উক্তম্ আবয়োর্বধম্ ॥৫৯॥

আবামিতি। অবকাশে স্থলে। তদানীঞ্চ স্থলাভাবাদিদং তয়োশ্চাতুর্য্যং বোধ্যম্ ॥৬০॥

পুত্রত্বমিতি। বিষ্ণুনাপি বরদানেচ্ছাপ্রকাশাত্তয়োরিয়ং প্রার্থনেতি জ্ঞেয়ম্ ॥৬১॥

অনৃতমিতি। তদা নৌ আবয়োঃ সম্বন্ধে, যদ্ধি সংশ্রুতং ত্বয়া প্রতিশ্রুতম্, তদাবয়োর্হননম্, অনৃতং মিথ্যা মা ভবেৎ, অনাবৃতে স্থল এবাবাং জহীত্যর্থঃ। বাঢ়মবশ্যম্ ॥৬২॥

বল, রূপ, বীরত্ব, মনঃসংযম, ধর্ম্ম, তপস্যা, দান, সচ্চরিত্র, সাধুতা ও বহিরিন্দ্রিয় সংযমে আমাদের সমান অন্য কেহই নাই ॥৫৮॥

কিন্তু কেশব ! আমাদের গুরুতর উৎপাত উপস্থিত হইয়াছে ; অতএব তুমি যাহা বলিয়াছ, তাহা (আমাদের বধ) সত্বর কর। কারণ, কালের অতিক্রম করা দুষ্কর ॥৫৯॥

দেব ! প্রভু ! আমরা ইচ্ছা করি—তুমি একটা কার্য্য কর ; হে সুরশ্রেষ্ঠ ! তুমি আমাদিগকে কোন অনাবৃতস্থানে বধ কর ॥৬০॥

পদ্মনয়ন দেব ! আমরাও এই বর প্রার্থনা করি যে, আমরা তোমার পুত্র হইব ; দেবশ্রেষ্ঠ ! তুমি ইহা জানিয়া রাখ ॥৬১॥

আর, দেব ! তুমি তখন আমাদের নিকট যাহা প্রতিশ্রুত হইয়াছ, তাহা যেন মিথ্যা হয় না"। বিষ্ণু বলিলেন—"নিশ্চয়ই এইরূপ করিব এবং এ সমস্তই হইবে" ॥৬২॥

(৬০)···অনাবৃতেঽস্মিন্নাকাশে বধং সুরবরোত্তম !—বা ব কা পি।

স্বকাবনাবৃতাবূরূ দৃষ্ট্বা দেববরস্তদা।
মধুকৈটভয়ো রাজন্! শিরসী মধুসূদনঃ।
চক্রেণ শিতধারেণ ন্যকৃন্তত মহাযশাঃ ॥৬৪॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং ধুন্ধুমারোপাখ্যানে দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—ঃ*ঃ—

ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

মার্কণ্ডেয় উবাচ।

ধুন্ধুর্নাম মহারাজ! তয়োঃ পুত্রো মহাদ্যুতিঃ।
স তপোঽতপ্যত মহন্মহাবীর্য্যপরাক্রমঃ ॥১॥

ভারতকৌমুদী

বিচিন্ত্যেতি। যৎ যদা। অবকাশং স্থলং নাপশ্যৎ, একার্ণবরূপত্বাৎ। ঊরূ ঊরুযুগলম্, তয়োশ্চ পার্থিবত্বাৎ স্থলত্বম্। ন্যকৃন্তত অচ্ছিনৎ। অত্র দেবীমাহাত্ম্যেন সামঞ্জস্যমূহ্যম্। ষট্-পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৩—৬৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

ধুন্ধুরিতি। তয়োর্মধুকৈটভয়োঃ। একস্য দ্বয়োঃ পুত্রত্বানুপপত্তেরয়ং দ্ব্যামুষ্যায়ণো নাম পুত্র ইতি মন্তব্যম্। তথা চ 'তব ক্ষেত্রং মম বীজম, অত্র যদপত্যং তদাবয়োরুভয়োরেব ভবিষ্যতি' ইতি নির্দ্ধারণপূর্ব্বকমুৎপাদিতঃ পুত্রো দ্ব্যামুষ্যায়ণঃ। এতদ্বিস্তরস্তু দত্তকচন্দ্রিকাদৌ দ্রষ্টব্যঃ ॥১॥

ভারতভাবদীপঃ

ধুন্ধুরিতি ॥১—৪৩॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৩॥

মার্কণ্ডেয় বলিলেন—"রাজা! তাহার পর মহাযশা বিষ্ণু চিন্তা করিয়াও যখন পৃথিবীতে বা স্বর্গে অনাবৃত স্থান দেখিলেন না, তখন নিজের ঊরুযুগলকে অনাবৃত দেখিয়া (তাহার উপরে রাখিয়া) শিতধার চক্রদ্বারা মধু ও কৈটভের মস্তকদ্বয় ছেদন করিলেন" ॥৬৩—৬৪॥

---

* '...অষ্টনবত্যধিকশততমঃ...'—পি, '...দ্ব্যধিকদ্বিশততমঃ...'—বা ব, '...ত্র্যধিক-দ্বিশততমঃ...'—কা, '...ষড়ধিকদ্বিশততমঃ...'—নি।

অতিষ্ঠদেকপাদেন কৃশো ধমনিসন্ততঃ।
তস্মৈ ব্রহ্মা দদৌ প্রীতো বরং বব্রে স চ প্রভুম্ ॥২॥
দেবদানবযক্ষাণাং সর্পগন্ধর্ব্বরক্ষসাম্।
অবধ্যোঽহং ভবেয়ং বৈ বর এষ বৃতো ময়া ॥৩॥
এবং ভবতু গচ্ছেতি তমুবাচ পিতামহঃ।
স এবমুক্তস্তৎপাদৌ মূর্দ্ধ্না স্পৃশ্য জগাম হ ॥৪॥
স তু ধুন্ধুর্বরং লব্ধা মহাবীর্য্যপরাক্রমঃ।
অনুস্মরন্ পিতৃবধং দ্রুতং বিষ্ণুমুপাগমৎ ॥৫॥
স তু দেবান্ সগন্ধর্ব্বান্ জিত্বা ধুন্ধুরমর্ষণঃ।
ববাধ সর্ব্বানসকৃদ্বিষ্ণুং দেবাংশ্চ বৈ ভৃশম্ ॥৬॥
সমুদ্রে বালুকাপূর্ণ উজ্জ্বালক ইতি স্মৃতে।
আগম্য চ স দুষ্টাত্মা তং দেশং ভরতর্ষভ !।
বাধতে স্ম পরং শক্ত্যা তমুতঙ্কাশ্রমং বিভো ! ॥৭॥

ভারতকৌমুদী

অতিষ্ঠদিতি। ধমনিসন্তত উপবাসেন মাংসক্ষয়াৎ শিরাব্যাপ্তদেহঃ ॥২॥
কোঽসৌ বর ইত্যাহ—দেবেতি। সর্পা নাগাঃ। বৃতো যাচিতঃ ॥৩॥
এবমিতি। পিতামহো ব্রহ্মা। তস্য পিতামহস্য পাদৌ ॥৪॥
স ইতি। উপাগমৎ তং হন্তুমিতি শেষঃ ॥৫॥
স ইতি। অমর্ষণঃ ক্ষমারহিতঃ। ববাধ পীড়য়ামাস ॥৬॥

মার্কণ্ডেয় বলিলেন—"মহারাজ! সেই মধু ও কৈটভের পুত্র, মহাতেজ, মহাবীর্য্য ও মহাপরাক্রমশালী ধুন্ধু গুরুতর তপস্যা করিয়াছিল ॥১॥

সে কৃশ ও শিরাব্যাপ্তদেহ হইয়া একচরণে অবস্থান করিয়াছিল; তখন ব্রহ্মা সন্তুষ্ট হইয়া তাহাকে বর দিয়াছিলেন, সেও প্রার্থনা করিয়াছিল—॥২॥

"আমি—দেব, দানব, যক্ষ, গন্ধর্ব্ব, নাগ ও রাক্ষসগণের অবধ্য হইব; এই বর প্রার্থনা করিলাম" ॥৩॥

তখন ব্রহ্মা বলিলেন—"এইরূপই হইবে, যাও"। ব্রহ্মা এইরূপ বলিলে, ধুন্ধু মস্তকদ্বারা তাঁহার চরণস্পর্শ করিয়া চলিয়া গেল ॥৪॥

মহাবল-পরাক্রমশালী ধুন্ধু বর পাইয়া পিতৃবধ স্মরণ করিয়া সত্বরই বিষ্ণুর নিকট উপস্থিত হইল ॥৫॥

ক্রমে ক্ষমাহীন ধুন্ধু গন্ধর্ব্বগণের সহিত দেবগণকে জয় করিয়া সকল দেবতা ও বিষ্ণুকে বার বার অত্যন্ত উৎপীড়ন করিতে লাগিল ॥৬॥

অন্তর্ভূমিগতস্তত্র বালুকান্তর্হিতস্তথা।
মধুকৈটভয়োঃ পুত্রো ধুন্ধুর্ভীমপরাক্রমঃ ॥৮॥
শেতে লোকবিনাশায় তপোবলমুপাশ্রিতঃ।
উতঙ্কস্যাশ্রমাভ্যাসে নিশ্বসন্ পাবকার্চ্চিষঃ ॥৯॥ (যুগ্মকম্)
এতস্মিন্নেব কালে তু রাজা সবলবাহনঃ।
কুবলাশ্বো নরপতিরন্বিতো বলশালিনাম্ ॥১০॥
সহস্রৈরেকবিংশত্যা পুত্রাণামরিমর্দ্দনঃ।
প্রায়াদুতঙ্কসহিতো ধুন্ধোস্তস্য বধায় বৈ ॥১১॥ (যুগ্মকম্)
তমাবিশত্ততো বিষ্ণুর্ভগবাংস্তেজসা প্রভুঃ।
উতঙ্কস্য নিয়োগেন লোকানাং হিতকাম্যয়া ॥১২॥

ভারতকৌমুদী

সমুদ্র ইতি। উজ্জালক ইতি নাম্না। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

অন্তরিতি। বালুকান্তর্হিতত্বেনৈব অন্তর্ভূমিগতো ভূম্যভ্যন্তরস্থিতঃ। তপোবলোপাশ্রয়াদেব তাদৃশশয়নসম্ভব ইতি ভাবঃ। পাবকার্চ্চিষো নিশ্বসন্ নিশ্বাসেনোদ্গিরন্ ॥৮—৯॥

এতস্মিন্নিতি। বলবাহনৈঃ সহেতি সবলবাহনঃ। আত্মন এব পুত্রাণাম্ ॥১০—১১॥

তমিতি। তমাবিশৎ কুবলাশ্বদেহে প্রাবিশৎ। নিয়োগেনানুরোধেন ॥১২॥

ভরতশ্রেষ্ঠ! দুরাত্মা ধুন্ধু ক্রমে 'উজ্জালক'-নামক বালুকাপূর্ণ সমুদ্রে আসিয়া সেই দেশ এবং সেই উতঙ্কের আশ্রমকে বলপূর্ব্বক অত্যন্ত উৎপীড়িত করিতে থাকিল ॥৭॥

মধু ও কৈটভের পুত্র ভয়ঙ্কর পরাক্রমশালী ধুন্ধু তপস্যার প্রভাবে সেই দেশে উতঙ্কের আশ্রমের নিকটে ভূমির ভিতরে বালুকায় অন্তর্হিত হইয়া লোকবিনাশের জন্য নিশ্বাসবায়ুদ্বারা অগ্নিশিখা নিঃসারণ করিতে থাকিয়া শয়ন করিয়া রহিল ॥৮—৯

এই সময়েই শত্রুদমনকারী কুবলাশ্বরাজা বলশালী স্বকীয় একবিংশতিসহস্র পুত্র এবং অন্যান্য বল-বাহনের সহিত মিলিত হইয়া উতঙ্ককে সঙ্গে লইয়া সেই ধুন্ধুর বধের জন্য প্রস্থান করিলেন ॥১০—১১॥

তাহার পর ভগবান্ প্রভু নারায়ণ উতঙ্কের অনুরোধে জগতের হিতের জন্য কুবলাশ্বের দেহে প্রবেশ করিলেন ॥১২॥

---

(১০) অত্র 'এতস্মিন্নেব কালে তু রাজা সবলবাহনঃ। উতঙ্কবিপ্রসহিতঃ কুবলাশ্বো মহীপতিঃ। পুত্রৈঃ সহ মহীপাল! প্রযযৌ ভরতর্ষভ!॥ সহস্রৈরেকবিংশত্যা পুত্রাণামরিমর্দ্দনঃ। কুবলাশ্বো নরপতিরন্বিতো বলশালিনাম্ ॥'—বা ব কা পি।

তস্মিন্ প্রয়াতে দুর্দ্ধর্ষে দিবি শব্দো মহানভূৎ।
এষ শ্রীমান্ নৃপসুতো ধুন্ধুমারো ভবিষ্যতি ॥১৩॥
দিব্যৈশ্চ পুষ্পৈস্তং দেবাঃ সমন্তাৎ পর্য্যবাকিরন্।
দেবদুন্দুভয়শ্চাপি নেদুঃ স্বয়মনীরিতাঃ ॥১৪॥
শীতশ্চ বায়ুঃ প্রববৌ প্রয়াণে তস্য ধীমতঃ।
বিপাংসুলাং মহীং কুর্ব্বন্ ববর্ষ চ সুরেশ্বরঃ ॥১৫॥
অন্তরীক্ষে বিমানানি দেবতানাং যুধিষ্ঠির!।
তত্রৈব সমদৃশ্যন্ত ধুন্ধুর্যত্র মহাসুরঃ ॥১৬॥
কুবলাশ্বস্য ধুন্ধোশ্চ যুদ্ধং কৌতূহলান্বিতাঃ।
দেবগন্ধর্ব্বসহিতাঃ সমবৈক্ষন্ মহর্ষয়ঃ ॥১৭॥
নারায়ণেন কৌরব্য! তেজসাপ্যায়িতস্তদা।
স গতো নৃপতিঃ ক্ষিপ্রং পুত্রৈস্তৈঃ সর্ব্বতো দিশম্।
অর্ণবং খানয়ামাস কুবলাশ্বো মহীপতিঃ ॥১৮॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। ধুন্ধুং মারয়তীতি সঃ, ধুন্ধুহন্তা তন্নামকশ্চ তস্মাদেব ॥১৩॥

দিব্যৈরিতি। স্বয়ং নেদুঃ শব্দিতবন্তঃ, অনীরিতাঃ কেনাপ্যবাদিতাঃ ॥১৪॥

শীত ইতি। বিপাংসুলাং প্রচুরবর্ষণেনৈব ধূলিশূন্যাম্ ॥১৫॥

অন্তরীক্ষ ইতি। সমদৃশ্যন্ত তত্রত্যৈর্লোকৈরিতি শেষঃ ॥১৬॥

কুবলেতি। সমবৈক্ষন্ সমবেক্ষিতুমাগচ্ছন্ ॥১৭॥

নারেতি। আপ্যায়িতো বর্দ্ধিতঃ। অর্ণবং বালুকাসমুদ্রম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

দুর্দ্ধর্ষ কুবলাশ্বরাজা প্রস্থান করিলে, আকাশে এইরূপ বিশাল শব্দ হইল যে, "এই কুবলাশ্বরাজা ধুন্ধুমার (ধুন্ধুহন্তা ও ধুন্ধুমারনামা) হইবেন" ॥১৩॥

এবং দেবতারা কুবলাশ্বরাজার সকল দিকেই স্বর্গীয় পুষ্প বর্ষণ করিতে লাগিলেন; কেহ না বাজাইলেও আপনা-আপনিই দেবদুন্দুভিগুলি বাজিয়া উঠিল ॥১৪॥

আর কুবলাশ্বরাজার প্রস্থানের সময়ে শীতল বায়ু বহিতে হইতে থাকিল এবং দেবরাজ পৃথিবীকে ধূলিশূন্য করিয়া বর্ষণ করিতে লাগিলেন ॥১৫॥

যুধিষ্ঠির! মহাসুর ধুন্ধু যেখানে ছিল, সেইখানে আকাশে দেবগণের বিমান সকল দেখা যাইতে লাগিল ॥১৬॥

মহর্ষিরা কুবলাশ্ব ও ধুন্ধুর যুদ্ধ দেখিবার জন্য কৌতুকান্বিত হইয়া দেবগণ ও গন্ধর্ব্বগণের সহিত আগমন করিলেন ॥১৭॥

কুবলাশ্বস্য পুত্রৈশ্চ তস্মিন্ বৈ বালুকার্ণবে।
সপ্তভির্দিবসৈঃ খাত্বা দৃষ্টো ধুন্ধুর্মহাবলঃ ॥১৯॥
আসীদ্‌ঘোরং বপুস্তস্য বালুকান্তর্হিতং মহৎ।
দীপ্যমানং যথা সূর্য্যস্তেজসা ভরতর্ষভ! ॥২০॥
ততো ধুন্ধুর্মহারাজ! দিশমাবৃত্য পশ্চিমাম্।
সুপ্তোঽভূদ্রাজশার্দ্দূল! কালানলসমদ্যুতিঃ ॥২১॥
কুবলাশ্বস্য পুত্রৈস্তু সর্ব্বতঃ পরিবারিতঃ।
অভিদ্রুতঃ শরৈস্তীক্ষ্ণৈর্গদাভির্মুসলৈরপি ॥২২॥
পট্টিশৈঃ পরিঘৈঃ প্রাসৈঃ খড়্গৈশ্চ বিমলৈঃ শিতৈঃ।
স বধ্যমানঃ সংক্রুদ্ধঃ সমুত্তস্থৌ মহাবলঃ ॥২৩॥ (যুগ্মকম্)
ক্রুদ্ধশ্চাভক্ষয়ত্তেষাং শস্ত্রাণি বিবিধানি চ।
আস্যাদ্বমন্ পাবকং স সংবর্ত্তকসমং তদা ॥২৪॥

ভারতকৌমুদী

কুবলেতি। খাত্বা বালুকাঃ খনিত্বা অপসার্য্যেত্যর্থঃ ॥১৯॥
আসীদিতি। যথা সূর্য্যস্তথা তেজসা দীপ্যমানমাসীদিতি সম্বন্ধঃ ॥২০॥
তত ইতি। বালুকার্ণবস্য পশ্চিমাং দিশমাবৃত্য ব্যাপ্য। অভূদাসীৎ ॥২১॥
কুবলেতি। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ। বধ্যমানঃ প্রহ্রিয়মাণঃ ॥২২—২৩॥

কুরুনন্দন! তখন কুবলাশ্বরাজা নারায়ণের তেজে পরিবর্দ্ধিত হইয়া সত্বর সে স্থানে উপস্থিত হইলেন এবং সেই পুত্রগণদ্বারা বালুকাসমুদ্রের সকল দিক্ খনন করাইতে লাগিলেন ॥১৮॥

কুবলাশ্বরাজার পুত্রেরা সপ্তাহ যাবৎ খনন করিয়া সেই বালুকাসমুদ্রের ভিতরে মহাবল ধুন্ধুকে দেখিতে পাইল ॥১৯॥

ভরতশ্রেষ্ঠ! ধুন্ধুর ভয়ঙ্কর ও বিশাল শরীর বালুকার ভিতরে তেজ দ্বারা সূর্য্যের ন্যায় দীপ্তিমান্ ছিল ॥২০॥

মহারাজ! প্রলয়কালের অগ্নির ন্যায় দীপ্তিমান্ ধুন্ধু তখন সেই বালুকাসমুদ্রের পশ্চিম দিক্ ব্যাপ্ত করিয়া নিদ্রিত ছিল ॥২১॥

তখন কুবলাশ্বের পুত্রেরা তাহার সকল দিক্ পরিবেষ্টনপূর্ব্বক ধাবিত হইয়া যাইয়া তীক্ষ্ণ বাণ, গদা, মুসল, পট্টিশ, পরিঘ, প্রাস এবং নির্ম্মল ও সুধার তরবারিদ্বারা আঘাত করিতে লাগিল; তখন মহাবল ধুন্ধু অত্যন্ত ক্রুদ্ধ হইয়া গাত্রোত্থান করিল ॥২২—২৩॥

(২০)...দীপ্যমানং যথা সূর্য্যম্—বা ব কা।

তান্ সর্ব্বান্ নৃপতেঃ পুত্রানদহৎ স্বেন তেজসা।
মুখজেনাগ্নিনা ক্রুদ্ধো লোকানুদ্বর্ত্তয়ন্নিব ॥২৫॥
ক্ষণেন রাজশার্দ্দূল! পুরেব কপিলঃ প্রভুঃ।
সগরস্যাত্মজান্ ক্রুদ্ধস্তদদ্ভুতমিবাভবৎ ॥২৬॥ (যুগ্মকম্)
তেষু ক্রোধাগ্নিদগ্ধেষু তদা ভরতসত্তম!।
তং প্রবুদ্ধং মহাত্মানং কুম্ভকর্ণমিবাপরম্।
আসসাদ মহাতেজাঃ কুবলাশ্বো মহীপতিঃ ॥২৭॥
তস্য বারি মহারাজ! সুস্রাব বহু দেহতঃ।
তদাঽপীয়ত তত্তেজো রাজা বারিময়ং নৃপ! ॥২৮॥
যোগী যোগেন বহ্নিঞ্চ শময়ামাস বারিণা।
ব্রহ্মাস্ত্রেণ চ রাজেন্দ্র! দৈত্যং ক্রূরপরাক্রমম্।
দদাহ ভরতশ্রেষ্ঠ! সর্ব্বলোকাভয়ায় বৈ ॥২৯॥

ভারতকৌমুদী

ক্রুদ্ধ ইতি। আস্যাদ্বদনাৎ, পাবকমগ্নিম্, সংবর্ত্তকসমং প্রলয়াগ্নিতুল্যম্ ॥২৪॥

তানিতি। উদ্বর্ত্তয়ন্ উৎসাদয়ন্। প্রভুঃ তপঃপ্রভাবশালী ॥২৫—২৬॥

তেম্বিতি। প্রবুদ্ধং জাগরিতম্। আসসাদ প্রাপ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৭॥

তস্যেতি। তস্য ধুন্ধোঃ। অপীয়তেতি "পীঙ্ পানে" ইতি দৈবাদিকাত্মনেপদিনঃ পীধাতোর্ল্লঙন্তাং প্রয়োগঃ। রাজা কুবলাশ্বঃ, বারিময়ং তত্তেজো ধুন্ধোস্তেজঃ ॥২৮॥

এবং তখনই ধুন্ধু ক্রুদ্ধ হইয়া মুখ হইতে প্রলয়াগ্নির তুল্য অগ্নি উদগার করিতে থাকিয়া কুবলাশ্বের পুত্রগণের নানাবিধ অস্ত্র ভক্ষণ করিয়া ফেলিল ॥২৪॥

এবং পূর্ব্বকালে তপঃপ্রভাবশালী মহর্ষি কপিল ক্রুদ্ধ হইয়া সগরের পুত্রগণকে যেমন দগ্ধ করিয়াছিলেন, তেমন ক্রুদ্ধ ধুন্ধু আপন প্রভাবে সমস্ত জগৎ উৎসন্ন করিতে প্রবৃত্ত হইয়াই যেন মুখনির্গত অগ্নিদ্বারা কুবলাশ্বের সকল পুত্রকে দগ্ধ করিয়া ফেলিল। তাহা যেন অদ্ভুতের ন্যায় হইল ॥২৫—২৬॥

ভরতশ্রেষ্ঠ! কুবলাশ্বের পুত্রেরা ধুন্ধুর ক্রোধাগ্নিতে দগ্ধ হইলে মহাতেজা কুবলাশ্বরাজা অপর কুম্ভকর্ণের ন্যায় জাগরিত ধুন্ধুর নিকটে উপস্থিত হইলেন ॥২৭॥

মহারাজ! তখন ধুন্ধুর দেহ হইতে প্রচুর জলস্রাব হইতে লাগিল; কিন্তু কুবলাশ্বরাজা সেই জলময় ধুন্ধুর তেজ পান করিয়া ফেলিলেন ॥২৮॥

সোঽস্ত্রেণ দগ্ধ্বা রাজর্ষিঃ কুবলাশ্বো মহাসুরম্।
সুরশত্রুমমিত্রঘ্নং ত্রৈলোক্যেশ ইবাপরঃ ॥৩০॥
ধুন্ধোর্বধাত্তদা রাজা কুবলাশ্বো মহামনাঃ।
ধুন্ধুমার ইতি খ্যাতো নাম্নাঽপ্রতিরথোঽভবৎ ॥৩১॥ (যুগ্মকম্)
প্রীতৈশ্চ ত্রিদশৈঃ সর্ব্বৈর্মহর্ষিসহিতৈস্তদা।
বরং বৃণীষ্বেত্যুক্তঃ স প্রাঞ্জলিঃ প্রণতস্তদা ॥৩২॥
অতীবমুদিতো রাজন্নিদং বচনমব্রবীৎ।
দদ্যাং বিত্তং দ্বিজাগ্র্যেভ্যঃ শত্রূণাঞ্চাপি দুর্জ্জয়ঃ ॥৩৩॥
সখ্যঞ্চ বিষ্ণুনা মে স্যাদ্ভূতেষ্বদ্রোহ এব চ।
ধর্ম্মে রতিশ্চ সততং স্বর্গে বাসস্তথাঽক্ষয়ঃ ॥৩৪॥ (বিশেষকম্)
তথাঽস্ত্বিতি ততো দেবৈঃ প্রীতৈরুক্তঃ স পার্থিবঃ।
ঋষিভিশ্চ সগন্ধর্ব্বৈরুতঙ্কেন চ ধীমতা ॥৩৫॥

ভারতকৌমুদী

যোগীতি। যোগী যোগপ্রভাবশালী রাজা, বারিণা বারুণাস্ত্রেণ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥
স ইতি। ত্রৈলোক্যেশো নারায়ণঃ। ধুন্ধুং মারয়তীতি সঃ ॥৩০—৩১॥
প্রীতৈরিতি। ত্রিদশৈর্দেবৈঃ। দুর্জ্জয়ো ভবেয়ম্। রতিরনুরাগঃ ॥৩২—৩৪॥
তথেতি। স পার্থিবঃ কুবলাশ্বঃ ॥৩৫॥

এবং যোগপ্রভাবশালী কুবলাশ্বরাজা যোগবলে জলদ্বারা ধুন্ধুর মুখস্থিত অগ্নি নির্ব্বাপিত করিলেন, আর সমস্ত লোককে নির্ভয় দিবার জন্য ব্রহ্মাস্ত্রদ্বারা ভয়ঙ্কর পরাক্রমশালী ধুন্ধুদৈত্যকে দগ্ধ করিয়া ফেলিলেন ॥২৯॥

রাজর্ষি কুবলাশ্ব, দেবশত্রু ও শত্রুহন্তা মহাসুর ধুন্ধুকে ব্রহ্মাস্ত্রদ্বারা দগ্ধ করিয়া দ্বিতীয় নারায়ণের ন্যায় শোভা পাইতে লাগিলেন এবং মহামনা কুবলাশ্বরাজা তখন ধুন্ধুকে বধ করায় জগতে 'অপ্রতিরথ' ও 'ধুন্ধুমার'—এই নামদ্বারা বিখ্যাত হইলেন ॥৩০—৩১॥

রাজা! তখন মহর্ষিগণের সহিত দেবতারা সকলেই সন্তুষ্ট হইয়া বলিলেন— "রাজা! আপনি বর গ্রহণ করুন"। তখন কুবলাশ্বরাজা কৃতাঞ্জলি, অবনত ও অত্যন্ত আনন্দিত হইয়া এই কথা বলিলেন—"আমি যেন ব্রাহ্মণদিগকে ধন দান করিতে পারি, শত্রুদের পক্ষে যেন দুর্জ্জয় হই, বিষ্ণুর সহিত যেন আমার সখিত্ব হয়, প্রাণীদের উপর যেন দ্রোহ হয় না, সর্ব্বদা ধর্ম্মে যেন অনুরাগ থাকে এবং অন্তিমে যেন অক্ষয় স্বর্গবাস হয় ॥৩২—৩৪॥

সম্ভাষ্য চৈনং বিবিধৈরাশীর্ব্বাদৈস্ততো নৃপ ! ।
দেবা মহর্ষয়শ্চাপি স্বানি স্থানানি ভেজিরে ॥৩৬॥
তস্য পুত্রাস্ত্রয়ঃ শিষ্টা যুধিষ্ঠির ! তদাঽভবন্ ।
দৃঢ়াশ্বঃ কপিলাশ্বশ্চ চণ্ডাশ্বশ্চৈব ভারত ! ॥৩৭॥
তেভ্যঃ পরম্পরা রাজন্ ! ইক্ষ্বাকূণাং মহাত্মনাম্ ।
বংশস্য সুমহাভাগ ! রাজ্ঞামমিততেজসাম্ ॥৩৮॥
এবং স নিহতস্তেন কুবলাশ্বেন সত্তম ! ।
ধুন্ধুর্নাম মহাদৈত্যো মধুকৈটভয়োঃ সুতঃ ॥৩৯॥
কুবলাশ্বশ্চ নৃপতির্ধুন্ধুমার ইতি স্মৃতঃ ।
নাম্না চ গুণসংযুক্তস্তদা প্রভৃতি সোঽভবৎ ॥৪০॥
এতত্তে সর্ব্বমাখ্যাতং যন্মাং ত্বং পরিপৃচ্ছসি ।
ধৌন্ধুমারমুপাখ্যানং প্রথিতং যস্য কর্ম্মণা ॥৪১॥

ভারতকৌমুদী

সম্ভাষ্যেতি। সম্ভাষ্য সম্ভাষয়া সংবর্দ্ধ্য। ভেজিরে জগ্মুঃ ॥৩৬॥
তস্যেতি। তস্য কুবলাশ্বস্য। শিষ্টা অবশিষ্টাঃ ॥৩৭॥
তেভ্য ইতি। তেভ্যো দৃঢ়াশ্বাদিভ্যঃ, ইক্ষ্বাকূণাং বংশস্য পরম্পরা ধারা স্থিতা ॥৩৮॥
এবমিতি। হে সত্তম ! সাধুশ্রেষ্ঠ যুধিষ্ঠির ! ॥৩৯॥
কুবলেতি। স্মৃতো লোকে খ্যাতঃ। গুণসংযুক্তঃ শৌর্য্যাদিগুণবান্ ॥৪০॥
এতদিতি। যস্য কুবলাশ্বাদেঃ, কর্ম্মণা যুদ্ধাদিনা ॥৪১॥

তাহার পর দেবগণ, ঋষিগণ, গন্ধর্ব্বগণ ও জ্ঞানী উতঙ্কমুনি সন্তুষ্ট হইয়া কুবলাশ্বকে বলিলেন—"তাহাই হইবে" ॥৩৫॥

রাজা ! তদনন্তর দেবতারা ও মহর্ষিরা নানাবিধ আশীর্ব্বাদদ্বারা কুবলাশ্ব-রাজাকে সংবর্দ্ধিত করিয়া স্ব স্ব স্থানে চলিয়া গেলেন ॥৩৬॥

ভরতনন্দন যুধিষ্ঠির ! তখন দৃঢ়াশ্ব, কপিলাশ্ব ও চণ্ডাশ্বনামে তিনটী পুত্র মাত্র কুবলাশ্বরাজার অবশিষ্ট ছিল ॥৩৭॥

মহাভাগ রাজা ! অমিততেজা ও মহাত্মা ইক্ষ্বাকুবংশীয় রাজগণের বংশের ধারা সেই দৃঢ়াশ্বপ্রভৃতি হইতেই রহিয়া গিয়াছে ॥৩৮॥

সাধুশ্রেষ্ঠ ! সেই কুবলাশ্বরাজা এইভাবে সেই মধু-কৈটভের পুত্র মহাদৈত্য ধুন্ধুকে বধ করিয়াছিলেন ॥৩৯॥

এবং সেই গুণবান্ কুবলাশ্বরাজা তদবধি 'ধুন্ধুমার'—এই নামে জগতে প্রসিদ্ধ হইয়া গিয়াছেন ॥৪০॥

ইদন্তু পুণ্যমাখ্যানং বিষ্ণোঃ সমনুকীর্ত্তনম্।
শৃণুয়াদ্‌যঃ স ধর্ম্মাত্মা পুত্রবাংশ্চ ভবেন্নরঃ ॥৪২॥
আয়ুষ্মান্ ভূতিমাংশ্চৈব শ্রুত্বা ভবতি পর্ব্বসু।
ন চ ব্যাধিভয়ং কিঞ্চিৎ প্রাপ্নোতি বিগতজ্বরঃ ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং ধুন্ধুমারোপাখ্যানে ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

চতুঃসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।
ততো যুধিষ্ঠিরো রাজা মার্কণ্ডেয়ং মহামুনিম্।
পপ্রচ্ছ ভরতশ্রেষ্ঠ! ধর্ম্মপ্রশ্নং সুদুর্বচম্ ॥১॥

ভারতকৌমুদী

ইদমিতি। পুণ্যং পুণ্যজনকম্। বিষ্ণোঃ সম্যক্ অনুকীর্ত্তনং যত্র তৎ ॥৪২॥

আয়ুষ্মানিতি। ভূতিমান্ ধনাদিসম্পত্তিমান্, পর্ব্বসু সংক্রান্ত্যাদিষু ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

যুধিষ্ঠির! তুমি আমার নিকট যাহা জিজ্ঞাসা করিয়াছিলে এবং যাঁহার কার্য্য অনুসারে ধুন্ধুমারের উপাখ্যান প্রসিদ্ধ হইয়াছে, এই তোমার নিকট সেই সমস্ত সন্তাপবৃত্তান্ত বলিলাম ॥৪১॥

যে লোক এই বিষ্ণুচরিত্রসমন্বিত পুণ্য উপাখ্যান শ্রবণ করে, সে লোক ধার্ম্মিক ও পুত্রবান্ হয় ॥৪২॥

মানুষ পর্ব্বকালে এই উপাখ্যান শুনিয়া দীর্ঘায়ু ও ধনসম্পত্তিশালী হয় এবং সন্তাপ বিহীন হইয়া কোন রোগের ভয় পায় না” ॥৪৩॥

—:*:—

---

* ‘...নবনবত্যধিকশততমঃ...’—পি, ‘...ত্র্যধিকদ্বিশততমঃ...’—বা ব, ‘...চতুরধিকদ্বিশততমঃ...’—কা, ‘...সপ্তাধিকদ্বিশততমঃ...’—নি।

(১)...মার্কণ্ডেয়ং মহাদ্যুতিম্...ধর্ম্মপ্রশ্নং সুদুর্বিদম্—বা ব কা নি।

শ্রোতুমিচ্ছামি ভগবন্! স্ত্রীণাং মাহাত্ম্যমুত্তমম্।
কথ্যমানং ত্বয়া বিপ্র! সূক্ষ্মধর্ম্মঞ্চ তত্ত্বতঃ ॥২॥
প্রত্যক্ষমিহ বিপ্রর্ষে! দেবা দৃশ্যন্তি সত্তম!।
সূর্য্যাচন্দ্রমসৌ বায়ুঃ পৃথিবী বহ্নিরেব চ ॥৩॥
পিতা মাতা চ ভগবন্! গুরুরেব চ সত্তম!।
যচ্চান্যদ্দেববিহিতং তচ্চাপি ভৃগুনন্দন! ॥৪॥ (যুগ্মকম্)
মান্যা হি গুরবঃ সর্ব্বে একপত্ন্যস্তথা স্ত্রিয়ঃ।
পতিব্রতানাং শুশ্রূষা দুষ্করা প্রতিভাতি মে ॥৫॥
পতিব্রতানাং মাহাত্ম্যং বক্তুমর্হসি নঃ প্রভো!।
নিরুধ্য চেন্দ্রিয়গ্রামং মনঃ সংরুধ্য চানঘ! ॥৬॥
পতিং দৈবতবচ্চাপি চিন্তয়ন্ত্যঃ স্থিতা হি যাঃ।
ভগবন্! দুষ্করং ত্বেতৎ প্রতিভাতি মম প্রভো! ॥৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। পপ্রচ্ছ চকারেত্যর্থঃ। অতিদুঃখেনোচ্যত ইতি সুদুর্বচস্তম্ ॥১॥
শ্রোতুমিতি। সূক্ষ্মধর্ম্মঞ্চ স্ত্রীণামেব, তত্ত্বতো যাথার্থ্যেন ॥২॥
প্রত্যক্ষমিতি। দৃশ্যন্তি লোকৈদৃশ্যন্তে। দেবত্বেন বিহিতং দেববিহিতং বিগ্রহাদি ॥৩—৪॥
মান্যা ইতি। একঃ পতির্যাসাং তা একপত্ন্যঃ। পতিব্রতানাং তৎকর্ত্তৃকা ॥৫॥
পতীতি। নঃ অস্মান্। দৈবতবদ্দেবমিব। এতৎ পতিব্রতাকার্য্যম্ ॥৬—৭॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতশ্রেষ্ঠ জনমেজয়! তাহার পর রাজা যুধিষ্ঠির মহর্ষি মার্কণ্ডেয়ের নিকটে ধর্ম্মবিষয়ে কঠিন প্রশ্ন করিলেন—॥১॥

"ভগবন্! আপনি স্ত্রীলোকদিগের উত্তম মাহাত্ম্য ও সূক্ষ্ম ধর্ম্ম যথার্থরূপে বলুন, আমি তাহা শুনিতে ইচ্ছা করি ॥২॥

সাধুশ্রেষ্ঠ ব্রহ্মর্ষি! এই জগতে কতকগুলি দেবতাকে প্রত্যক্ষ দেখা যায় (যথা—) চন্দ্র, সূর্য্য, বায়ু, পৃথিবী, অগ্নি, পিতা, মাতা ও আচার্য্য। আর ভগবন্ সাধুশ্রেষ্ঠ ভৃগুনন্দন! দেবতারূপে অন্য যাহা নির্ম্মিত হয়, তাহাও প্রত্যক্ষ দেবতা (দেববিগ্রহ) ॥৩—৪॥

সমস্ত গুরুজন এবং একমাত্র পতিপরায়ণ স্ত্রীলোকগণ—এই উভয়ই পূজনীয়। কারণ, পতিব্রতারা যে পতির পরিচর্য্যা করেন, তাহা আমার নিকট দুষ্কর বলিয়াই বোধ হয় ॥৫॥

নিষ্পাপ প্রভু! যাঁহারা নয়নপ্রভৃতি ইন্দ্রিয়সমূহকে ও মনকে নিরুদ্ধ

মাতাপিত্রোশ্চ শুশ্রূষা স্ত্রীণাং ভর্ত্তরি চ দ্বিজ !।
স্ত্রীণাং ধর্ম্মাৎ সুঘোরাদ্ধি নান্যং পশ্যামি দুষ্করম্ ॥৮॥
সাধ্বাচারাঃ স্ত্রিয়ো ব্রহ্মন্! যৎ কুর্ব্বন্তি সদাদৃতাঃ।
দুষ্করং খলু কুর্ব্বন্তি পিতরং মাতরঞ্চ বৈ ॥৯॥
একপত্ন্যশ্চ যা নার্য্যো যাশ্চ সত্যং বদন্ত্যত।
কুক্ষিণা দশ মাসাংশ্চ গর্ভং সন্ধারয়ন্তি যাঃ ॥১০॥
নার্য্যঃ কালেন সম্ভূয় কিমদ্ভুততরং ততঃ।
সংশয়ং পরমং প্রাপ্য বেদনামতুলামপি ॥১১॥
প্রজায়ন্তে সুতান্ নার্য্যো দুঃখেন মহতা বিভো!।
পুষ্ণন্তি চাপি মহতা স্নেহেন দ্বিজপুঙ্গব! ॥১২॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

মাতেতি। শুশ্রূষা পুত্রকর্ত্তৃকা, ভর্ত্তরি স্ত্রীণাং শুশ্রূষা। ধর্ম্মাৎ পাতিব্রাত্যাৎ ॥৮॥

সাধ্বিতি। সদা আদৃতা আদরবত্যঃ। পিতরং মাতরঞ্চ প্রতি পুত্রা যৎ কুর্ব্বন্তি ॥৯॥

একেতি। এক এব পতির্যাসাং তা একপত্ন্যঃ। সম্ভূয় রজস্বলা ভূত্বা। সংশয়ং প্রসবকালে জীবনসন্দেহম্। প্রজায়ন্তে জনয়ন্তি। পুষ্ণন্তি সুতান্ ॥১০—১২॥

করিয়া পতিকে দেবতার ন্যায় চিন্তা করিতে থাকিয়া সংসারে অবস্থান করেন, সেই পতিব্রতাদের মাহাত্ম্য আপনি আমাদের নিকট বলুন। ভগবন্ প্রভু! পতিব্রতাদের এই কার্য্যটা কিন্তু আমার নিকট দুষ্কর বলিয়াই বোধ হয় ॥৬—৭॥

ব্রাহ্মণ! পুত্রেরা মাতা ও পিতার যে শুশ্রূষা করে, স্ত্রীলোকেরা ভর্ত্তার যে পরিচর্য্যা করে এবং স্ত্রীলোকদের যে ভয়ঙ্কর পাতিব্রাত্যধর্ম্ম, এই সকল অপেক্ষা অন্য দুষ্কর কর্ম্ম আমি দেখিতে পাই না ॥৮॥

ব্রাহ্মণ! সাধ্বী রমণীরা সর্ব্বদা যত্নপরায়ণ হইয়া যে পতিসেবা করেন এবং পুত্রেরা পিতা ও মাতার যে পরিচর্য্যা করে, তাহা অতি দুষ্কর কার্য্যই করে ॥৯॥

প্রভু ব্রাহ্মণশ্রেষ্ঠ! যাঁহারা একমাত্র পতির প্রতিই আসক্ত থাকেন, যাঁহারা সর্ব্বদাই সত্য বাক্য বলেন এবং যাঁহারা যথাকালে রজস্বলা হইয়া দশ মাস যাবৎ উদরে গর্ভ ধারণ করেন, তা'র পর প্রসবের কালে অতুলনীয় বেদনা অনুভব করিয়া জীবনে পর্য্যন্ত গুরুতর সন্দেহাপন্ন হইয়া গুরুতর কষ্টে সন্তান প্রসব করেন, পরে আবার মহাকষ্টে তাহাদের লালন-পালন করেন, সেই সকল নারীদের সেই সকল কার্য্য হইতে গুরুতর অদ্ভুত কার্য্য কি আছে? ॥১০—১২॥

যে চ ক্রূরেষু সর্ব্বেষু বর্ত্তমানা জুগুপ্সিতাঃ।
স্বকর্ম্ম কুর্ব্বন্তি সদা দুষ্করং তচ্চ মে মতম্ ॥১৩॥
ক্ষত্রধর্ম্মসমাচারং তত্ত্বং ব্যাখ্যাহি মে দ্বিজ ! ।
ধর্ম্মঃ সুদুর্লভো বিপ্র ! নৃশংসেন মহাত্মনাম্ ॥১৪॥
এতদিচ্ছামি ভগবন্ ! প্রশ্নং প্রশ্নবিদাং বর ! ।
শ্রোতুং ভৃগুকুলশ্রেষ্ঠ ! শুশ্রূষে তব সুব্রত ! ॥১৫॥

মার্কণ্ডেয় উবাচ।

হন্ত তে সর্ব্বমাখ্যাস্যে প্রশ্নমেতং সুদুর্ব্বচম্।
তত্ত্বেন ভরতশ্রেষ্ঠ ! গদতস্তন্নিবোধ মে ॥১৬॥
মাতৄংস্তু গৌরবাদন্যে পিতৄনন্যে তু মেনিরে।
দুষ্করং কুরুতে মাতা বিবর্দ্ধয়তি যা প্রজাঃ ॥১৭॥

ভারতকৌমুদী

য ইতি। যে চ যোদ্ধারঃ, ক্রূরেষু নিষ্ঠুরেষু হত্যাদিকর্ম্মসু ॥১৩॥

ক্ষত্রেতি। তত্ত্বং যথার্থং যথা স্যাত্তথা। নৃশংসেন মহাত্মনাং ধর্ম্মঃ সুদুর্লভঃ ॥১৪॥

এতদিতি। প্রশ্নং প্রশ্নোত্তরম্। শুশ্রূষে অনুনয়েন শুশ্রূষাং করোমি ॥১৫॥

হন্তেতি। প্রশ্নং প্রশ্নোত্তরম্। তত্ত্বেন যাথার্থ্যেন, গদতো বদতঃ ॥১৬॥

মাতৄরিতি। অন্যে পিতৃভ্যো মাতৄঃ গৌরবাদধিকা মেনিরে, "সহস্রন্তু পিতুর্মাতা গৌরবেণাতিরিচ্যতে" ইতি স্মৃতেঃ। অন্যে তু মাতৃভ্যঃ পিতৄন্ গৌরবাদধিকান্ মেনিরে, "বীজস্য চৈবং যোন্যাশ্চ বীজমুৎকৃষ্টমুচ্যতে" ইতি স্মৃত্যাশয়াদিতি ভাবঃ। ব্যক্তিভেদাদ্বহুবচনম্। মাতুরধিকত্বে যুক্তিমাহ—দুষ্করমিতি। প্রজাঃ সন্তানান্ ॥১৭॥

আর, যে সকল যোদ্ধা সমস্ত নিষ্ঠুর কার্য্যে প্রবৃত্ত হইয়া সকলের নিকটেই নিন্দিত হইতে থাকিয়া সর্ব্বদাই আপন কার্য্য করিতে থাকেন, তাহাও দুষ্কর কার্য্য বলিয়াই আমি ধারণা করি ॥১৩॥

ব্রাহ্মণ ! আর আপনি আমার নিকট যথাযথভাবে ক্ষত্রিয়ধর্ম্ম বলুন। কারণ, নৃশংসের পক্ষে সাধুর ধর্ম্ম লাভ করা অতি দুষ্কর ॥১৪॥

ভগবন্ প্রশ্নজ্ঞশ্রেষ্ঠ ! এই সকল প্রশ্নের উত্তর আমি শুনিতে ইচ্ছা করি ভৃগুকুলশ্রেষ্ঠ ! দৃঢ়ব্রতপরায়ণ ! আমি আপনার শুশ্রূষা করিতেছি" ॥১৫॥

মার্কণ্ডেয় বলিলেন—"ভরতশ্রেষ্ঠ ! কঠিন হইলেও এই সকল প্রশ্নের উত্তর আমি তোমার নিকট বলিব। এখনই যথাযথভাবে বলিতেছি, তাহা তুমি শ্রবণ কর ॥১৬॥

অনেকে পিতা অপেক্ষা মাতাকে গৌরবে অধিক মনে করেন; আবার

তপসা দেবতেজ্যাভির্বন্দনেন তিতিক্ষয়া।
অভিচারৈরুপায়ৈশ্চাপীহন্তে পিতরঃ সুতান্ ॥১৮॥
এবং কৃচ্ছ্রেণ মহতা পুত্রং প্রাপ্য সুদুর্ল্লভম্।
চিন্তয়ন্তি সদা বীর! কীদৃশোঽয়ং ভবিষ্যতি ॥১৯॥
আশংসতে হি পুত্রেষু পিতা মাতা চ ভারত!।
যশঃ কীর্ত্তিমথৈশ্বর্য্যং প্রজা ধর্ম্মং তথৈব চ ॥২০॥
তয়োরাশাস্তু সফলাং যঃ করোতি স ধর্ম্মবিৎ।
পিতা মাতা চ রাজেন্দ্র! তুষ্যতো যস্য নিত্যশঃ।
ইহ প্রেত্য চ তস্যাথ কীর্ত্তির্ধর্ম্মশ্চ শাশ্বতঃ ॥২১॥
ন চ যজ্ঞক্রিয়া কাচিন্ন শ্রাদ্ধং নোপবাসকম্।
যা তু ভর্ত্তরি শুশ্রূষা তয়া স্বর্গং জয়ত্যুত ॥২২॥

ভারতকৌমুদী

পিতুরধিকত্বে যুক্তিমাহ দ্বাভ্যাং—তপসেতি। তপসা উপবাসাদিনা, দেবতেজ্যাভির্দেবপূজয়া, বন্দনেন দেবতানামেব, তিতিক্ষয়া শীতাদিসহনেন। অভিচারৈঃ পশুবলিদানাদিভিঃ, উপায়ৈর্জলাশয়াদিবিশেষেষু ফলবিশেষদানাদিভিশ্চ, ঈহন্তে লব্ধুং চেষ্টন্তে ॥১৮॥

এবমিতি। চিন্তয়ন্তি পিতর ইত্যনুবৃত্তিঃ। কীদৃশো বিদ্বান্ মূর্খো বা ॥১৯॥

আশংসত ইতি। ঐশ্বর্য্যং ধনাদিসম্পদম্, প্রজাঃ সন্ততীঃ ॥২০॥

তয়োরিতি। ইহ লোকে, প্রেত্য পরলোকে চ। শাশ্বতঃ স্থায়ী। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

অনেকে মাতা অপেক্ষা পিতাকে গৌরবে শ্রেষ্ঠ বলিয়া ধারণা করেন। ইহার প্রতিক্রমিক কারণ এই যে, যে মাতা সন্তানকে বর্দ্ধিত করেন, তিনি দুষ্কর কার্য্যই করেন ॥১৭॥

আবার পিতা—তপস্যা, দেবতার পূজা ও বন্দনা, শীতগ্রীষ্মপ্রভৃতি সহ্য করা, অভিচার এবং অন্যান্য উপায়দ্বারা পুত্রলাভের চেষ্টা করেন ॥১৮॥

এবং তিনি অতি কষ্টে অতি দুর্লভ পুত্র লাভ করিয়া সর্ব্বদাই চিন্তা করেন যে, এ পুত্র কিপ্রকার হইবে ॥১৯॥

ভরতনন্দন! তা'র পর, পিতা ও মাতা দুই জনই পুত্রের যশ, কীর্ত্তি, ঐশ্বর্য্য, সন্তান ও ধর্ম্মের আকাঙ্ক্ষা করেন ॥২০॥

রাজশ্রেষ্ঠ! যে লোক পিতা ও মাতার আশা সফল করে, সেই লোকই বাস্তবিক ধর্ম্মজ্ঞ; আর যাহার উপরে পিতা ও মাতা সর্ব্বদা সন্তুষ্ট থাকেন, তাহার ইহলোকে ও পরলোকে কীর্ত্তি ও ধর্ম্ম স্থায়ী হয় ॥২১॥

এতৎ প্রকরণং রাজন্নধিকৃত্য যুধিষ্ঠির ! ।
পতিব্রতানাং নিয়তং ধর্ম্মঞ্চাবহিতঃ শৃণু ॥২৩॥
কশ্চিদ্দ্বিজাতিপ্রবরো বেদাধ্যায়ী তপোধনঃ ।
তপস্বী ধর্ম্মশীলশ্চ কৌশিকো নাম ভারত ! ॥২৪॥
সাঙ্গোপনিষদো বেদানধীতে দ্বিজসত্তমঃ ।
স বৃক্ষমূলে কস্মিংশ্চিদ্বেদানুচ্চারয়ন্ স্থিতঃ ॥২৫॥
উপরিষ্টাচ্চ বৃক্ষস্য বলাকা সংন্যলীয়ত ।
তয়া পুরীষমুৎসৃষ্টং ব্রাহ্মণস্য তদোপরি ॥২৬॥
তামবেক্ষ্য ততঃ ক্রুদ্ধঃ সমপধ্যায়ত দ্বিজঃ ।
ভৃশং ক্রোধাভিভূতেন বলাকা সা নিরীক্ষিতা ॥২৭॥

ভারতকৌমুদী

নেতি। ন কাচিৎ পতিব্রতাপক্ষে ন তাদৃশফলজনিকেত্যর্থঃ। এবমন্যত্র ॥২২॥
এতদিতি। এতৎ প্রকরণং ত্বৎপৃষ্টবিষয়সামান্যম্। নিয়তং নির্দ্দিষ্টম্ ॥২৩॥
কশ্চিদিতি। তপ এব ধনং ধনবদাদৃতং যস্য সঃ, অতএব তপস্বী ॥২৪॥
সেতি। অঙ্গৈর্ব্যাকরণাদিভিঃ উপনিষদ্ভিশ্চ সহেতি তান্, অধীতে স্ম ॥২৫॥
উপেতি। বলাকা বকপক্ষিণী, সংন্যলীয়ত গুপ্তভাবেন স্থিতা ॥২৬॥
তামিতি। সমপধ্যায়ত তস্যা অপকারং মৃত্যুমচিন্তয়দিত্যর্থঃ ॥২৭॥

পতিব্রতার পক্ষে যজ্ঞ, শ্রাদ্ধ বা উপবাস সেরূপ ফল জন্মায় না, ভর্ত্তার শুশ্রূষা যেরূপ ফল জন্মায়; সুতরাং পতিব্রতা স্ত্রী ভর্তৃশুশ্রূষাদ্বারাই স্বর্গ জয় করেন ॥২২॥

অতএব রাজা যুধিষ্ঠির! তুমি এই জিজ্ঞাসিত বিষয়গুলির মধ্যে পতিব্রতার নির্দ্দিষ্ট ধর্ম্মই অবহিত হইয়া শ্রবণ কর ॥২৩॥

ভরতনন্দন! বেদাধ্যায়ী, তপোধন, তপঃপরায়ণ ও ধর্ম্মশীল 'কৌশিক'-নামে কোন ব্রাহ্মণ ছিলেন ॥২৪॥

তিনি অঙ্গ ও উপনিষদের সহিত বেদ অধ্যয়ন করিয়াছিলেন। তাই তিনি একদা কোন বৃক্ষমূলে বসিয়া বেদ পাঠ করিতেছিলেন ॥২৫॥

ওদিকে সেই বৃক্ষের উপরে একটা বকপক্ষিণী গুপ্তভাবে রহিয়াছিল; সে তখন কৌশিকের মস্তকের উপরে বিষ্ঠা ত্যাগ করিল ॥২৬॥

তখন কৌশিক তাহার দিকে চাহিয়া তাহার মৃত্যু চিন্তা করিলেন এবং তিনি অত্যন্ত ক্রুদ্ধ হইয়া তাহার প্রতি দৃষ্টিপাত করিলেন ॥২৭॥

---

(২৩) শ্লোকাৎ পরম্ '...চতুরধিকদ্বিশততমঃ...মার্কণ্ডেয় উবাচ'—বা ব, '...পঞ্চাধিকদ্বিশততমঃ...'—বা, '...অষ্টাধিকদ্বিশততমঃ...'—নি।

অপধ্যাতা চ বিপ্রেণ ন্যপতদ্ধরণীতলে।
বলাকাং পতিতাং দৃষ্ট্বা গতসত্ত্বামচেতনাম্ ॥২৮॥
কারুণ্যাদভিসন্তপ্তঃ পর্য্যশোচত তাং দ্বিজঃ।
অকার্য্যং কৃতবানস্মি রোষরাগবলাৎকৃতঃ ॥২৯॥ (যুগ্মকম্)
ইত্যুক্ত্বা বহুশো বিদ্বান্ গ্রামং ভৈক্ষায় সংশ্রিতঃ।
গ্রামে শুচীনি প্রচরন্ কুলানি ভরতর্ষভ! ॥৩০॥
প্রবিষ্টস্তৎ কুলং যত্র পূর্ব্বং চরিতবাংস্তু সঃ।
দেহীতি যাচমানোঽসৌ তিষ্ঠেত্যুক্তঃ স্ত্রিয়া ততঃ ॥৩১॥ (যুগ্মকম্)
শৌচন্তু যাবৎ কুরুতে ভাজনস্য কুটুম্বিনী।
এতস্মিন্নন্তরে রাজন্! ক্ষুধাসম্পীড়িতো ভৃশম্।
ভর্ত্তা প্রবিষ্টঃ সহসা তস্যা ভরতসত্তম! ॥৩২॥
সা তু দৃষ্ট্বা পতিং সাধ্বী ব্রাহ্মণং ব্যবহায় তম্।
পাদ্যমাচমনীয়ং বৈ দদৌ ভর্ত্তুস্তথাসনম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

অপেতি। গতসত্ত্বাং নির্গতপ্রাণাম্। রোষরাগেণ ক্রোধেন বলাৎকৃত আক্রান্তঃ ॥২৮—২৯॥

ইতীতি। ভৈক্ষায় ভিক্ষাকরণায়, শুচীনি পবিত্রাণি, কুলানি গৃহাণি। স্ত্রিয়া তদ্গৃহস্বামিন্যা। দুষ্টগৃহাৎ প্রতিগ্রহনিষেধেন শুচীনীত্যুক্তম্ ॥৩০—৩১॥

শৌচমিতি। শৌচং পরিষ্কারম্, ভাজনস্য ভিক্ষাদানপাত্রস্য। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩২॥

সেতি। ব্যবহায় বিহায় তস্মৈ ভিক্ষাদানোদ্‌যোগং পরিত্যজ্যেত্যর্থঃ ॥৩৩॥

ব্রাহ্মণ মৃত্যুচিন্তা করিবামাত্রই সেই বকপক্ষিণী ভূতলে পতিত হইল। তখন ব্রাহ্মণ তাহাকে পতিতা, প্রাণহীনা ও অচেতনা দেখিয়া সর্ব্বপ্রকারে সন্তপ্ত হইয়া দয়াবশতঃ তাহার জন্য শোক করিলেন (বলিলেন—) "আমি ক্রোধের বশীভূত হইয়া অকার্য্য করিয়া ফেলিয়াছি" ॥২৮—২৯॥

এইরূপ বলিয়া কৌশিক ভিক্ষা করিবার জন্য অনেক গ্রামে যাইয়া পবিত্র পবিত্র বাড়ীগুলিতে বিচরণ করিতে থাকিয়া সেই বাড়ীতে প্রবেশ করিলেন, যে বাড়ীতে তিনি পূর্ব্বেও আসিয়াছিলেন। তাহার পর তিনি 'ভিক্ষা দিন' বলিয়া প্রার্থনা করিলে, সেই বাড়ীর গৃহিণী বলিলেন—"দাঁড়ান" ॥৩০—৩১॥

ভরতশ্রেষ্ঠ রাজা! এই বলিয়া গৃহিণী যখন ভিক্ষাদানের পাত্রখানি পরিষ্কার করিতে লাগিলেন, এই সময়েই তাঁহার স্বামী অত্যন্ত ক্ষুধার্ত্ত হইয়া হঠাৎ আসিয়া প্রবেশ করিলেন ॥৩২॥

তখন সাধ্বী সেই গৃহিণী স্বামীকে দেখিয়া, সেই ব্রাহ্মণকে পরিত্যাগ

প্রহ্বা পর্য্যচরচ্চাপি ভর্ত্তারমসিতেক্ষণা।
আহারেণাথ ভক্ষ্যৈশ্চ ভোজ্যৈঃ সুমধুরৈস্তথা ॥৩৪॥
উচ্ছিষ্টং ভাবিতা ভর্ত্তুর্ভুঙ্‌ক্তে নিত্যং যুধিষ্ঠির!।
দৈবতঞ্চ পতিং মেনে ভর্ত্তুশ্চিত্তানুসারিণী ॥৩৫॥
কর্ম্মণা মনসা বাচা নান্যচিত্তাঽভ্যগাৎ পতিম্।
তং সর্ব্বভাবোপগতা পতিশুশ্রূষণে রতা ॥৩৬॥
সাধ্বাচারা শুচির্দক্ষা কুটুম্বস্য হিতৈষিণী।
ভর্ত্তুশ্চাপি হিতং যত্তৎ সততং সাঽনুবর্ত্ততে ॥৩৭॥
দেবতাঽতিথিভৃত্যানাং শ্বশ্রূশ্বশুরয়োস্তথা।
শুশ্রূষণপরা নিত্যং সততং সংযতেন্দ্রিয়া ॥৩৮॥

ভারতকৌমুদী

প্রহ্বেতি। প্রহ্বা নম্রা সতী। ভক্ষ্যৈরন্নাদিভিঃ, ভোজ্যৈঃ পেয়ৈর্জলাদিভিঃ ॥৩৪॥
উচ্ছিষ্টমিতি। ভাবোঽনুরাগোঽস্য সঞ্জাতেতি ভাবিতা ॥৩৫॥
কর্ম্মণেতি। অভ্যগাৎ অন্বগমৎ। সর্ব্বেষু ভাবেষবস্থাসু উপগতা প্রাপ্তা ॥৩৬॥
সাধ্বিতি। দক্ষা গৃহকর্ম্মনিপুণা, কুটুম্বস্য পরিজনবর্গস্য ॥৩৭॥
দেবতেতি। সততং সংযতেন্দ্রিয়া সর্ব্বদৈবাত্মভোগবর্জ্জিতেত্যর্থঃ ॥৩৮॥

করিয়া, স্বামীকে পাদপ্রক্ষালন ও মুখপ্রক্ষালনের জল এবং আসন দান করিলেন ॥৩৩॥

তাহার পর নীলনয়না গৃহিণী নম্র থাকিয়া অতিমধুর ভক্ষ্য ও পেয় দান করিয়া স্বামীর শুশ্রূষা করিতে লাগিলেন ॥৩৪॥

যুধিষ্ঠির! সেই গৃহিণী নিত্যই অনুরাগের সহিত স্বামীর উচ্ছিষ্ট ভোজন করিতেন এবং তাঁহার চিত্তের অনুসরণ করিতে থাকিয়া তাঁহাকে দেবতা মনে করিতেন ॥৩৫॥

আর, গৃহিণী অনন্যমনা হইয়া বাক্য, মন ও কর্ম্মদ্বারা স্বামীর অনুসরণ করিতেন, সমস্ত অবস্থাতেই তাঁহার নিকট উপস্থিত থাকিতেন এবং তাঁহার পরিচর্য্যায় প্রবৃত্ত রহিতেন ॥৩৬॥

এবং সদাচারসম্পন্না, পবিত্রা, গৃহকর্ম্মনিপুণা ও পরিজনহিতৈষিণী সেই গৃহিণী স্বামীর যাহা হিত, সর্ব্বদা তাহারই অনুসরণ করিতেন ॥৩৭॥

তা'র পর, তিনি সর্ব্বদাই সংযতেন্দ্রিয় থাকিয়া দেবতা, অতিথি, ভৃত্য, শ্বশ্রূ ও শ্বশুরের শুশ্রূষা করিতেন ॥৩৮॥

সা ব্রাহ্মণং তদা দৃষ্ট্বা সংস্থিতং ভৈক্ষ্যকাঙ্ক্ষিণম্।
কুর্ব্বতী পতিশুশ্রূষাং সস্মারাথ শুভেক্ষণা ॥৩৯॥
ব্রীড়িতা সাঽভবৎ সাধ্বী তদা ভরতসত্তম!।
ভিক্ষামাদায় বিপ্রায় নির্জগাম যশস্বিনী ॥৪০॥

ব্রাহ্মণ উবাচ।

কিমিদং ভবতি ত্বং মাং তিষ্ঠেত্যুক্ত্বা বরাঙ্গনে!।
উপরোধং কৃতবতী ন বিসর্জ্জিতবত্যসি ॥৪১॥

মার্কণ্ডেয় উবাচ।

ব্রাহ্মণং ক্রোধসন্তপ্তং জ্বলন্তমিব তেজসা।
দৃষ্ট্বা সাধ্বী মনুষ্যেন্দ্র! সান্ত্বপূর্ব্বং বচোঽব্রবীৎ ॥৪২॥
ক্ষন্তুমর্হসি মে বিদ্বন্! ভর্ত্তা মে দৈবতং মহৎ।
স চাপি ক্ষুধিতঃ শ্রান্তঃ প্রাপ্তঃ শুশ্রূষিতো ময়া ॥৪৩॥

ভারতকৌমুদী

সেতি। ব্রাহ্মণং দৃষ্ট্বা তং ভৈক্ষ্যকাঙ্ক্ষিণং সংস্থিতং সস্মারেতি সম্বন্ধঃ ॥৩৯॥
ব্রীড়িতেতি। ব্রীড়িতা ভিক্ষাদানে বিলম্বকরণাল্লজ্জিতা ॥৪০॥
কিমিতি। উপরোধং গমননিরোধম্। বিসর্জ্জনে তু গৃহান্তরে ভিক্ষাসম্ভব আসীৎ ॥৪১॥
ব্রাহ্মণমিতি। সান্ত্বপূর্ব্বম্ অনুনয়পূর্ব্বকম্ ॥৪২॥
ক্ষন্তুমিতি। প্রাপ্ত উপস্থিতঃ। অতএব ময়া স শুশ্রূষিতঃ ॥৪৩॥

ক্রমে সুলোচনা সেই গৃহিণী স্বামীর পরিচর্য্যা করিতে করিতে ব্রাহ্মণকে দেখিতে পাইয়া—তিনি যে ভিক্ষার জন্য রহিয়াছেন, তাহা স্মরণ করিলেন ॥৩৯॥

ভরতশ্রেষ্ঠ! তখন সাধ্বী ও যশস্বিনী গৃহিণী লজ্জিতা হইলেন এবং ব্রাহ্মণের জন্য ভিক্ষা লইয়া নির্গত হইলেন ॥৪০॥

তখন ব্রাহ্মণ বলিলেন—"বরবর্ণিনি! এটা কি হইল? আপনি আমাকে 'দাঁড়ান' বলিয়া থামাইলেন; কিন্তু বিদায় করিলেন না।" ॥৪১॥

মার্কণ্ডেয় কহিলেন—"নরশ্রেষ্ঠ! ব্রাহ্মণ তখন ক্রোধে সন্তপ্ত হইয়া আপন তেজে যেন জ্বলিতেছিলেন, ইহা দেখিয়া সাধ্বী গৃহিণী অনুনয়পূর্ব্বক তাঁহাকে এই কথা বলিলেন—॥৪২॥

"জ্ঞানী ব্রাহ্মণ! আপনি আমাকে ক্ষমা করুন। কারণ, স্বামী আমার নিকট একজন প্রধান দেবতা; তিনিও আবার পরিশ্রান্ত ও ক্ষুধার্ত্ত হইয়া উপস্থিত হইয়াছিলেন; তাই আমি আগে তাঁহার শুশ্রূষা করিয়াছি" ॥৪৩॥

ব্রাহ্মণ উবাচ।

ব্রাহ্মণা ন গরীয়াংসো গরীয়াংস্তে পতিঃ কৃতঃ।
গৃহস্থধর্ম্মে বর্ত্তন্তী ব্রাহ্মণানবমন্যসে।
ইন্দ্রোঽপ্যেষাং প্রণমতে কিং পুনর্ম্মানবো ভুবি ॥৪৪॥
অবলিপ্তে ! ন জানাসি বৃদ্ধানাং ন শ্রুতং ত্বয়া।
ব্রাহ্মণা হ্যগ্নিসদৃশা দহেয়ুঃ পৃথিবীমপি ॥৪৫॥

স্ত্র্যুবাচ। *

নাবজানাম্যহং বিপ্রান্ দেবৈস্তুল্যান্ মনস্বিনঃ।
অপরাধমিমং বিপ্র ! ক্ষন্তুমর্হসি মেঽনঘ ! ॥৪৬॥
জানামি তেজো বিপ্রাণাং মহাভাগ্যঞ্চ ধীমতাম্।
অপেয়ঃ সাগরঃ ক্রোধাৎ কৃতো হি লবণোদকঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণা ইতি। তে ত্বয়া পতির্গরীয়ান্ কৃতঃ, আদৌ তস্যৈব শুশ্রূষণাৎ। বর্ত্তন্তী বর্ত্তমানা। এষাং ব্রাহ্মণানামন্তিকে, প্রণমতে অবনমতি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৪॥

অবেতি। হে অবলিপ্তে ! গর্ব্বিতে ! স্বয়ং ন জানাসি, বৃদ্ধানাং সকাশাৎ ॥৪৫॥

নেতি। নাবজানামি নাবজ্ঞাবিষয়ীকরোমি। তত্র হেতুর্দৈবৈরিত্যাদিঃ ॥৪৬॥

জানামীতি। মহাভাগ্যং মাহাত্ম্যঞ্চ ॥৪৭॥

ব্রাহ্মণ বলিলেন—"ব্রাহ্মণেরা তোমার নিকট শ্রেষ্ঠ হইলেন না, তুমি স্বামীকেই শ্রেষ্ঠ করিলে। ওহে! তুমি গৃহস্থধর্ম্মে থাকিয়া ব্রাহ্মণদের অবমাননা করিতেছ। তুমি জান—ইন্দ্রও ব্রাহ্মণদের নিকট অবনত থাকেন, ভূতলের মানুষের কথা আর কি বলিব ॥৪৪॥

গর্ব্বিতে! তুমি নিজেও জান না, বৃদ্ধদের নিকটেও শোন নাই যে, অগ্নিতুল্য ব্রাহ্মণেরা পৃথিবীকেও দগ্ধ করিতে পারেন" ॥৪৫॥

গৃহিণী বলিলেন—"নিষ্পাপ ব্রাহ্মণ! মনস্বী ব্রাহ্মণেরা দেবতার তুল্য; সুতরাং আমি তাঁহাদের অবজ্ঞা করি না; অতএব আপনি আমার এই অপরাধ ক্ষমা করুন ॥৪৬॥

জ্ঞানী ব্রাহ্মণদের তেজ ও মাহাত্ম্যের বিষয় আমি জানি। যাঁহারা ক্রোধবশতঃ সমুদ্রকে লবণজলপূর্ণ এবং অপেয় করিয়াছেন ॥৪৭॥

---

* ইতঃ পরম্ 'নাহং বলাকা বিপ্রর্ষে! ত্যজ ক্রোধং তপোধন!। অনয়া ক্রুদ্ধয়া দৃষ্ট্যা ক্রুদ্ধঃ কিং মাং করিষ্যসি ॥' অয়মধিকঃ শ্লোকঃ—বা ব কা।

তথৈব দীপ্ততপসাং মুনীনাং ভাবিতাত্মনাম্।
যেষাং ক্রোধাগ্নিরদ্যাপি দণ্ডকে নোপশাম্যতি ॥৪৮॥
ব্রাহ্মণানাং পরিভবাদ্বাতাপিঃ সুদুরাত্মবান্।
অগস্ত্যমৃষিমাসাদ্য জীর্ণঃ ক্রূরো মহাসুরঃ ॥৪৯॥
বহুপ্রভাবাঃ শ্রূয়ন্তে ব্রাহ্মণানাং মহাত্মনাম্।
ক্রোধঃ সুবিপুলো ব্রহ্মন্! প্রসাদশ্চ মহাত্মনাম্।
অস্মিংস্ত্বতিক্রমে ব্রহ্মন্! ক্ষন্তুমর্হসি মেঽনঘ! ॥৫০॥
পতিশুশ্রূষয়া ধর্ম্মো যঃ স মে রোচতে দ্বিজ!।
দৈবতেষ্বপি সর্ব্বেষু ভর্ত্তা মে দৈবতং পরম্।
অবিশেষেণ তস্যাহং কুর্য্যাং ধর্ম্মং দ্বিজোত্তম! ॥৫১॥
শুশ্রূষায়াঃ ফলং পশ্য পত্যুর্ব্রাহ্মণ! যাদৃশম্।
বলাকা হি ত্বয়া দগ্ধা রোষাত্তদ্বিদিতং ময়া ॥৫২॥

ভারতকৌমুদী

তথেতি। ভাবিতাত্মনাং মৈত্র্যাদিভাবনয়া শোধিতচিত্তানাম্। দণ্ডকে অরণ্যে ॥৪৮॥
ব্রাহ্মণানামিতি। পরিভবাদবজ্ঞাতঃ। ক্রূরো নিষ্ঠুরচিত্তঃ ॥৪৯॥
বহ্বিতি। অতিক্রমে যোগ্যাকারণেন কৃতে পরিভবে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫০॥
পতীতি। ন বিদ্যতে বিশেষো যস্মাত্তেন। ধর্ম্মং শুশ্রূষারূপম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫১॥
শুশ্রূষায়া ইতি। পতিশুশ্রূষাবশাদেব ময়া সর্ব্বজ্ঞতা লব্ধেতি ভাবঃ ॥৫২॥

ভারতভাবদীপঃ

তত ইতি। পতিব্রতাখ্যানমিতঃ স্ত্রীমাহাত্ম্যাদীনাং পৃষ্টানাং নির্ণয়ার্থম্। তত্রাপি "নাহং বলাকা বিপ্রর্ষে!" ইত্যতঃ প্রাক্তনো গ্রন্থঃ স্পষ্টার্থঃ ॥১—৪৭॥ দণ্ডকে দণ্ডকারণ্যে

এবং উজ্জ্বলতপা ও নির্ম্মলচিত্ত যে সকল মুনির ক্রোধাগ্নি অদ্যাপি দণ্ডকারণ্যে নির্ব্বাণ পায় নাই ॥৪৮॥

আর, অতিদুরাত্মা ও নিষ্ঠুরচিত্ত মহাসুর বাতাপি ব্রাহ্মণগণকে অবজ্ঞা করিয়াই অগস্ত্যমুনির উদরে জীর্ণ হইয়া গিয়াছে ॥৪৯॥

ব্রাহ্মণ! এইরূপ মহাত্মা ব্রাহ্মণদের বহুতর প্রভাবের কথা শুনিতে পাই; আর, মহাত্মা ব্রাহ্মণদের ক্রোধও গুরুতর এবং অনুগ্রহও গুরুতর হইয়া থাকে; অতএব নিষ্পাপ ব্রাহ্মণ! আপনি এই অতিক্রমে আমাকে ক্ষমা করুন ॥৫০॥

তবে, ব্রাহ্মণ! পতিশুশ্রূষায় যে ধর্ম্ম হয়, তাহাই আমার ভাল লাগে। কারণ, সমস্ত দেবতার মধ্যে পতিই আমার নিকট পরম দেবতা। তাই সর্ব্বাপেক্ষা অধিকভাবে পতিশুশ্রূষারূপ ধর্ম্ম আমি করিয়া থাকি ॥৫১॥

ক্রোধঃ শত্রুঃ শরীরস্থো মনুষ্যাণাং দ্বিজোত্তম ! ।
যঃ ক্রোধমোহৌ ত্যজতি তং দেবা ব্রাহ্মণং বিদুঃ ॥৫৩॥
যো বদেদিহ সত্যানি গুরুং সন্তোষয়েত চ ।
হিংসিতশ্চ ন হিংসেত তং দেবা ব্রাহ্মণং বিদুঃ ॥৫৪॥
জিতেন্দ্রিয়ো ধর্ম্মপরঃ স্বাধ্যায়নিরতঃ শুচিঃ ।
কামক্রোধৌ বশৌ যস্য তং দেবা ব্রাহ্মণং বিদুঃ ॥৫৫॥
যস্য চাত্মসমো লোকো ধর্ম্মজ্ঞস্য মনস্বিনঃ ।
সর্ব্বধর্ম্মেষু চরতস্তং দেবা ব্রাহ্মণং বিদুঃ ॥৫৬॥
যোঽধ্যাপয়েদধীয়ীত যজেদ্বা যাজয়ীত বা ।
দদ্যাদ্বাপি যথাশক্তি তং দেবা ব্রাহ্মণং বিদুঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

ক্রোধ ইতি। তং ব্রাহ্মণেতরমপি। এতেন ক্রোধস্বয়া ন কার্য্য ইতি সূচিতম্ ॥৫৩॥
য ইতি। সন্তোষয়েত শুশ্রূষাদিনা। হিংসেত হিংস্যাৎ ॥৫৪॥
জিতেতি। স্বাধ্যায়নিরতো বেদপাঠাসক্তঃ, শুচিঃ কায়ে মনসি চ পবিত্রঃ ॥৫৫॥
যস্যেতি। আত্মসমঃ সুখে দুঃখে চ স্বসদৃশঃ, লোকোঽন্যো জনঃ ॥৫৬॥
য ইতি। অধ্যাপয়েদধীয়ীত চ বেদম্। যাজয়ীত পরং যাজয়েৎ ॥৫৭॥

ভারতভাবদীপঃ

॥৪৮—৫১॥ শুশ্রূষায়া ইতি। ভর্ত্তৃশুশ্রূষায়াঃ সার্ব্বজ্ঞ্যপ্রাপ্তির্দর্শিতা ॥৫২॥ সা চ ব্রাহ্মণানাং ব্রহ্মবিদামেবাস্তীতি তল্লক্ষণান্যাহ—ক্রোধ ইতি ॥৫৩॥ অত্র লক্ষণকথনং নিষ্প্রয়োজনমিতি যান্যেব বিদ্বল্লক্ষণানি তানি বিদ্যাসাধনানীতি ন্যায়েন ব্রাহ্মণ্যকামস্য ক্রোধাদিত্যাগো

ব্রাহ্মণ! পতিশুশ্রূষা করায় আমার যেরূপ ফল হইয়াছে, তাহা আপনি দেখুন —আপনি ক্রোধবশতঃ বকপক্ষিণীটাকে যে দগ্ধ করিয়াছেন, তাহা আমি জানিতে পারিয়াছি ॥৫২॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! ক্রোধ মানুষের শরীরস্থ শত্রু; অতএব যিনি সেই ক্রোধ ও মোহকে ত্যাগ করেন, দেবতারা তাঁহাকে ব্রাহ্মণ মনে করেন ॥৫৩॥

যিনি সত্য বাক্য বলেন, গুরুকে সন্তুষ্ট রাখেন এবং পরে হিংসা করিলেও পরের হিংসা করেন না, দেবতারা তাঁহাকে ব্রাহ্মণ মনে করেন ॥৫৪॥

যিনি জিতেন্দ্রিয়, ধর্ম্মপরায়ণ, বেদপাঠনিরত ও পবিত্র এবং কাম ও ক্রোধ যাঁহার বশীভূত, দেবতারা তাঁহাকে ব্রাহ্মণ মনে করেন ॥৫৫॥

সর্ব্বধর্ম্মসেবী ও মনস্বী যে ধার্ম্মিকের নিকটে অন্য লোকও নিজের মতই বিবেচিত হয়, দেবতারা তাঁহাকে ব্রাহ্মণ মনে করেন ॥৫৬॥

ব্রহ্মচারী বদান্যো যোঽপ্যধীয়াদ্দ্বিজপুঙ্গবঃ।
স্বাধ্যায়বানপ্রমত্তস্তং দেবা ব্রাহ্মণং বিদুঃ ॥৫৮॥
যদ্ব্রাহ্মণানাং কুশলং তদেষাং পরিকীর্ত্তয়েৎ।
সত্যং তথা ব্যাহরতাং নানৃতে রমতে মনঃ ॥৫৯॥
ধর্ম্মস্তু ব্রাহ্মণস্যাহুঃ স্বাধ্যায়ং দমমার্জ্জবম্।
ইন্দ্রিয়াণাং নিগ্রহঞ্চ শাশ্বতং দ্বিজসত্তম!।
সত্যার্জ্জবং ধর্ম্মমাহুঃ পরং ধর্ম্মবিদো জনাঃ ॥৬০॥
দুর্জ্জ্ঞেয়ঃ শাশ্বতো ধর্ম্মঃ স চ সত্যে প্রতিষ্ঠিতঃ।
শ্রুতিপ্রমাণো ধর্ম্মঃ স্যাদিতি বৃদ্ধানুশাসনম্ ॥৬১॥

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। অধীয়াৎ অঙ্গশাস্ত্রাণি। অপ্রমত্তো ধর্ম্মে অবহিতঃ ॥৫৮॥

যদিতি। পরিকীর্ত্তয়েৎ ব্রাহ্মণ এব। ব্যাহরতাং বদতাম্ ॥৫৯॥

ধর্ম্মমিতি। স্বাধ্যায়ং বেদপাঠম্। শাশ্বতং চিরন্তনম্। পরং প্রধানম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬০॥

ভারতভাবদীপঃ

গুর্ব্বারাধনাদি চ কর্ত্তব্যত্বেন বিধীয়তে—য ইতি। সত্যবাক্ গুরুভক্তঃ ক্ষমাবাংশ্চ ভবেদিত্যর্থঃ ॥৫৪—৫৯॥ শাশ্বতো ধর্ম্ম আত্মদর্শনম্। যদাহ যাজ্ঞবল্ক্যঃ—"ইজ্যাচারদমাহিংসাদানস্বাধ্যায়কর্ম্মণাম্। অয়ন্তু পরমো ধর্ম্মো যদ্যোগেনাত্মদর্শনম্॥" ইতি। সত্যে ত্রৈকালিক-

---

যিনি অধ্যয়ন ও অধ্যাপনা, যজন ও যাজন এবং শক্তি অনুসারে দান করেন, দেবতারা তাঁহাকে ব্রাহ্মণ মনে করেন ॥৫৭॥

যে দ্বিজশ্রেষ্ঠ ব্রহ্মচারী ও বদান্য থাকিয়া ব্যাকরণপ্রভৃতি অঙ্গশাস্ত্র অধ্যয়ন করেন এবং বেদপাঠে নিরত ও ধর্ম্মে অবহিত থাকেন, দেবতারা তাঁহাকে ব্রাহ্মণ বলিয়া মনে করেন ॥৫৮॥

ব্রাহ্মণ—ব্রাহ্মণদিগের যাহা মঙ্গল, তাহাই তাঁহাদের নিকট বলিবেন। আর সত্যবাদীদিগের মন মিথ্যায় প্রবৃত্ত হয় না ॥৫৯॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! ধর্ম্মজ্ঞ লোকেরা—বেদপাঠ, অন্তরিন্দ্রিয়দমন, বহিরিন্দ্রিয়সংযম এবং সরলতা—এই কয়টীকে ব্রাহ্মণের সনাতন ধর্ম্ম বলিয়া থাকেন; তাহার মধ্যে আবার সত্য ও সরলতাকে প্রধান ধর্ম্ম বলেন ॥৬০॥

বৃদ্ধবর্গের এই উপদেশ যে, সনাতন ধর্ম্ম দুর্জ্জ্ঞেয়; তবে তাহা সত্যে প্রতিষ্ঠিত আছে এবং বেদই তাহার প্রমাণ ॥৬১॥

---

(৫৮) ব্রহ্মচারী চ বেদান্ যোঽপ্যধীয়ীত দ্বিজোত্তমঃ—পি।

বহুধা দৃশ্যতে ধর্ম্মঃ সূক্ষ্ম এব দ্বিজোত্তম ! ।
ভগবানপি ধর্ম্মজ্ঞঃ স্বাধ্যায়নিরতঃ শুচিঃ ।
ন তু তত্ত্বেন ভগবন্ ! ধর্ম্মং বেৎসীতি মে মতিঃ ॥৬২॥
যদি বিপ্র ! ন জানীষে ধর্ম্মং পরমকং দ্বিজ ! ।
ধর্ম্মব্যাধং ততঃ পৃচ্ছ গত্বা তু মিথিলাং পুরীম্ ॥৬৩॥
মাতাপিতৃভ্যাং শুশ্রূষুঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ ।
মিথিলায়াং বসেদ্ব্যাধঃ স তে ধর্ম্মান্ প্রবক্ষ্যতি ।
তত্র গচ্ছস্ব ভদ্রং তে যথাকামং দ্বিজোত্তম ! ॥৬৪॥
অত্যুক্তমপি মে সর্ব্বং ক্ষন্তুমর্হস্যনিন্দিত ! ।
স্ত্রিয়ো হ্যবধ্যাঃ সর্ব্বেষাং যে ধর্ম্মমভিবিন্দতে ॥৬৫॥

ভারতকৌমুদী

দুর্জ্ঞেয় ইতি। শ্রুতিরেব প্রমাণং যস্য সঃ ॥৬১॥

বহুধেতি। ভগবান্ ভবানপি। তত্ত্বেন যাথার্থ্যেন। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬২॥

যদীতি। পরমকং যথার্থভূতম্। ধর্ম্মব্যাধং তদাখ্যয়া প্রসিদ্ধম্ ॥৬৩॥

মাতেতি। মাতাপিতৃভ্যাং মাতাপিত্রোঃ। যথাকামমিচ্ছানুসারেণ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৪॥

অত্যুক্তমিতি। অভিবিন্দতে বিচারয়ন্তি। "বিদ বিচারণে" ইত্যস্য রূপম্ ॥৬৫॥

হে মাহাত্ম্যশালী ব্রাহ্মণশ্রেষ্ঠ ! ধর্ম্ম বহুবিধ হইলেও তাহা সূক্ষ্ম বলিয়াই ধারণা হয়। তবে, আপনিও ধর্ম্মজ্ঞ, বেদপাঠনিরত এবং পবিত্র বটেন ; কিন্তু তথাপি আপনি যথার্থরূপে ধর্ম্ম জানেন বলিয়া আমার ধারণা হয় না ॥৬২॥

ব্রাহ্মণ ! আপনি যদি যথার্থরূপে ধর্ম্ম না জানিয়া থাকেন, তবে মিথিলানগরীতে যাইয়া ধর্ম্মব্যাধের নিকট জিজ্ঞাসা করুন ॥৬৩॥

পিতা ও মাতার শুশ্রূষাকারী, সত্যবাদী এবং জিতেন্দ্রিয় এক ব্যাধ মিথিলানগরীতে বাস করেন, তিনি আপনার নিকটে ধর্ম্ম বলিবেন। ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আপনার ইচ্ছা হইলে আপনি সেখানে যাইতে পারেন ; তাহাতে আপনার মঙ্গল হইবে ॥৬৪॥

ব্রাহ্মণ ! আমি আপনার সম্বন্ধে সমস্তই অত্যুক্তি করিয়াছি ; আপনি সে বিষয়ে ক্ষমা করুন। কারণ, যাঁহারা ধর্ম্মসম্বন্ধে বিচার করেন, তাঁহাদের পক্ষে সকল স্ত্রীই অবধ্য" ॥৬৫॥

ব্রাহ্মণ উবাচ।

প্রীতোঽস্মি তব ভদ্রং তে গতঃ ক্রোধশ্চ শোভনে!।
উপালম্ভস্ত্বয়া প্রোক্তো মম নিঃশ্রেয়সং পরম্।
স্বস্তি তেঽস্তু গমিষ্যামি সাধয়িষ্যামি শোভনে! ॥৬৬॥

মার্কণ্ডেয় উবাচ।

তয়া বিসৃষ্টো নির্গম্য স্বমেব ভবনং যযৌ।
বিনিন্দন্ স স্বমাত্মানং কৌশিকো দ্বিজসত্তমঃ ॥৬৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং পতিব্রতোপাখ্যানে চতুঃসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

প্রীত ইতি। ত্বয়া প্রোক্ত উপালম্ভ এব তিরস্কারঃ, মম পরং নিঃশ্রেয়সং মঙ্গলং জনয়িষ্যতীতি শেষঃ। স্বস্তি মঙ্গলম্। সাধয়িষ্যামি তদ্ধর্ম্মজ্ঞানম্ ॥৬৬॥

তয়েতি। তয়া গৃহিণ্যা, বিসৃষ্টো ভিক্ষাদানপূর্ব্বকং ত্যক্তঃ ॥৬৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং চতুঃসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

বাধশূন্যে বস্তুনি প্রতিষ্ঠিতঃ পর্য্যবসিতঃ অন্যোঽধর্ম্মস্তু সত্যে প্রতিষ্ঠিত ইত্যর্থাৎ সিদ্ধম্ ॥৬০—৬৫॥ সাধয়িষ্যামি স্বকার্য্যমিতি শেষঃ ॥৬৬—৬৭॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৪॥

ব্রাহ্মণ বলিলেন—"শোভনে! আমি তোমার উপরে সন্তুষ্ট হইয়াছি; তোমার মঙ্গল হউক; আমার ক্রোধ গিয়াছে। আর শোভনে! তুমি যে আমাকে তিরস্কার করিয়াছ, তাহা আমার পরম মঙ্গল জন্মাইবে। তোমার মঙ্গল হউক, আমি মিথিলায় যাইব এবং সে কার্য্য সাধন করিব" ॥৬৬॥

মার্কণ্ডেয় বলিলেন—"সেই গৃহিণী ভিক্ষা দিয়া বিদায় করিলে, ব্রাহ্মণশ্রেষ্ঠ কৌশিক সে গৃহ হইতে নির্গত হইয়া আপনাকে নিন্দা করিতে করিতে আপন ভবনে চলিয়া গেলেন" ॥৬৭॥

(৬৬) ইতঃ পরম্ 'যত্র চাসৌ নিবসতে ধর্ম্মব্যাধো মহামতিঃ' ইত্যধিকঃ—পি।

* '...একাধিকদ্বিশততমঃ...'—পি, '...পঞ্চাধিকদ্বিশততমঃ...'—বা ব, '...ষড়ধিকদ্বিশততমঃ...'—কা, '...নবাধিকদ্বিশততমঃ...'—নি।

পঞ্চসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

মার্কণ্ডেয় উবাচ।

চিন্তয়িত্বা তদাশ্চর্য্যং স্ত্রিয়া প্রোক্তমশেষতঃ।
বিনিন্দন্ স স্বমাত্মানমাগস্কৃত ইবাবভৌ ॥১॥
চিন্তয়ানশ্চ ধর্ম্মস্য সূক্ষ্মাং গতিমথাব্রবীৎ।
শ্রদ্দধানেন বৈ ভাব্যং গচ্ছামি মিথিলামহম্ ॥২॥
কৃতাত্মা ধর্ম্মবিত্তস্যাং ব্যাধো নিবসতে কিল।
তং গচ্ছাম্যহমদ্যৈব ধর্ম্মং প্রষ্টুং তপোধনম্ ॥৩॥
ইতি সঞ্চিন্ত্য মনসা শ্রদ্দধানঃ স্ত্রিয়া বচঃ।
বলাকাপ্রত্যয়েনাসৌ ধর্ম্ম্যৈশ্চ বচনৈঃ শুভৈঃ ॥৪॥
সম্প্রতস্থে স মিথিলাং কৌতূহলসমন্বিতঃ।
অতিক্রামন্নরণ্যানি গ্রামাংশ্চ নগরাণি চ ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

চিন্তেতি। আগোঽপরাধঃ কৃতং যেন সঃ, অগ্ন্যাহিতাদিবৎ পরনিপাতঃ ॥১॥

চিন্তেতি। অব্রবীৎ মনসা। শ্রদ্দধানেন স্ত্রীবাক্যে বিশ্বসতা ময়া ভাব্যম্ ॥২॥

কৃতেতি। কৃতাত্মা ধর্ম্মোপদেশলাভেন শিক্ষিতচিত্তঃ। তস্যাং মিথিলায়াম্ ॥৩॥

ইতীতি। বলাকা তন্মারণজ্ঞানং তস্যাঃ প্রত্যয়েন বিশ্বাসেন যন্ময়া বলাকা নিহতা তত্তয়া বিদিতমিতি সা সর্ব্বজ্ঞৈবেতি বিশ্বাসেনেত্যর্থঃ। স কৌশিকঃ ॥৪—৫॥

মার্কণ্ডেয় বলিলেন—"সেই স্ত্রীলোকটী যাহা বলিয়াছিল, সেই সকল আশ্চর্য্য বিষয় চিন্তা করিয়া আপনাকে নিন্দা করিতে থাকিয়া কৌশিক যেন অপরাধীর ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥১॥

তাহার পর তিনি ধর্ম্মের সূক্ষ্মগতির বিষয় চিন্তা করিয়া মনে মনে বলিলেন—'আমি স্ত্রীলোকটীর কথায় বিশ্বাস করিব এবং মিথিলায় যাইব ॥২॥

কারণ, সেখানে শিক্ষিত ও ধর্ম্মজ্ঞ ব্যাধ বাস করেন; সুতরাং সেই তপোধনের নিকট ধর্ম্মজিজ্ঞাসা করিবার জন্য অদ্যই আমি তাঁহার নিকট যাইব' ॥৩॥

আমি যে বকপক্ষিণীকে মারিয়াছি, তাহা তিনি জানিতে পারিয়াছেন; সুতরাং তিনি সর্ব্বজ্ঞ হইয়াছেন; এই বিশ্বাসে এবং তাঁহার ধর্ম্মসঙ্গত শুভ-

ততো জগাম মিথিলাং জনকেন সুরক্ষিতাম্।
ধর্ম্মকেতুসমাকীর্ণাং যজ্ঞোৎসববতীং শুভাম্ ॥৬॥
গোপুরাট্টালকবতীং হর্ম্ম্যপ্রাকারশোভনাম্।
প্রবিশ্য নগরীং রম্যাং বিমানৈর্বহুভির্যুতাম্ ॥৭॥
পণ্যৈশ্চ বহুভির্যুক্তাং সুবিভক্তমহাপথাম্।
অশ্বৈ রথৈস্তথা নাগৈর্যোধৈশ্চ বহুভির্বৃতাম্ ॥৮॥
হৃষ্টপুষ্টজনাকীর্ণাং নিত্যোৎসবসমাকুলাম্।
সোহপশ্যদ্বহুবৃত্তান্তাং ব্রাহ্মণঃ সমতিক্রমন্ ॥৯॥ (কলাপকম্)
ধর্ম্মব্যাধমপৃচ্ছচ্চ স চাস্য কথিতো দ্বিজৈঃ।
অপশ্যত্তত্র গত্বা তং সূনামধ্যে ব্যবস্থিতম্ ॥১০॥
মার্গমাহিষমাংসানি বিক্রীণন্তং তপস্বিনম্।
আকুলত্বাচ্চ ক্রেতৄণামেকান্তে সংস্থিতো দ্বিজঃ ॥১১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। ধর্ম্মকেতুভির্যজ্ঞাদিধর্ম্মকার্য্যার্থোত্থাপিতৈর্ধ্বজৈঃ সমাকীর্ণাং ব্যাপ্তাম্। গোপুরাণি পুরদ্বারাণি অট্টালকা গৃহবিশেষাশ্চ তদ্বতীম্। বিমানৈর্ব্যোমযানৈঃ সপ্ততল-ভবনৈর্বা। নাগৈর্হস্তিভিঃ। বহুবৃত্তান্তাং বহুব্যাপারাকুলাম্ ॥৬—৯॥

ধর্ম্মেতি। সূনায়াঃ প্রাণিবধস্থানস্য মধ্যে, "সূনা পুত্র্যাং বধস্থানগলশুণ্ডিকরোরপি" ইতি বিশ্বঃ। মৃগণামিমানীতি মার্গাণি মাহিষাণি চ মাংসানি ॥১০—১১॥

জনক বাক্য শ্রবণে তাঁহার বাক্যে বিশ্বাস করিতেই হইবে' এইরূপ মনে মনে চিন্তা করিয়া কৌশিক কৌতুকান্বিত হইয়া বন, গ্রাম ও নগর অতিক্রম করিতে থাকিয়া মিথিলায় গমন করিতে লাগিলেন ॥৪ ৫॥

ক্রমে কৌশিক যাইয়া জনকরাজরক্ষিত মনোহর মিথিলানগরীতে উপস্থিত হইলেন; সেই নগরীতে বহুতর ধর্ম্মধ্বজ, যজ্ঞ, উৎসবকার্য্য, পুরদ্বার, অট্টালিকা, ধনীর ভবন, প্রাচীর ও বহুতর বিমান ছিল। এহেন নগরীতে প্রবেশ করিয়া তিনি দেখিলেন - বহুতর বিক্রেয় দ্রব্য, সুন্দরভাবে বিভক্ত মহাপথ সকল, অশ্ব, রথ, হস্তী, বহুতর যোদ্ধা এবং হৃষ্ট ও পুষ্ট জন তথায় রহিয়াছে; আর সর্ব্বদাই উৎসব ও নানাবিধ ঘটনা চলিতেছে ॥৬—৯॥

'ধর্ম্মব্যাধ কোথায় আছেন' বলিয়া কৌশিক জিজ্ঞাসা করিলেন, তখন অন্য ব্রাহ্মণেরা উঁহার নিকট তাঁহার কথা বলিয়া দিলেন। তখন কৌশিক সেখানে যাইয়া দেখিলেন—কুৎসিতাকৃতি ধর্ম্মব্যাধ মাংসের দোকানের মধ্যে থাকিয়া

স তু জ্ঞাত্বা দ্বিজং প্রাপ্তং সহসা সম্ভ্রমোত্থিতঃ।
আজগাম যতো বিপ্রঃ স্থিত একান্ত আসনে ॥১২॥

ব্যাধ উবাচ।

অভিবাদয়ে ত্বাং ভগবন্! স্বাগতং তে দ্বিজোত্তম!।
অহং ব্যাধো হি ভদ্রং তে কিং করোমি প্রশাধি মাম্ ॥১৩॥
একপত্ন্যা যদুক্তোঽসি গচ্ছ ত্বং মিথিলামিতি।
জানাম্যেতদহং সর্ব্বং যদর্থং ত্বমিহাগতঃ ॥১৪॥
শ্রুত্বা চ তস্য তদ্বাক্যং স বিপ্রো ভৃশবিস্মিতঃ।
দ্বিতীয়মিদমাশ্চর্য্যমিত্যচিন্তয়ত দ্বিজঃ ॥১৫॥
অদেশস্থং হি তে স্থানমিতি ব্যাধোঽব্রবীদ্দ্বিজম্।
গৃহং গচ্ছাব ভগবন্! যদি তে রোচতেঽনঘ! ॥১৬॥

ভারতকৌমুদী

স ইতি। স ধর্ম্মব্যাধঃ। প্রাপ্তমাগতম্। সম্ভ্রমেণ ব্যস্ততয়া উত্থিতঃ ॥১২॥

অভীতি। তে তব, ভদ্রং মঙ্গলং কিম্। প্রশাধি উপদিশ ॥১৩॥

একেতি। এক এব পতির্যস্যাস্তয়া পতিব্রতয়া। এতেনাত্মনঃ সর্ব্বজ্ঞত্বং সূচিতম্ ॥১৪॥

শ্রুত্বেতি। ভৃশবিস্মিতঃ, আত্মনো বৃত্তান্তজ্ঞানদর্শনেন সর্ব্বজ্ঞত্বানুমানাদিতি ভাবঃ ॥১৫॥

অদেশেতি। তে তব, স্থানম্ ইদমবস্থানম্, অদেশস্থম্ অপ্রশস্তস্থানম্ ॥১৬॥

হরিণ ও মহিষের মাংস বিক্রয় করিতেছেন; সেখানে ক্রেতাদের অত্যন্ত ভিড় হইয়াছিল বলিয়া কৌশিক একপ্রান্তে রহিলেন ॥১০—১১॥

ক্রমে কৌশিক আসিয়াছেন—ইহা জানিয়া ধর্ম্মব্যাধ তৎক্ষণাৎ ব্যস্ততার সহিত উঠিয়া—কৌশিক একপ্রান্তে যেখানে আসনে অবস্থান করিতেছিলেন, সেইখানে আসিলেন ॥১২॥

ধর্ম্মব্যাধ বলিলেন—"ভগবন্ ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি আপনাকে অভিবাদন করিতেছি; আপনার সুখে আগমন হইয়াছে ত? আপনার মঙ্গল ত? আমিই সেই ব্যাধ; আমি আপনার কি করিব, আপনি আমাকে তাহার উপদেশ দিন ॥১৩॥

'আপনি মিথিলায় যান' এইরূপ আপনাকে যে পতিব্রতা বলিয়াছেন এবং আপনি যে জন্য এখানে আসিয়াছেন, সে সমস্তই আমি জানি" ॥১৪॥

কৌশিক ধর্ম্মব্যাধের সেই কথা শুনিয়া অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন এবং ভাবিলেন যে, 'ইহা দ্বিতীয় আশ্চর্য্য দেখিলাম' ॥১৫॥

(১২)...স্থিত একান্তদর্শনে—বা ব কা।

মার্কণ্ডেয় উবাচ।

বাঢ়মিত্যেব তং বিপ্রো হৃষ্টো বচনমব্রবীৎ।
অগ্রতস্তু দ্বিজং কৃত্বা স জগাম গৃহং প্রতি।
প্রবিশ্য চ গৃহং রম্যমাসনেনাভিপূজিতঃ ॥১৭॥
পাদ্যমাচমনীয়ঞ্চ প্রতিগৃহ্য দ্বিজোত্তমঃ।
ততঃ সুখোবিষ্টস্তং ব্যাধং বচনমব্রবীৎ ॥১৮॥
কর্ম্মৈতদ্বৈ ন সদৃশং ভবতঃ প্রতিভাতি মে।
অনুতপ্যে ভৃশং তাত! তব ঘোরেণ কর্ম্মণা ॥১৯॥

ব্যাধ উবাচ।

কুলোচিতমিদং কর্ম্ম পিতৃপৈতামহং মম।
বর্ত্তমানস্য মে ধর্ম্মে স্বে মন্যুং মা কৃথা দ্বিজ! ॥২০॥

ভারতকৌমুদী

বাঢ়মিতি। বাঢ়ম্ অবশ্যমেব ময়া ত্বদ্গৃহং গন্তব্যম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

পাদ্যমিতি। দ্বিজোত্তমঃ কৌশিকঃ ॥১৮॥

কর্ম্মেতি। এতৎ প্রাণিবধরূপং কর্ম্ম, ভবতো ন সদৃশম্, ধার্ম্মিকত্বাৎ ॥১৯॥

কুলেতি। স্বে স্বকীয়ে, মন্যুং দৈন্যম্, "সহজং কর্ম্ম কৌন্তেয়! সদোষমপি ন ত্যজেৎ" ইতি ন্যায়াদিত্যাশয়ঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

চিন্তয়িত্বেতি। আগোঽপরাধকৃতমনেনেত্যাগস্কৃতঃ ॥১—৬॥ বিমানৈঃ সাপ্তভৌমিকগৃহৈঃ ॥৭—৯॥ সূনা বধস্থানং তন্মধ্যে ॥১০—১৫॥ অদেশস্থম্ অযোগ্যদেশস্থম্ ॥১৬—২০॥

তাহার পর ধর্ম্মব্যাধ কৌশিককে বলিলেন—"ভগবন্! আপনার এই অবস্থানটা অযোগ্যস্থানে হইতেছে; অতএব আপনার যদি ইচ্ছা হয়, তবে চলুন, আমরা আমার বাড়ী যাই" ॥১৬॥

মার্কণ্ডেয় বলিলেন—"তখন কৌশিক আনন্দিত হইয়া ধর্ম্মব্যাধকে কহিলেন—"অবশ্যই যাইব"। তখন ধর্ম্মব্যাধ কৌশিককে অগ্রবর্ত্তী করিয়া আপন ভবনে গমন করিলেন এবং সুন্দর একখানি গৃহে প্রবেশ করিয়া আসন-দানপূর্ব্বক কৌশিককে সম্মানিত করিলেন ॥১৭॥

তাহার পর কৌশিক পাদ্য ও আচমনীয় গ্রহণ করিয়া সুখে উপবেশনপূর্ব্বক সেই ব্যাধকে বলিলেন—॥১৮॥

"এই কার্য্য আপনার উপযুক্ত নহে, ইহাই আমার ধারণা; সুতরাং আপনার এই ভয়ঙ্কর কার্য্যে আমি অত্যন্ত অনুতপ্ত হইতেছি" ॥১৯॥

ধর্ম্মব্যাধ বলিলেন—"ব্রাহ্মণ! ইহা আমার পিতৃপিতামহাদিক্রমে কুলো-

বিধাত্রা বিহিতং পূর্ব্বং কর্ম্ম স্বমনুপালয়ন্।
প্রযত্নাচ্চ গুরূ বৃদ্ধৌ শুশ্রূষেঽহং দ্বিজোত্তম ! ॥২১॥
সত্যং বদে নাভ্যসূয়ে যথাশক্তি দদামি চ।
দেবতাতিথিভৃত্যানামবশিষ্টেন বর্ত্তয়ে ॥২২॥
ন কুৎসয়াম্যহং কিঞ্চিন্ন গর্হে বলবত্তরম্।
কৃতমন্বেতি কর্ত্তারং পুরা কর্ম্ম দ্বিজোত্তম ! ॥২৩॥
কৃষিগোরক্ষবাণিজ্যমিহ লোকস্য জীবনম্।
দণ্ডনীতিস্ত্রয়ীবিদ্যা তেন লোকো ভবত্যুত ॥২৪॥
কর্ম্ম শূদ্রে কৃষির্বৈশ্যে সংগ্রামঃ ক্ষত্রিয়ে স্মৃতঃ।
ব্রহ্মচর্য্যং তপো মন্ত্রাঃ সত্যঞ্চ ব্রাহ্মণে সদা ॥২৫॥

ভারতকৌমুদী

বিধাত্রেতি। কর্ম্ম প্রাণিবধরূপম্। গুরূ মাতাপিতরৌ ॥২১॥
সত্যমিতি। নাভ্যসূয়ে পরদোষং নাবিষ্করোমি। বর্ত্তয়ে জীবিকাং নির্ব্বাহয়ামি ॥২২॥
নেতি। কুৎসাদিকর্ম্মণা পরজন্মনি দুঃখং ভবেদিতি ততো নিবর্ত্ত ইত্যাশয়ঃ ॥২৩॥
কৃষীতি। জীবনং জীবিকানির্ব্বাহোপায়ঃ। ত্রয়ীবিদ্যা বেদবিদ্যা। লোকঃ স্বর্গঃ ॥২৪॥
কর্ম্মেতি। কর্ম্ম দ্বিজানাং পরিচর্য্যাকার্য্যম্। তপো বৈধোপবাসাদি ॥২৫॥

ভারতভাবদীপঃ

গুরূ মাতাপিতরৌ ॥২১॥ নাভ্যসূয়ে পরগুণেষু দোষং নাবিষ্কুর্বে, বর্ত্তয়ে জীবামি ॥২২॥ কুৎসা বিদ্যমানদোষসংকীর্ত্তনম্, গর্হা অবিদ্যমানদোষারোপঃ। পুরাকৃতং কর্ম্মেতি

চিত কর্ম্ম; অতএব আমি আপন ধর্ম্মে রহিয়াছি বলিয়া আপনি অনুতাপ করিবেন না ॥২০॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি বিধাতৃবিহিত আপন ধর্ম্ম পালন করিতে থাকিয়া বিশেষ যত্নপূর্ব্বক বৃদ্ধ পিতা-মাতার শুশ্রূষা করিতেছি ॥২১॥

আমি সত্য বলি, কাহারও অসূয়া করি না, শক্তি অনুসারে দান করি এবং দেবতা, অতিথি ও ভৃত্যবর্গের ভোজনাবশিষ্ট ভোজন করিয়া জীবন ধারণ করি ॥২২॥

আর আমি কাহারও কুৎসা প্রকাশ করি না এবং বলবান্‌কেও নিন্দা করি না। কারণ, পূর্ব্বকৃত কর্ম্ম কর্ত্তার অনুসরণ করিয়া থাকে ॥২৩॥

এই জগতে কৃষি, গোপালন, বাণিজ্য, দণ্ডনীতি এবং বেদবিদ্যা—এই কয়টী লোকের জীবিকানির্ব্বাহের উপায় এবং তাহা দ্বারাই স্বর্গ হইয়া থাকে ॥২৪॥

শূদ্রের কার্য্য—দ্বিজাতিসেবা, বৈশ্যের কার্য্য—কৃষি, ক্ষত্রিয়ের কার্য্য—যুদ্ধ এবং ব্রাহ্মণের কার্য্য—ব্রহ্মচর্য্য, তপস্যা, মন্ত্ররক্ষা ও সত্যব্যবহার ॥২৫॥

রাজা প্রশাস্তি ধর্ম্মেণ স্বধর্ম্মনিরতাঃ প্রজাঃ।
বিকর্ম্মাণশ্চ যে কেচিত্তান্ যুনক্তি স্বকর্ম্মসু ॥২৬॥
ভেতব্যং হি সদা রাজ্ঞাং প্রজানামধিপা হি তে।
বারয়ন্তি বিকর্ম্মস্থং নৃপা মৃগমিবেষুভিঃ ॥২৭॥
জনকস্যেহ বিপ্রর্ষে! বিকর্ম্মস্থো ন বিদ্যতে।
স্বধর্ম্মনিরতা বর্ণাশ্চত্বারোঽপি দ্বিজোত্তম! ॥২৮॥
স এষ জনকো রাজা দুর্বৃত্তমপি চেৎ সুতম্।
দণ্ড্যং দণ্ডে নিক্ষিপতি তথা ন গ্লাতি ধার্ম্মিকম্ ॥২৯॥
সুযুক্তচারো নৃপতিঃ সর্ব্বং ধর্ম্মেণ পশ্যতি।
শ্রীশ্চ রাজ্যঞ্চ দণ্ডশ্চ ক্ষত্রিয়াণাং দ্বিজোত্তম! ॥৩০॥
রাজানো হি স্বধর্ম্মেণ শ্রিয়মিচ্ছন্তি ভূয়সীম্।
সর্ব্বেষামেব বর্ণানাং ত্রাতা রাজা ভবত্যুত ॥৩১॥

ভারতকৌমুদী

রাজেতি। বিকর্ম্মাণো বিরুদ্ধকর্ম্মকারিণঃ। যুনক্তি ব্যাপারয়তি ॥২৬॥
ভেতব্যমিতি। বারয়ন্তীত্যতঃ পরোপকারিত্বান্মান্যা অপীতি ভাবঃ ॥২৭॥
জনকস্যেতি। জনকস্য রাজ্ঞ ইহ রাজ্যে ॥২৮॥
স ইতি। নিক্ষিপতি প্রেরয়তি। গ্লাতি অপমানেন গ্লপয়তি ॥২৯॥
স্বিতি। সুষ্ঠু যুক্তাঃ কর্ম্মসু ব্যাপারিতাশ্চারা গূঢ়পুরুষা যেন সঃ ॥৩০॥

রাজা ধর্ম্ম অনুসারে স্বধর্ম্মনিরত প্রজাবর্গকে শাসন করিয়া থাকেন এবং যাহারা বিরুদ্ধকর্ম্মকারী, তাহাদিগকে আপন আপন কর্ম্মে ব্যাপৃত করেন ॥২৬॥

সর্ব্বদাই রাজাদের ভয় করিবে। কারণ, রাজারা প্রজাদের অধিপতি এবং বাণদ্বারা যেরূপ হরিণকে বারণ করে, সেইরূপ তাঁহারা বিরুদ্ধকর্ম্মকারীকে বারণ করেন ॥২৭॥

ব্রহ্মর্ষি! জনকরাজার এই রাজ্যে বিরুদ্ধকর্ম্মকারী কোন লোক নাই; ব্রাহ্মণ-প্রভৃতি চারিটী বর্ণ ই আপন আপন কর্ম্মে নিরত আছেন ॥২৮॥

তার পর, আপন পুত্রও যদি দুর্বৃত্ত ও দণ্ডার্হ হয়, তবে এই জনকরাজা তাহারও দণ্ড বিধান করেন এবং ধার্ম্মিকের অবমাননা করেন না ॥২৯॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! রাজা নিপুণভাবে গুপ্তচর নিযুক্ত করিয়া ধর্ম্ম অনুসারেই সমস্ত পর্য্যবেক্ষণ করেন এবং সম্পদ, রাজ্য ও দণ্ড ক্ষত্রিয়েরই হাতে থাকে ॥৩০॥

রাজারা আপন ধর্ম্ম অনুসারেই প্রচুর সম্পদ লাভ করিবার ইচ্ছা করেন এবং রাজাই সকল বর্ণের রক্ষক হন ॥৩১॥

পরেণ হি হতান্ ব্রহ্মন্ ! বরাহমহিষানহম্ ।
ন স্বয়ং হন্মি বিপ্রর্ষে ! বিক্রীণামি সদাহপ্যহম্ ॥৩২॥
ন ভক্ষয়ামি মাংসানি ঋতুগামী সদা হ্যহম্ ।
সদোপবাসী চ তথা নক্তং ভোজী সদা দ্বিজ ! ॥৩৩॥
অশীলশ্চাপি পুরুষো ভূত্বা ভবতি শীলবান্ ।
প্রাণিহিংসারতিশ্চাপি ভবতে ধার্ম্মিকঃ পুনঃ ॥৩৪॥
ব্যভিচারান্নরেন্দ্রাণাং ধর্ম্মঃ সঙ্কীর্য্যতে মহান্ ।
অধর্ম্মো বর্ত্ততে চাপি সঙ্কীর্য্যন্তে ততঃ প্রজাঃ ॥৩৫॥
ভেরুণ্ডা বামনাঃ কুব্জাঃ স্থূলশীর্ষাস্তথৈব চ ।
ক্লীবাশ্চান্ধাশ্চ বধিরা জায়ন্তে স্তব্ধলোচনাঃ ॥৩৬॥
পার্থিবানামধর্ম্মত্বাৎ প্রজানামভবঃ সদা ।
স এষ রাজা জনকঃ প্রজা ধর্ম্মেণ পশ্যতি ।
অনুগৃহ্লন্ প্রজাঃ সর্ব্বাঃ স্বধর্ম্মনিরতাঃ সদা ॥৩৭॥

ভারতকৌমুদী

রাজান ইতি। শ্রিয়মাত্মনঃ সম্পদম্। উতশব্দঃ পাদপূরণে ॥৩১॥
মাংসবিক্রয়েহপ্যাত্মনো হিংসায়া অভাবমাহ—পরেণেতি। অন্বহং প্রত্যহম্ ॥৩২॥
নেতি। ঋতুগামী ঋতুকাল এব ভার্য্যাগামী। সদা দিনেষু। নক্তং রাত্রৌ ॥৩৩॥
অশীল ইতি। শীলবান্ ভবতি সৎসংসর্গাৎ। ধার্ম্মিকো ভবতে, স্বধর্ম্মাচরণাৎ ॥৩৪॥
ব্যভীতি। সঙ্কীর্য্যতে পরস্পরমিশ্রিতো ভবতি। পরত্রাপ্যেবম্ ॥৩৫॥
ভেরুণ্ডা ইতি। ভেরুণ্ডা বিকটাকারাঃ, "ভেরুণ্ডো ভীমদর্শনে" ইতি বিশ্বঃ ॥৩৬॥
পার্থিবানামিতি। অধর্ম্মত্বাদধার্ম্মিকত্বাৎ। অভবঃ অমঙ্গলম্। ষট্‌পাদোহয়ং শ্লোকঃ ॥৩৭॥

ব্রহ্মর্ষি ! অন্য লোক যে সকল বরাহ ও মহিষ বধ করে, আমি তাহাই প্রত্যহ বিক্রয় করি ; কিন্তু আমি নিজে কোন প্রাণী বধ করি না ॥৩২॥

আমি মাংস ভক্ষণ করি না, সর্ব্বদা ঋতুকালেই ভার্য্যাগমন করি এবং দিনে উপবাসী থাকিয়া রাত্রিতে ভোজন করি ॥৩৩॥

মানুষ অসচ্চরিত্র হইয়াও সৎসংসর্গে সচ্চরিত্র হইতে পারে, আবার প্রাণিহিংসায় রত থাকিয়াও স্বধর্ম্মাচরণে ধার্ম্মিক হইতে পারে ॥৩৪॥

রাজাদের ব্যভিচারেই নির্ম্মল ধর্ম্ম সঙ্কীর্ণ হইয়া যায় এবং অধর্ম্মও চলিতে থাকে ; আবার তাহাতেই প্রজারাও সঙ্কীর্ণ হইতে থাকে ॥৩৫॥

ক্রমে বিকটাকার, খর্ব্ব, কুব্জ, স্থূলমস্তক, নপুংসক, অন্ধ, বধির ও স্তব্ধনয়ন লোক সকল জন্মিতে থাকে ॥৩৬॥

যে চৈব মাং প্রশংসন্তি যে চ নিন্দন্তি মানবাঃ।
সর্ব্বান্ সুপরিণীতেন কর্ম্মণা তোষয়াম্যহম্ ॥৩৮॥
যে জীবন্তি স্বধর্ম্মেণ সংযুঞ্জন্তি চ পার্থিবাঃ।
ন কিঞ্চিদুপজীবন্তি দান্তা উত্থানশীলিনঃ ॥৩৯॥
শক্ত্যান্নদানং সততং তিতিক্ষা ধর্ম্মনিত্যতা।
যথার্হং প্রতিপূজা চ সর্ব্বভূতেষু বৈ সদা ॥৪০॥
ত্যাগান্নান্যত্র মর্ত্ত্যানাং গুণাস্তিষ্ঠন্তি পূরুষে।
মৃষাবাদং পরিহরেৎ কুর্য্যাৎ প্রিয়মযাচিতঃ ॥৪১॥

ভারতকৌমুদী

য ইতি। সুপরিণীতেন সুষ্ঠু কৃতেন তদুপকারজনকেন কর্ম্মণা ॥৩৮॥

য ইতি। যে পার্থিবাঃ পৃথিবীচারিণো জনাঃ, স্বধর্ম্মেণ জীবন্তি, স্বধর্ম্মেণাত্মানং সংযুঞ্জন্তি, দান্তা ইন্দ্রিয়দমনকারিণঃ, উত্থানশীলিন উদ্যমবন্তশ্চ ভবন্তি, তে কিঞ্চিদপি পরসাহায্যম্, নোপজীবন্তি নাশ্রয়ন্তি ॥৩৯॥

শক্ত্যেতি। তিতিক্ষা সহিষ্ণুতা, যথার্হং যথাযোগ্যং কর্ত্তব্যেতি শেষঃ ॥৪০॥

ত্যাগাদিতি। ত্যাগাদন্যত্র ত্যাগং বিনা। প্রিয়ং পরস্য ॥৪১॥

ভারতভাবদীপঃ

সম্বন্ধঃ ॥২৩॥ লোকঃ পরলোকঃ ॥২৪—২৮॥ ন গ্লাতি ন গ্লানিং নয়তি ॥২৯—৩৪॥ অভিচারাৎ স্বৈরগতেঃ ॥৩৫॥ ভেরুণ্ডাঃ ভয়ানকাঃ ॥৩৬—৩৭॥ সুপরিণীতেন সাধুনা যে সংযুঞ্জন্তি সম্যগ্‌যোগং সেনানিবেশং কুর্ব্বন্তি, ত এব পার্থিবা অন্যে চোরা ইত্যর্থঃ ॥৩৮—৪১॥

রাজাদের অধর্ম্মেই সর্ব্বদা প্রজাদের অমঙ্গল হয়; কিন্তু আমাদের এই জনকরাজা স্বধর্ম্মনিরত সকল প্রজার উপরেই অনুগ্রহ করিতে থাকিয়া ধর্ম্ম অনুসারেই তাহাদের পর্য্যবেক্ষণ করিয়া থাকেন ॥৩৭॥

যে সকল লোক আমার প্রশংসা করে, কিংবা যাহারা আমার নিন্দা করে, তাহাদের সকলকেই আমি সৎকর্ম্মদ্বারা সন্তুষ্ট করি ॥৩৮॥

যে সকল লোক স্বধর্ম্ম অনুসারে জীবিকা নির্ব্বাহ করে এবং স্বধর্ম্মেই লিপ্ত থাকে এবং ইন্দ্রিয়জয়ী ও উদ্যমশালী হয়, তাহারা পরের সাহায্য গ্রহণ করে না ॥৩৯॥

মানুষ শক্তি অনুসারে অন্নদান, সর্ব্বদা সহিষ্ণুতা, ধর্ম্মনিষ্ঠা এবং সমস্ত প্রাণীর প্রতিই যথাযোগ্য আদর করিবে ॥৪০॥

মানুষসম্বন্ধে ত্যাগ ব্যতীত মানুষের গুণসমূহ থাকিতে পারে না। মানুষ মিথ্যা কথা পরিত্যাগ করিবে এবং অযাচিতভাবে পরের প্রিয়কার্য্য করিবে ॥৪১॥

ন চ কামান্ন সংরম্ভান্ন দ্বেষাদ্ধর্ম্মমুৎসৃজেৎ।
প্রিয়ে নাতিভৃশং হৃষ্যেদপ্রিয়ে ন চ সংজ্বরেৎ।
ন মুহ্যেদর্থকৃচ্ছ্রেষু ন চ ধর্ম্মং পরিত্যজেৎ ॥৪২॥
কর্ম্ম চেৎ কিঞ্চিদন্যৎ স্যাদিতরন্ন তদাচরেৎ।
যৎ কল্যাণমভিধ্যায়েত্তত্রাত্মানং নিযোজয়েৎ ॥৪৩॥
ন পাপে প্রতিপাপঃ স্যাৎ সাধুরেব সদা ভবেৎ।
আত্মনৈব হতঃ পাপো যঃ পাপং কর্ত্তুমিচ্ছতি ॥৪৪॥
কর্ম্ম চৈতদসাধূনাং বৃজিনানামসাধুকম্।
ন ধর্ম্মোঽস্তীতি মন্বানাঃ শুচীনবহসন্তি যে ॥৪৫॥
অশ্রদ্দধানা ধর্ম্মস্য তে নশ্যন্তি ন সংশয়ঃ।
মহাদৃতিরিবাধ্মাতঃ পাপো ভবতি নিত্যদা ॥৪৬॥

ভারতকৌমুদী

নেতি। সংরম্ভাৎ ক্রোধাৎ। সংজ্বরেৎ সন্তপ্তো ভবেৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪২॥

কর্ম্মেতি। অন্যৎ হিতবিপরীতম্, ইতরৎ দ্বিতীয়ম্। অভিধ্যায়েদ্বুধ্যেত ॥৪৩॥

নেতি। পাপে অনিষ্টকারিণি জনে, প্রতিপাপঃ প্রত্যনিষ্টকারী ॥৪৪॥

কর্ম্মেতি। যে ধর্ম্মো নাস্তীতি মন্বানাঃ, শুচীন্ ধর্ম্মাচরণেন পবিত্রান্ জনানবহসন্তি, তেষামসাধূনাং বৃজিনানাং পাপিনাম্, এতদবহাসাত্মকং কর্ম্মাপি অসাধুকমেব ॥৪৫॥

ভারতভাবদীপঃ

সংরম্ভাদ্ভয়াৎ ॥৪২॥ অন্যৎ বিপরীতং স্যাৎ ইতরস্তাদৃশং দ্বিতীয়ং কল্যাণমেবাত্মনঃ পরস্য চাভিধ্যায়েৎ জানীয়াৎ ॥৪৩॥ পাপে পাপিনি প্রতিপাপঃ প্রতিপাপী ন স্যাৎ ॥৪৪॥ বৃজিনানাং ব্যসনবতাম্ অসাধুশ্চোরাদিবত্তদ্বৎ ॥৪৫॥ দৃতির্ভস্ত্রা, আধ্মাতঃ সন্নসারো-

---

ইচ্ছা, দ্বেষ ও ক্রোধবশতঃ ধর্ম্ম ত্যাগ করিবে না, প্রিয় বস্তু পাইয়া অত্যন্ত আনন্দিত হইবে না, অপ্রিয়সংযোগেও অত্যন্ত সন্তপ্ত হইবে না এবং অর্থকষ্ট উপস্থিত হইলেও অধীর হইবে না বা ধর্ম্মত্যাগ করিবে না ॥৪২॥

দৈববশতঃ যদি কোন অহিতকর কার্য্য হইয়া থাকে, তবে পুনরায় তাহা করিবে না এবং যে কার্য্য শুভজনক বুঝিবে, তাহাতেই আত্মনিয়োগ করিবে ॥৪৩॥

অপকারীর প্রতি প্রত্যপকারী হইবে না, সর্ব্বদা সাধুই থাকিবে। কারণ, যে অপকার করিতে ইচ্ছা করে, সে নিজেই নিজের অনিষ্ট করে ॥৪৪॥

ধর্ম্ম নাই—এইরূপ মনে করিয়া যাহারা ধার্ম্মিকদিগকে উপহাস করে, সেই অসৎ পাপিষ্ঠদিগের সে উপহাসও অসৎ ॥৪৫॥

---

(৪৫)···বৃজিনানামসাধুবৎ—বা ব কা।

মূঢ়ানামবলিপ্তানামসারং ভাষিতং ভবেৎ।
দর্শয়ত্যন্তরাত্মা তং দিবা রূপমিবাংশুমান্ ॥৪৭॥
ন লোকে রাজতে মূর্খঃ কেবলাত্মপ্রশংসয়া।
অপি চেহ মৃজাহীনঃ কৃতবিদ্যঃ প্রকাশতে ॥৪৮॥
অব্রুবন্ কস্যচিন্নিন্দামাত্মপূজামবর্ণয়ন্।
ন কশ্চিদ্গুণসম্পন্নঃ প্রকাশো ভুবি দৃশ্যতে ॥৪৯॥
বিকর্ম্মণা তপ্যমানঃ পাপাদ্বিপরিমুচ্যতে।
ন তৎ কুর্য্যাং পুনরিতি দ্বিতীয়াৎ পরিমুচ্যতে ॥৫০॥

ভারতকৌমুদী

অশ্রদ্দধানা ইতি। তে অবহাসকারিণঃ ধর্ম্মস্যোপরি অশ্রদ্দধানা অবিশ্বাসিনঃ সন্ত এব নশ্যন্তি। অত্র সংশয়ো নাস্তি। যেন হি আধ্মাতো বায়ুপূর্ণঃ, মহাদৃতিঃ বিশালচর্ম্মপুটমিব, নিত্যদা তেষামাত্মা পাপঃ পাপস্ফীতো ভবতি। "দৃতিশ্চর্ম্মপুটে মৎস্যে" ইতি মেদিনী ॥৪৬॥

মূঢ়ানামিতি। অবলিপ্তানাং গর্ব্বিতানাং মূঢ়ানাং ভাষিতমসারং ভবেৎ। যেন হি অংশুমান্ সূর্য্যঃ, দিবা দিনে রূপমিব, অন্তরাত্মৈব তং তৎস্বরূপং দর্শয়তি ॥৪৭॥

নেতি। মূর্খ উজ্জ্বলমূর্ত্তিরপীতি ভাবঃ। মৃজাহীনঃ শরীরসংস্কারশূন্যঃ ॥৪৮॥

অব্রুবন্নিতি। আত্মনঃ পূজাং গৌরবম্। প্রকাশঃ স্বয়ং প্রকাশিতস্বরূপঃ ॥৪৯॥

বীতি। বিকর্ম্মণা কৃতেন পাপকর্ম্মণা। ইতি সঙ্কল্পোতি শেষঃ ॥৫০॥

ভারতভাবদীপঃ

হপি পুষ্টো ভবেৎ ॥৪৬॥ তদ্বন্মূঢ়ানাং ভাবিতং চিন্তিতম্ অন্তরাত্মৈব তং মূঢ়ং দর্শয়তি মূঢ়স্য মৌঢ্যমেব স্বরূপজ্ঞাপকম্ ॥৪৭॥ মৃজাহীনঃ মলিনদেহঃ। শ্রিয়েতি পাঠান্তরে স্পষ্টোঽর্থঃ ॥৪৮॥ মূঢ়মতমাহ—অব্রুবন্নিতি ॥৪৯॥ পাপাৎ প্রাক্কৃতাৎ দ্বিতীয়াৎ করিষ্যমাণাৎ

তাহারা ধর্ম্মের উপরে অবিশ্বাস করিয়াই বিনষ্ট হয়, এবিষয়ে কোন সন্দেহ নাই। কারণ, বায়ুপূর্ণ বিশাল চর্ম্মপুটকের ন্যায় তাহাদের আত্মা সর্ব্বদা পাপে স্ফীত হয় ॥৪৬॥

মূর্খ অথচ গর্ব্বিত লোকের বাক্য অসারই হয়। কারণ, সূর্য্য যেমন দিনে স্বরূপ প্রকাশ করেন, তেমন অন্তরাত্মাই তাহার স্বরূপ প্রকাশ করিয়া দেয় ॥৪৭॥

উজ্জ্বলমূর্ত্তি মূর্খ কেবল আত্মপ্রশংসাদ্বারা লোকসমাজে প্রকাশ পায় না; কিন্তু কৃতবিদ্য লোক শরীরসংস্কারহীন হইয়াও প্রকাশ পাইয়া থাকেন ॥৪৮॥

গুণবান্ কোন লোকই কাহারও নিন্দা না করিয়া বা আত্মপ্রশংসা না করিয়া প্রকাশ পাইয়াছেন—এরূপ জগতে দেখা যায় না ॥৪৯॥

---

(৪৭) "অসারং ভাবিতং ভবেৎ—বা ব কা।

কর্ম্মণা যেন তেনেহ পাপাদ্দ্বিজবরোত্তম ! ।
এবং শ্রুতিরিয়ং ব্রহ্মন্ ! ধর্ম্মেষু প্রতিদৃশ্যতে ॥৫১॥
পাপান্যবুদ্ধেহ পুরা কৃতানি প্রাগ্ ধর্ম্মশীলোঽপি বিহন্তি পশ্চাৎ ।
ধর্ম্মো রাজন্ নুদতে পুরুষাণাং যৎ কুর্ব্বতে পাপমিহ প্রমাদাৎ ॥৫২॥
পাপং কৃত্বা হি মন্যেত নাহমস্মীতি পূরুষঃ ।
তং তু দেবাঃ প্রপশ্যন্তি স্বস্যৈবান্তরপূরুষঃ ॥৫৩॥
চিকীর্ষেদেব কল্যাণং শ্রদ্দধানোঽনসূয়কঃ ।
বসনস্যেব চ্ছিদ্রাণি সাধূনাং বিবৃণোতি যঃ ॥৫৪॥

ভারতকৌমুদী

কর্ম্মণেতি। যেন তেন বৈধেন কর্ম্মণা পাপাৎ পরিমুচ্যেত ইত্যনুবৃত্তিঃ ॥৫১॥

পাপানীতি। প্রাগ্ ধর্ম্মশীলোঽপি জনঃ, পুরা পূর্ব্বম্, অবুদ্ধ্বা কৃতানি পাপানি, পশ্চাদিহ প্রায়শ্চিত্তাদিনা বিহন্তি। কিঞ্চ পুরুষাঃ প্রমাদাদনবধানতাবশাৎ ইহ যৎ পাপং কুর্ব্বতে, রাজন্ তীর্থসেবাদিনা প্রকাশমানো ধর্ম্মঃ, পুরুষাণাং নুদতে তৎ পাপং দূরীকরোতি ॥৫২॥

পাপমিতি। পূরুষঃ পাপং কৃত্বা অহং পাপী নাস্মি ইতি মন্যেত চেত্তদা দেবাস্তং পাপিত্বেনৈব প্রপশ্যন্তি, স্বস্য অন্তরপূরুষঃ অন্তরাত্মা চৈব প্রপশ্যতি ॥৫৩॥

ভারতভাবদীপঃ

॥৫০॥ কর্ম্মণেতি। যেন তেনেতি জপতপস্তীর্থাদ্যন্যতমেন যেন কেনচিদপি পাপাৎ পরিমুচ্যেত ইত্যনুষজ্যতে। স ব্রাহ্মণঃ কেন স্যাদ্যেন স্যাত্তেনেদৃশ এব স্যাদিতি শ্রুতির্হি—"ধর্ম্মেষু ধর্ম্মোৎপত্তিবিষয়া জ্ঞানোৎপত্তৌ ত্বেক এব শ্রবণাদিমার্গো নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়ে"তি শ্রূয়তে ॥৫১॥ প্রাক্কৃতানীতি সম্বন্ধঃ ॥৫২—৫৩॥ চিকীর্ষেদিতি। যঃ সাধূনাং ছিদ্রাণি ধনাদিহীনতয়া রিক্তানি শ্রদ্ধাদীনি যঃ বিবৃণোতি ধনাদিদানেন বিবৃণোতি বিশেষতঃ বিদ-

---

মানুষ পাপকার্য্য করিয়া অনুতপ্ত হইলে পাপ হইতে মুক্ত হয় এবং পুনরায় তাহা করিবে না—এইরূপ সঙ্কল্প করিয়া পাপ হইতে মুক্ত থাকে ॥৫০॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! যে কোন বৈধ কর্ম্ম দ্বারাই পাপ হইতে মুক্ত হইতে পারে ; ধর্ম্মবিষয়ে এইরূপ শ্রুতি দেখা যায় ॥৫১॥

মানুষ প্রথমে ধার্ম্মিক হইয়াও না বুঝিয়া যদি পাপ করে, তবে তাহা পরে নষ্ট করিতে পারে ; আর যাহারা অনবধানতাবশতঃ যে পাপ করে, তাহাদের ধর্ম্মকার্য্য সে পাপ দূর করিয়া থাকে ॥৫২॥

মানুষ পাপ করিয়া যদি মনে করে যে, আমি পাপী নহি, তবে তাহাকে দেবতারা পাপী বলিয়াই দেখেন এবং তাহার অন্তরাত্মাও তাহাকে পাপী বলিয়াই দেখে ॥৫৩॥

পাপঞ্চেৎ পুরুষঃ কৃত্বা কল্যাণমভিপদ্যতে।
মুচ্যতে সর্ব্বপাপেভ্যো মহাভ্রেণেব চন্দ্রমাঃ ॥৫৫॥
যথাদিত্যঃ সমুদ্যন্ বৈ তমঃ পূর্ব্বং ব্যপোহতি।
এবং কল্যাণমাতিষ্ঠন্ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥৫৬॥
পাপানাং বিদ্ধ্যধিষ্ঠানং লোভমেব দ্বিজোত্তম!।
লুব্ধাঃ পাপং ব্যবস্যন্তি নরা নাতিবহুশ্রুতাঃ ॥৫৭॥
অধর্ম্মা ধর্ম্মরূপেণ তৃণৈঃ কূপা ইবাবৃতাঃ।
তেষাং দমঃ পবিত্রাণি প্রলাপা ধর্ম্মসংশ্রিতাঃ।
সর্ব্বং হি বিদ্যতে তেষু শিষ্টাচারঃ সুদুর্লভঃ ॥৫৮॥

ভারতকৌমুদী

চিকীর্ষেদিতি। যঃ, বসনস্যেব সাধূনাং ছিদ্রাণি রন্ধ্রাণি দোষাংশ্চ বিবৃণোতি, স শ্রদ্দধানঃ অনসূয়কশ্চ সন্, কল্যাণং কল্যাণজনকং প্রায়শ্চিত্তং চিকীর্ষেদেব ॥৫৪॥

পাপমিতি। কল্যাণং কল্যাণজনকং প্রায়শ্চিত্তম্। মহাভ্রেণ মহামেঘেন ॥৫৫॥

যথেতি। সমুদ্যন্ সমুদয়মানঃ। কল্যাণং প্রায়শ্চিত্তম্ ॥৫৬॥

পাপানামিতি। ব্যবস্যন্তি যত্নেন কুর্ব্বন্তি, নাতিবহুশ্রুতা অল্পজ্ঞাঃ ॥৫৭॥

অধর্ম্মা ইতি। তৃণৈঃ কূপা ইব, যেষাম্ অধর্ম্মাশ্চৌর্য্যাদয়ঃ, ধর্ম্মরূপেণ গৈরিকবসনাদিনা আবৃতাস্তিষ্ঠন্তি, তেষাং দম ইন্দ্রিয়নিগ্রহঃ, পবিত্রাণি তীর্থস্নানাদীনি, ধর্ম্মসংশ্রিতাঃ প্রলাপাশ্চ ইত্যাদিকং সর্ব্বং বিদ্যত এব। কিন্তু তেষু শিষ্টাচারঃ সুদুর্লভ এব ভবতি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৮॥

ভারভভাবদীপঃ

ধাতি ॥৫৪॥ স কল্যাণং মোক্ষোপায়ং কর্ত্তুমিচ্ছেদেব সাধুসেবনজাৎ পুণ্যান্মুমুক্ষা উদেতীত্যর্থঃ ॥৫৫॥ যথেতি। মুমুক্ষা পাপনাশপূর্ব্বিকৈবোদেতীতি ভাবঃ ॥৫৬—৫৭॥ অধর্ম্মা ইতি লুব্ধাঃ ধর্ম্মশূন্যা অপি ধর্ম্মস্য রূপমিব রূপং যস্য তেন দম্ভেন আবৃতাঃ তেষাং দম্ভিনাম্

যে লোক বস্ত্রের ছিদ্রের ন্যায় সাধুর দোষ প্রকাশ করে, সে লোক বিশ্বাসী ও অসূয়াশূন্য হইয়া সে পাপের প্রায়শ্চিত্ত করিবার ইচ্ছা করিবেই ॥৫৪॥

মানুষ পাপ করিয়া যদি প্রায়শ্চিত্ত করে, তবে চন্দ্র যেমন মহামেঘমুক্ত হন, তেমন সেও সমস্ত পাপমুক্ত হইতে পারে ॥৫৫॥

সূর্য্য উদিত হইতে থাকিয়াই যেমন পূর্ব্বে অন্ধকার নাশ করেন, তেমন মানুষ প্রায়শ্চিত্ত আরম্ভ করিয়াই পূর্ব্বে পাপ নষ্ট করে ॥৫৬॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি লোভকেই পাপের অধিষ্ঠান বলিয়া মনে করুন। কারণ, অল্পজ্ঞ লুব্ধ লোকেরাই পাপ করিয়া থাকে ॥৫৭॥

(৫৮) শ্লোকাৎ পরং...'...দশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ'—নি।

মার্কণ্ডেয় উবাচ।

স তু বিপ্রো মহাপ্রাজ্ঞো ধর্ম্মব্যাধমপৃচ্ছত।
শিষ্টাচারং কথমহং বিদ্যামিতি নরোত্তম ! ॥৫৯॥
এতদিচ্ছামি ভদ্রং তে শ্রোতুং ধর্ম্মভৃতাং বর ! ।
ত্বত্তো মহামতে ! ব্যাধ ! তদ্‌ব্রবীহি যথাতথম্ ॥৬০॥

ব্যাধ উবাচ।

যজ্ঞো দানং তপো বেদাঃ সত্যঞ্চ দ্বিজসত্তম ! ।
পঞ্চৈতানি পবিত্রাণি শিষ্টাচারেষু নিত্যদা ॥৬১॥
কামক্রোধৌ বশে কৃত্বা দম্ভং লোভমনার্জ্জবম্।
ধর্ম্মমিত্যেব সন্তুষ্টাস্তে শিষ্টাঃ শিষ্টসম্মতাঃ ॥৬২॥
ন তেষাং বিদ্যতে বৃত্তং যজ্ঞস্বাধ্যায়শীলিনাম্।
আচারপালনঞ্চৈব দ্বিতীয়ং শিষ্টলক্ষণম্ ॥৬৩॥

ভারতকৌমুদী

স ইতি। বিদ্যাং জানীয়াম। নরোত্তমেতি যুধিষ্ঠিরসম্বোধনম ॥৫৯॥

এতদিতি। তে তব ভদ্রং মঙ্গলমস্তু। ত্বত্তস্তব সকাশাৎ ॥৬০॥

যজ্ঞ ইতি। তপো বৈধক্লেশকরণম্, বেদা বেদপাঠঃ, সত্যং সত্যব্যবহারঃ ॥৬১॥

কামেতি। বশে কৃত্বা বিজিত্য। অনার্জ্জবং কৌটিল্যম্। ধর্ম্মং করোমীত্যেব ॥৬২॥

ভারতভাবদীপঃ

অতএব দম্ভিনাং সাধুনাঞ্চ বিশেষানবগমাৎ তেষু দম্ভিষু শিষ্টাচারঃ সুদুর্লভঃ দুর্ব্বোধ ইত্যর্থঃ ॥৫৮—৬০॥ শিষ্টাচারমাহ যজ্ঞ ইতি ॥৬১॥ শিষ্টলক্ষণমাহ—কামেতি ॥৬২॥ বৃত্তং বৃত্তং

তৃণদ্বারা কূপ যেমন আবৃত থাকে, সেইরূপ ধার্ম্মিকবেশদ্বারা যাহাদের পাপ আবৃত থাকে, তাহাদের ইন্দ্রিয়দমন, পবিত্র কার্য্য এবং ধর্ম্মসম্বন্ধ আলাপপ্রভৃতি ধার্ম্মিকের লক্ষণ সমস্তই থাকে ; কিন্তু তাহাদের শিষ্টাচার অতিদুর্লভ হয়” ॥৫৮॥

মার্কণ্ডেয় বলিলেন—“নরশ্রেষ্ঠ যুধিষ্ঠির ! মহাপ্রাজ্ঞ সেই ব্রাহ্মণ (কৌশিক) ধর্ম্মব্যাধকে জিজ্ঞাসা করিলেন—‘আমি কি প্রকারে শিষ্টাচার জানিব ? ॥৫৯॥

ধার্ম্মিকশ্রেষ্ঠ মহামতি ব্যাধ ! আপনার মঙ্গল হউক ; আমি আপনার নিকট হইতে এই শিষ্টাচারই শুনিতে ইচ্ছা করি, আপনি যথাযথভাবে তাহাই বলুন” ॥৬০॥

ধর্ম্মব্যাধ বলিলেন—“ব্রাহ্মণশ্রেষ্ঠ ! যজ্ঞ, দান, তপস্যা, বেদপাঠ ও সত্যব্যবহার —এই পাঁচটী পবিত্র কার্য্য সর্ব্বদাই শিষ্টাচারের মধ্যে গণ্য হয় ॥৬১॥

যাঁহারা—কাম, ক্রোধ, কপটতা, লোভ ও কুটিলতা পরিত্যাগ করিয়া কেবল ধর্ম্ম লইয়াই সন্তুষ্ট থাকেন, তাঁহারাই শিষ্টসম্মত শিষ্ট ॥৬২॥

গুরুশুশ্রূষণং সত্যমক্রোধো দানমেব চ।
এতচ্চতুষ্টয়ং ব্রহ্মন্! শিষ্টাচারেষু নিত্যদা ॥৬৪॥
শিষ্টাচারে মনঃ কৃত্বা প্রতিষ্ঠাপ্য চ সর্ব্বশঃ।
যাময়ং লভতে বৃত্তিং সা ন শক্যা হ্যতোঽন্যথা ॥৬৫॥
বেদস্যোপনিষৎ সত্যং সত্যস্যোপনিষদ্দমঃ।
দমস্যোপনিষত্ত্যাগঃ শিষ্টাচারেষু নিত্যদা ॥৬৬॥
যে তু ধর্ম্মানসূয়ন্তে বুদ্ধিমোহান্বিতা নরাঃ।
অপথা গচ্ছতাং তেষামনুযাতাপি পীড্যতে ॥৬৭॥
যে তু শিষ্টাঃ সুনিয়তাঃ শ্রুতিত্যাগপরায়ণাঃ।
ধর্ম্ম্যং পন্থানমারূঢ়াঃ সত্যধর্ম্মপরায়ণাঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

নেতি। বৃত্তং নূতন আচারঃ। আচারস্য চিরন্তনস্য পালনম্ ॥৬৩॥
গুর্ব্বিতি। তৃতীয়শিষ্টলক্ষণে এতচ্চতুষ্টয়মিত্যাশয়ঃ ॥৬৪॥
শিষ্টেতি। মনঃ তৎসঙ্কল্পম্। বৃত্তিং যশঃপ্রতিপত্তিম্। ন শক্যা লব্ধুম্ ॥৬৫॥
বেদস্যেতি। অত্রোপনিষৎপদেন সারো লক্ষ্যতে। নিত্যদা প্রতিষ্ঠিত ইতি শেষঃ ॥৬৬॥
য ইতি। অপথা কুমার্গেণ। অনুযাতা অনুগন্তাপি পীড্যতে দুঃখৈঃ ॥৬৭॥

ভারতভাবদীপঃ

স্বেচ্ছোপাত্তমিতি যাবৎ। "বৃত্তোঽধীতেঽপ্যতীতেঽতিবর্ত্তুলেঽপি মৃতে বৃতে" ইতি মেদিনী ॥৬৩—৬৪॥ অতোঽন্যথা গুরুশুশ্রূষণাদ্যভাবে ॥৬৫॥ বেদস্যেতি। উপনিষদ্রহস্যং সত্যং ব্রহ্ম তদজ্ঞানে বেদো নিষ্ফল ইত্যর্থঃ। এবং দমাভাবে সত্যং নাস্তি ত্যাগাভাবে দমোঽপি নাস্তীত্যর্থঃ ॥৬৬॥ অপথা অপমার্গেণ অনুযাতা অনুগন্তা ॥৬৭॥ শ্রুতিশ্চ ত্যাগশ্চ

সেই যজ্ঞ ও স্বাধ্যায়শীল ব্যক্তিগণের নূতন কোন আচার থাকে না, প্রাচীন আচার পালন করাই দ্বিতীয় শিষ্টলক্ষণ ॥৬৩॥

ব্রাহ্মণ! গুরুশুশ্রূষা, সত্যব্যবহার, ক্রোধপরিত্যাগ এবং দান—এই চারিটী কার্য্য সর্ব্বদাই শিষ্টাচারে প্রয়োজনীয় ॥৬৪॥

মানুষ শিষ্টাচারে মনকে প্রবৃত্ত ও সংস্থাপিত করিয়া সর্ব্বপ্রকারে যে যশ লাভ করে, তাহা অন্যপ্রকারে লাভ করিতে পারে না ॥৬৫॥

বেদের সার—সত্য, সত্যের সার—ইন্দ্রিয়দমন এবং ইন্দ্রিয়দমনের সার—ত্যাগ; এই তিনটাই সর্ব্বদা শিষ্টাচারে প্রতিষ্ঠিত আছে ॥৬৬॥

বুদ্ধিমোহযুক্ত যে সকল লোক ধর্ম্মের দোষ আবিষ্কার করে, তাহারা কুপথে গমন করে; সুতরাং তাহাদের অনুগামী লোকও দুঃখে পীড়িত হয় ॥৬৭॥

(৬৮) ১. ধর্ম্মপন্থানমারূঢ়াঃ—বা ব কা নি।

নিয়চ্ছন্তি পরাং বুদ্ধিং শিষ্টাচারান্বিতা জনাঃ।
উপাধ্যায়মতে যুক্তাঃ স্থিত্যা ধর্ম্মার্থদর্শিনঃ ॥৬৯॥ (যুগ্মকম্)
নাস্তিকান্ ভিন্নমর্য্যাদান্ ক্রূরান্ পাপমতৌ স্থিতান্।
ত্যজ তান্ জ্ঞানমাশ্রিত্য ধার্ম্মিকানুপসেব্য চ ॥৭০॥
কামলোভগ্রহাকীর্ণাং পঞ্চেন্দ্রিয়জলাং নদীম্।
নাবং ধৃতিময়ীং কৃত্বা জন্মদুর্গাণি সন্তর ॥৭১॥
ক্রমেণ সঞ্চিতো ধর্ম্মো বুদ্ধিযোগময়ো মহান্।
শিষ্টাচারে ভবেৎ সাধু রাগঃ শুক্লে ব বাসসি ॥৭২॥

ভারতকৌমুদী

য ইতি। সুনিয়তাঃ সুষ্ঠু বেদোক্তনিয়মবন্তঃ, শ্রুতিশ্চ ত্যাগশ্চ তৌ পরম্ অয়নম্ আশ্রয়ো যেষাং তে। উপাধ্যায়স্য গুরোর্মতে স্থিত্যা যুক্তাঃ সমাহিতাঃ, ধর্ম্মার্থদর্শিনশ্চ ভবন্তি, তে শিষ্টাচারান্বিতা জনাঃ, পরাং মুক্তিবিষয়ামপি বুদ্ধিম্, নিয়চ্ছন্তি নিরুন্ধন্তি নির্বীজসমাধিভাজো ভবন্তীত্যর্থঃ ॥৬৮—৬৯॥

উপদিশতি নাস্তিকানিতি। ভিন্নমর্য্যাদান্ ত্যক্তধর্ম্মপথস্থিতীন্ ॥৭০॥

কামেতি। ধৃতিময়ীং যোগরূপাম্, নাবং তরিং কৃত্বা, কামলোভাবেব গ্রহৌ গ্রাহৌ হস্ত্যাজ্জলজন্তু তাভ্যামাকীর্ণাং ব্যাপ্তাম্, কর্ণাদীনি পঞ্চ ইন্দ্রিয়াণ্যেব গ্রহসঞ্চরণস্থলত্বাজ্জলানি যস্যাং তাম্, নদীং দেহরূপামিত্যর্থঃ অতীত্যেতি শেষঃ, জন্মান্যেব দুর্নাশত্বাদ্দুর্গাণি, সন্তর উত্তর। "ধৃতির্যোগান্তরে ধৈর্য্যে ধারণাধ্বরতুষ্টিষু" ইতি বিশ্বঃ ॥৭১॥

ক্রমেণেতি। অত্র ইবার্থে ব ইতি নিপাতঃ। তথা চ শুক্লে বাসসি রাগো ব রক্তিমেব শিষ্টাচারে, ক্রমেণ সঞ্চিতঃ বুদ্ধিযোগময়ো জ্ঞানযোগরূপো মহান্ ধর্ম্মঃ, সাধুঃ শোভনো ভবেৎ, উৎকর্ষাধায়কত্বাদিত্যাশয়ঃ ॥৭২॥

আর, যে সকল শিষ্ট লোক বেদবিহিতনিয়মশালী, বেদের আলোচনায় ও ত্যাগে নিরত, ধর্ম্মসঙ্গতপথে আরূঢ়, সত্য-ধর্ম্মপরায়ণ, গুরুর মতে থাকিয়া যোগাভ্যাসী এবং ধর্ম্মার্থদর্শী—সেই সকল শিষ্টাচারান্বিত লোক পরম বুদ্ধিকেও নিরুদ্ধ করেন (অর্থাৎ নির্বীজ সমাধি লাভ করেন) ॥৬৮—৬৯॥

আপনি জ্ঞান অবলম্বন ও ধার্ম্মিকসেবা করিয়া মর্য্যাদাভ্রষ্ট, ক্রূরচিত্ত এবং পাপবুদ্ধিসম্পন্ন নাস্তিকদিগকে পরিত্যাগ করুন ॥৭০॥

আর, আপনি যোগরূপ নৌকা অবলম্বন করিয়া—কাম ও ক্রোধরূপ জলজন্তুপূর্ণ এবং পঞ্চেন্দ্রিয়রূপ-জলশালী দেহরূপ নদী অতিক্রম করিয়া জন্মরূপ দুর্গ উত্তীর্ণ হউন ॥৭১॥

শুভ্র বস্ত্রে রক্তিমা যেমন মনোহর হয়, তেমন শিষ্টাচারে ক্রমসঞ্চিত বুদ্ধিযোগরূপ গুরুতর ধর্ম্ম মনোহর হইয়া থাকে ॥৭২॥

অহিংসা সত্যবচনং সর্ব্বভূতহিতং পরম্।
অহিংসা পরমো ধর্ম্মঃ স চ সত্যে প্রতিষ্ঠিতঃ।
সত্যে কৃত্বা প্রতিষ্ঠাস্তু প্রবর্ত্তন্তে প্রবৃত্তয়ঃ ॥৭৩॥
সত্যমেব গরীয়স্তু শিষ্টাচারনিষেবিতম্।
আচারশ্চ সতাং ধর্ম্মঃ সন্তশ্চাচারলক্ষণাঃ ॥৭৪॥
যো যথাপ্রকৃতির্জন্তুঃ স স্বাং প্রকৃতিমশ্নুতে।
পাপাত্মা ক্রোধকামাদীন্ দোষানাপ্নোত্যনাত্মবান্ ॥৭৫॥
আরম্ভো ন্যায়যুক্তো যঃ স হি ধর্ম্ম ইতি স্মৃতঃ।
অনাচারস্ত্বধর্ম্মেতি এতচ্ছিষ্টানুশাসনম্ ॥৭৬॥

ভারতকৌমুদী

অহিংসেতি। প্রতিষ্ঠাং নির্ভরম্। প্রবৃত্তয়ঃ সতামিত্যর্থঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৩॥
সত্যমিতি। শিষ্টৈঃ স্বাচারে নিষেবিতম্। আচারলক্ষণা আচারেণৈব নিরূপণীয়াঃ ॥৭৪॥
য ইতি। অশ্নুতে সর্ব্বকর্ম্মকালে অনুসরতি। অনাত্মবান্ অসংযতচিত্তঃ ॥৭৫॥
আরম্ভ ইতি। আরম্ভ আচারঃ। শিষ্টানামনুশাসনমুপদেশঃ ॥৭৬॥

ভারতভাবদীপঃ

তে দ্বে পরম্ অয়নং স্থানং যেষাং তে শ্রুতিত্যাগপরায়ণাঃ ॥৬৮॥ পরাং বুদ্ধিম্, আত্মাকারাং বৃত্তিমপি নিযচ্ছন্তি নিগৃহ্নন্তি পরবৈরাগ্যবন্ত ইত্যর্থঃ ॥৬৯—৭১॥ শিষ্টাচারবতি শুক্লপটোপমে যোগধর্ম্মঃ রাগ ইব সাধুর্ভবেৎ। শুক্লেব বেতি ইবার্থে। "ববাযথাতথৈবৈবম্" ইত্যমরঃ ॥৭২॥ অহিংসাং সত্যঞ্চ স্তৌতি—অহিংসেতি। প্রতিষ্ঠাং স্থৈর্য্যম্ ॥৭৩—৭৪॥ যো যথেত্যর্দ্ধং ব্যাচষ্টে পাপাত্মেত্যাদিনা। অনাত্মবান্ অজিতচিত্তঃ ॥৭৫—৭৬॥ অহঙ্কারে

অহিংসা ও সত্যবাক্য—এই দুইটীই সকল প্রাণীর পরম হিতকর; তাহার মধ্যে অহিংসা—পরম ধর্ম্ম; তাহা আবার সত্যে প্রতিষ্ঠিত আছে। আর সত্যের উপরে নির্ভর করিয়াই সাধুলোকের প্রবৃত্তি হইয়া থাকে ॥৭৩॥

শিষ্টেরা আপন আপন আচারে সত্যকেই প্রধানভাবে অবলম্বন করিয়া থাকেন; আর সদাচারই সজ্জনের ধর্ম্ম; সুতরাং সদাচারদ্বারাই সজ্জনের নিরূপণ হয় ॥৭৪॥

যে প্রাণীর যেমন স্বভাব, সেই প্রাণী কার্য্যকালে তেমন স্বভাবেরই অনুসরণ করে। যেমন পাপাত্মা ও অসংযতচিত্ত লোক কামক্রোধাদিদোষ পাইয়া থাকে ॥৭৫॥

যে আচার ন্যায়সঙ্গত, তাহাই ধর্ম্ম; আবার যে আচার ন্যায়সঙ্গত নহে, তাহাই অধর্ম্ম; ইহাই শিষ্টদিগের উপদেশ ॥৭৬॥

অক্রুধ্যন্তোঽনসূয়ন্তো নিরহঙ্কারমৎসরাঃ।
ঋজবঃ শমসম্পন্নাঃ শিষ্টাচারা ভবন্তি তে ॥৭৭॥
ত্রৈবিদ্যবৃদ্ধাঃ শুচয়ো বৃত্তবন্তো মনস্বিনঃ।
গুরুশুশ্রূষবো দান্তাঃ শিষ্টাচারা ভবন্ত্যত ॥ ৮॥
তেষামহীনসত্ত্বানাং দুষ্করাচারকর্ম্মণাম্।
স্বৈং কর্ম্মভিঃ সৎকৃতানাং ঘোরত্বং সম্প্রণশ্যতি ॥৭৯॥
তং সদাচারমাস্থায় পুরাণং শাশ্বতং ধ্রুবম্।
ধর্ম্মং ধর্ম্মেণ পশ্যন্তং স্বর্গং যান্তি মনীষিণঃ ॥৮০॥

ভারতকৌমুদী

অক্রুধ্যন্ত ইতি। "মৎসরোঽন্যশুভদ্বেষে" ইত্যমরঃ। ঋজবঃ সরলাঃ ॥৭৭॥

ত্রৈবিদ্যেতি। ত্রৈবিদ্যে ঋগ্‌যজুঃসামবেদবিদ্যাসু বৃদ্ধা উপচিতজ্ঞানাঃ ॥৭৮॥

তেষামিতি। অহীনসত্ত্বানাম্ অনল্লাধ্যবসায়ানাম্। ঘোরত্বং হিংসা ॥৭৯॥

তমিতি। মনীষিণঃ তং সদাচারম্, আস্থায় অবলম্ব্য, ধর্ম্মেণ ধর্ম্মদৃষ্ট্যা, ধর্ম্মম্, পুরাণং প্রাচীনম্, শাশ্বতম্ অবিচ্ছিন্নম্, ধ্রুবম্ অবশ্যকর্ত্তব্যম্, পশ্যন্তঃ. অতএবানুতিষ্ঠন্ত ইত্যাশয়ঃ, তদ্বলেন স্বর্গং যান্তি ॥৮০॥

ভারতভাবদীপঃ

দর্পঃ, মৎসরঃ পরদোষাসহিষ্ণুত্বং তদ্বর্জ্জিতাঃ। শিষ্টং গুরুশাস্ত্রোক্তম্, আচরন্তঃ শিষ্টাচারাঃ ॥৭৭॥ ত্রৈবিদ্যবৃদ্ধাঃ তিস্রো বিদ্যা ঋগ্‌যজুঃসামাত্মিকা যত্র স ত্রিবিদ্যো যজ্ঞস্তত্র সাধবস্ত্রৈবিদ্যা যাজ্ঞিকাঃ বৃত্তং শীলং তদ্বন্তঃ মনস্বিনঃ জিতচিত্তাঃ ॥৭৮॥ দুষ্করাচারকর্ম্মণাম্ অন্যৈর্দুষ্করঃ আচারঃ শীলং কর্ম্ম যজ্ঞাদি যেষাং তেষাং ঘোরত্বং হিংসাদিদোষবত্ত্বম্ ॥৭৯॥

যাঁহারা—ক্রোধ, অসূয়া, অহঙ্কার ও মাৎসর্য্য পরিত্যাগ করেন এবং সরল ও শমগুণশালী হন, তাঁহারাই শিষ্টাচারী বলিয়া গণ্য হন ॥৭৭॥

এবং যাঁহারা তিনটী বেদেই বিশেষ বিদ্বান্, পবিত্র, সচ্চরিত্র, প্রশস্তচিত্ত, গুরুশুশ্রূষাকারী ও ইন্দ্রিয়জয়ী, তাঁহারাও শিষ্টাচারী বলিয়া গণ্য হন ॥৭৮॥

যাঁহাদের অধ্যবসায় গুরুতর এবং আচার ও কর্ম্ম অন্যের পক্ষে দুষ্কর; আর যাঁহারা আপন কর্ম্মদ্বারাই লোকমধ্যে আদৃত, তাঁহাদের হিংসাপ্রবৃত্তি আপনা হইতেই বিনষ্ট হইয়া যায় ॥৭৯॥

বুদ্ধিমান্ লোকেরা সেই সদাচার অবলম্বন করিয়া ধর্ম্মদৃষ্টিতে ধর্ম্মকে প্রাচীন, অবিচ্ছিন্ন ও অবশ্য কর্ত্তব্য দেখিয়া তাহার অনুষ্ঠান করিতে থাকিয়া স্বর্গে গমন করেন ॥৮০॥

---

(৮০) তং সদাচারমাশ্চর্য্যম্—বা ব কা নি।

আস্তিকা মানহীনাশ্চ দ্বিজাতিজনপূজকাঃ।
শ্রুতবৃত্তোপসম্পন্নাস্তে সন্তঃ স্বর্গবাসিনঃ ॥৮১॥
বেদোক্তঃ পরমো ধর্ম্মো ধর্ম্মশাস্ত্রেষু চাপরঃ।
শিষ্টাচারশ্চ শিষ্টানাং ত্রিবিধং ধর্ম্মলক্ষণম্ ॥৮২॥
ধারণঞ্চাপি বিদ্যানাং তীর্থানামবগাহনম্।
ক্ষমাসত্যার্জ্জবং শৌচং সতামাচারদর্শনম্ ॥৮৩॥
সর্ব্বভূতদয়াবন্তো হ্যহিংসানিরতাঃ সদা।
পরুষঞ্চ ন ভাষন্তে সদা সন্তো দ্বিজপ্রিয়াঃ ॥৮৪॥
শুভানামশুভানাঞ্চ কর্ম্মণাং ফলসিদ্ধয়ে।
বিপাকমভিজানন্তি তে শিষ্টাঃ শিষ্টসম্মতাঃ ॥৮৫॥

ভারতকৌমুদী

আস্তিকা ইতি। মানহীনা অহঙ্কারশূন্যাঃ। শ্রুতং শাস্ত্রজ্ঞানম্, বৃত্তং সচ্চরিত্রম্ ॥৮১॥

বেদেতি। বেদোক্তো দর্শযাগাদিঃ, ধর্ম্মশাস্ত্রেষু জন্মাষ্টম্যুপবাসাদিঃ, শিষ্টাচারো হোলাকাদিঃ। স্মৃতাবপ্যুক্তম্—"বেদঃ স্মৃতিঃ সদাচারো ধর্ম্মমূলমিদং স্মৃতম্" ॥৮২॥

ধারণমিতি। আচারদর্শনম্ আচারদর্শনেন তৎপালনম্। এতান্যপি ধর্ম্মলক্ষণানি ॥৮৩॥

সর্ব্বেতি। পরুষং নিষ্ঠুরম্। ঈদৃশাঃ সন্তোঽপি শিষ্টা ইত্যাশয়ঃ ॥৮৪॥

ভারতভাবদীপঃ

আশ্চর্য্যমসতাং দুরনুষ্ঠেয়ত্বাৎ সদাচারং সদ্ভিরাচীর্ণং পুরাণমনাদি, শাশ্বতম্ অনবচ্ছিন্নম্ ধ্রুবং নিত্যম্ অত্যাজ্যমিত্যর্থঃ ॥৮০-৮১॥ বেদোক্তোঽগ্নিহোত্রাদিঃ, ধর্ম্মশাস্ত্রোক্তঃ অষ্টকাশ্রাদ্ধাদিঃ, শিষ্টাচারঃ হোলকাদিঃ শিষ্টানাং তুষ্টিরিতি শেষঃ। তদুক্তমভিযুক্তৈঃ–"সতাং হি সন্দেহপদেষু বস্তুষু প্রমাণমন্তঃকরণস্য বৃত্তয়ঃ" ইতি। অস্যাপি শিষ্টাচারে এবান্তর্ভাবাৎ ত্রিবিধমিত্যুক্তম্, পারণং সমাপনম্ ॥৮২—৮৪॥ বিপাকং ক্রমেণ পুণ্যপাপয়োঃ ক্ষয়ং তেন পুণ্যহ্রাসহেতুঃ সুখং নেষ্টব্যং পাপহ্রাসহেতুর্দুঃখং সোঢ়ব্যমিতি ভাবঃ ॥৮৫॥ ন্যায়ো যুক্তিঃ

যাঁহারা আস্তিক, অহঙ্কারশূন্য, দ্বিজাতিগণের সম্মানকারী এবং শাস্ত্রজ্ঞান ও সচ্চরিত্রসম্পন্ন, সেই সাধু লোকেরাই স্বর্গবাসী হন ॥৮১॥

বেদোক্ত, স্মৃত্যুক্ত ও শিষ্টাচারপ্রাপ্ত এই ত্রিবিধ ধর্ম্ম; সুতরাং শিষ্টলোকের পক্ষে বেদপ্রভৃতি ত্রিবিধ প্রমাণই ধর্ম্মের নিয়ামক ॥৮২॥

বিদ্যাধারণ, তীর্থস্নান, ক্ষমা, সত্য, সরলতা, পবিত্রতা এবং সজ্জনের আচার দেখিয়া তাহার অনুষ্ঠান – এইগুলিও ধর্ম্মের লক্ষণ ॥৮৩॥

সাধুলোকেরা সর্ব্বদাই সর্ব্বভূতে দয়া করেন, অহিংসায় নিরত থাকেন, কাহাকেও নিষ্ঠুর কথা বলেন না এবং ব্রাহ্মণপ্রিয় হন ॥৮৪॥

---

(৮১) ...সন্তঃ স্বর্গনিবাসিনঃ—বা ব কা। (৮৩) পারণঞ্চাপি বিদ্যানাম্—বা ব কা নি।

ন্যায়োপেতা গুণোপেতাঃ সর্ব্বলোকহিতৈষিণঃ।
সন্তঃ স্বর্গজিতঃ শুক্লাঃ সন্নিবিষ্টাশ্চ সৎপথে ॥৮৬॥
দাতারঃ সংবিভক্তারো দীনানুগ্রহকারিণঃ।
সর্ব্বপূজ্যাঃ শ্রুতধনাস্তথৈব চ তপস্বিনঃ ॥৮৭॥
সর্ব্বভূতদয়াবন্তস্তে শিষ্টাঃ শিষ্টসম্মতাঃ।
দাননিষ্ঠাঃ সুখাল্লোঁকানাপ্নুবন্তীহ চ শ্রিয়ম্ ॥৮৮॥ (বিশেষকম্)
পীড়য়া চ কলত্রস্য ভৃত্যানাঞ্চ সমাহিতাঃ।
অতিশক্ত্যা প্রয়চ্ছন্তি সন্তঃ সদ্ভিঃ সমাগতাঃ ॥৮৯॥
লোকযাত্রাঞ্চ পশ্যন্তো ধর্ম্মমাত্মহিতানি চ।
এবং সন্তো বর্ত্তমানাস্ত্বেধন্তে শাশ্বতীঃ সমাঃ ॥৯০॥
অহিংসা সত্যবচনমানৃশংস্যমথার্জ্জবম্।
অদ্রোহো নাভিমানশ্চ হ্রীস্তিতিক্ষা দমঃ শমঃ ॥৯১॥

ভারতকৌমুদী

শুভানামিতি। বিপাকং পরিণামং সুখং দুঃখঞ্চ ॥৮৫॥

ন্যায়েতি। ন্যায় ঔচিত্যম্, গুণা দয়াদয়ঃ। শুক্লা নির্ম্মলান্তঃকরণাঃ। সংবিভক্তারঃ সম্যগ্-বিভজ্য পরিজনেষু খাদ্যাদিসমর্পয়িতারঃ। শ্রুতং শাস্ত্রজ্ঞানমেব ধনং যেষাং তে। সুখান্ সুখ-জনকান্, লোকান্ স্বর্গান্, ইহ লোকে চ ॥৮৬—৮৮॥

পীড়য়েতি। সদ্ভিঃ প্রার্থিভিঃ সমাগতাঃ সম্মিলিতাঃ সন্তো জনাঃ, সমাহিতা একাগ্রচিত্তাঃ সন্তঃ, কলত্রস্য ভৃত্যানাঞ্চ পীড়য়া পীড়াঙ্গীকারেণাপি অতিশক্ত্যা প্রয়চ্ছন্তি ॥৮৯॥

লোকেতি। এধন্তে বর্দ্ধন্তে, শাশ্বতীঃ সমা বহূন্ বৎসরানিত্যর্থঃ ॥৯০॥

অহিংসেতি। আনৃশংস্যম্ অনিষ্ঠুরতা, আর্জ্জবং সারল্যম্। হ্রীর্লজ্জা, তিতিক্ষা

যাঁহারা ফললাভের জন্য শুভ ও অশুভ কর্ম্মের পরিণাম জানেন, তাঁহারাই শিষ্টসম্মত শিষ্ট ॥৮৫॥

আর, যাঁহারা ন্যায়বান্, গুণবান, সর্ব্বলোকহিতৈষী, সৎপ্রকৃতি, স্বর্গজয়ী, নির্ম্মলচিত্ত, সৎপথগামী, দাতা, পরিজনপালক, দরিদ্রের প্রতি অনুগ্রহকারী, শাস্ত্রজ্ঞানসম্পন্ন, তপস্বী এবং সর্ব্বভূতের প্রতি দয়ালু, সর্ব্বজনমান্য শিষ্টসম্মত সেই সকল দাতা শিষ্টগণ ইহলোকে সমৃদ্ধি এবং পরলোকে স্বর্গ লাভ করেন ॥৮৬—৮৮॥

সাধুলোক প্রার্থী হইয়া উপস্থিত হইলে, সজ্জনেরা মনোযোগী হইয়া ভৃত্য-কলত্রাদির কষ্ট অঙ্গীকার করিয়াও শক্তির অধিক দান করিয়া থাকেন ॥৮৯॥

সংসারযাত্রা, ধর্ম্ম এবং নিজের হিত দেখিতে থাকিয়া এবং এই নিয়মে চলিতে থাকিয়া সজ্জনেরা বহুকাল পর্য্যন্ত সমৃদ্ধ থাকেন ॥৯০॥

ধীমন্তো ধৃতিমন্তশ্চ ভূতানামনুকম্পকাঃ।
অকামদ্বেষসংযুক্তাস্তে সন্তো লোকসাক্ষিণঃ ॥৯২॥ (যুগ্মকম্)
ত্রীণ্যেব তু পদান্যাহুঃ সতাং ব্রতমনুত্তমম্।
ন চৈব দ্রুহ্যেদ্দদ্যাচ্চ সত্যঞ্চৈব সদা বদেৎ ॥৯৩॥
সর্ব্বত্র চ দয়াবন্তঃ সন্তঃ করুণবেদিনঃ।
গচ্ছন্তীহ সুসন্তুষ্টা ধর্ম্মপন্থানমুত্তমম্।
শিষ্টাচারা মহাত্মানো যেষাং ধর্ম্মঃ সুনিশ্চিতঃ ॥৯৪॥
অনসূয়া ক্ষমা শান্তিঃ সন্তোষঃ প্রিয়বাদিতা।
কামক্রোধপরিত্যাগঃ শিষ্টাচারনিষেবণম্ ॥৯৫॥

ভারতকৌমুদী

সহিষ্ণুতা, দমো বহিরিন্দ্রিয়নিগ্রহঃ, শমঃ অন্তরিন্দ্রিয়নিগ্রহঃ। এভির্গুণৈর্যুক্তা ইত্যর্থঃ। ধৃতিমন্তো ধৈর্য্যশালিনঃ। লোকসাক্ষিণঃ সজ্জননিয়মদ্রষ্টারঃ ॥৯১—৯২॥

ত্রীণীতি। মুনয়ঃ ত্রীণ্যেব পদানি বস্তূনি, অনুত্তমং সতাং ব্রতমাহুঃ ॥৯৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-
সমাস্যায়াং মনুষ্যগ্রহকথনে দ্বিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

ইতীতি। গ্রহাণামুদ্দেশো নাম। মহেশ্বরং দেবং প্রতি উক্তান্ ॥৫৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি
মার্কণ্ডেয়সমাস্যায়াং দ্বিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

ব্রাহ্ম্যাদীনাম্, তাসাং প্রজানামীশ্বরাঃ পিত্রাদয়ঃ ॥১৯॥ প্রজাঃ অস্মদাদ্যাঃ নমস্কৃতা যূয়ং মরেতি শেষঃ ॥২০—৫৭॥ মিথ্যাভিশাপগ্রস্তানামপি স্কন্দমাতৄণাং বালগ্রহত্বাদিনা চাধিকারপ্রাপ্তিঃ কিমুত সাক্ষাদ্দোষকর্ত্তৄণামতঃ সর্ব্বদোষপরিহারার্থং মহেশ্বরঃ পূজ্য ইত্যুপসংহরতি—অপ্র-কীর্ণেন্দ্রিয়মিতি ॥৫৮—৫৯॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৯২॥

—:*:—

দেবতায় ও শাস্ত্রে শ্রদ্ধাশীল লোককে সর্ব্বদাই গ্রহগণ পরিত্যাগ করিয়া থাকে ॥৫৮॥

রাজা! এই তোমার নিকট মানুষের গ্রহগণের নাম বলিলাম; এই গ্রহেরা মহাদেবের ভক্ত লোকদিগকে স্পর্শ করে না” ॥৫৯॥

—:০:—

* ‘…পঞ্চবিংশত্যধিকদ্বিশততমঃ…’—পি, ‘…একোনত্রিংশদধিকদ্বিশততমঃ ..’—বা ব, ‘…ত্রিংশদধিকদ্বিশততমঃ…’—কা নি।

ত্রিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

মার্কণ্ডেয় উবাচ।

যদা স্কন্দেন মাতৃণামেবমেতৎ প্রিয়ং কৃতম্।
অথৈনমব্রবীৎ স্বাহা মম পুত্রস্ত্বমৌরসঃ ॥১॥
ইচ্ছাম্যহং ত্বয়া দত্তাং প্রীতিং পরমদুর্লভাম্।
তামব্রবীত্ততঃ স্কন্দঃ প্রীতিমিচ্ছসি কীদৃশীম্ ॥২॥

স্বাহোবাচ।

দক্ষস্যাহং প্রিয়া কন্যা স্বাহা নাম মহাভুজ!।
বাল্যাৎ প্রভৃতি নিত্যঞ্চ জাতকামা হুতাশনে ॥৩॥
ন স মাং কামিনীং পুত্র! সম্যগ্‌জানাতি পাবকঃ।
ইচ্ছামি শাশ্বতং বাসমহং বস্তুং সহাগ্নিনা ॥৪॥

ভারতকৌমুদী

যদেতি। এতৎ পূর্ব্বোক্তরূপম্। ঔরস আত্মজাতঃ। অতো মমৈব ত্বম্ ॥১॥
ইচ্ছামীতি। প্রীতিং প্রীতিকারণম্ ॥২॥
দক্ষস্যেতি। বাল্যাৎ বাল্যকালাতিক্রমাৎ ॥৩॥
নেতি। কামিনীম্ আত্মানং প্রতি কামবতীম্। শাশ্বতং নিত্যম্, বস্তুং কর্ত্তুম্ ॥৪॥

মার্কণ্ডেয় বলিলেন—"কার্ত্তিক যখন এইভাবে মাতৃগণের এইরূপ প্রিয়কার্য্য করিলেন, তখন স্বাহাদেবী তাঁহাকে বলিলেন—"স্কন্দ! তুমি আমার আত্মজাত পুত্র ॥১॥

অতএব ত্বৎপ্রদত্ত পরমদুর্লভ প্রীতি আমি লাভ করিতে ইচ্ছা করি"। তাহার পর কার্ত্তিক তাঁহাকে বলিলেন—"আপনি কিরূপ প্রীতি ইচ্ছা করেন?" ॥২॥

স্বাহা বলিলেন—"মহাবাহু! আমি দক্ষের প্রিয়তমা কন্যা, আমার নাম—'স্বাহা'। আমি বাল্যকাল অতীত হওয়ার পর হইতেই সর্ব্বদা অগ্নিদেবের প্রতি জাতকামা আছি ॥৩॥

কিন্তু পুত্র! সে অগ্নিদেব আমাকে নিজের প্রতি জাতকামা বলিয়া সম্পূর্ণ জানেন না, অতএব আমি সর্ব্বদাই অগ্নিদেবের সহিত বাস করিতে ইচ্ছা করি" ॥৪॥

---

(৪) ··বাসং পুত্র। বস্তুম্—বা ব কা নি

স্কন্দ উবাচ।

হব্যং কব্যঞ্চ যৎকিঞ্চিদ্দ্বিজা মন্ত্রসুসংস্কৃতম্।
হোষ্যন্ত্যগ্নৌ সদা দেবি! স্বাহেত্যুক্ত্বা সমুদ্ধৃতম্ ॥৫॥
অদ্য প্রভৃতি দাস্যন্তি সুবৃত্তাঃ সৎপথে স্থিতাঃ।
এবমগ্নিস্ত্বয়া সার্দ্ধং সদা বৎস্যতি শোভনে। ॥৬॥ (যুগ্মকম্)

মার্কণ্ডেয় উবাচ।

এবমুক্তা ততঃ স্বাহা তুষ্টা স্কন্দেন পূজিতা।
পাবকেন সমাযুক্তা ভর্ত্রা স্কন্দমপূজয়ৎ ॥ ॥
ততো ব্রহ্মা মহাসেনং প্রজাপতিরথাব্রবীৎ।
অভিগচ্ছ মহাদেবং পিতরং ত্রিপুরার্দ্দনম্ ॥৮॥
রুদ্রেণাগ্নিং সমাবিশ্য স্বাহামাবিশ্য চোময়া।
হিতার্থং সর্ব্বলোকানাং জাতস্ত্বমপরাজিতঃ ॥৯॥

ভারতকৌমুদী

হব্যমিতি। হব্যং দৈবম্, কব্যঞ্চ পৈত্রং দ্রব্যম্। সুবৃত্তাঃ সচ্চরিত্রাঃ ॥৫-৬॥
এবমিতি। ভর্ত্রা পাবকেন সমাযুক্তা ভাবিনাত্যর্থঃ। অপূজয়ৎ আদ্রিয়ত ॥৭॥
তত ইতি। মহাসেনং কার্ত্তিকেয়ম্। ব্রহ্মপদস্য ব্রাহ্মণপরত্বনিরাসার্থং প্রজাপতিপদম্ ॥৮॥
রুদ্রেণেতি। অপরাজিতঃ কৃত্বা জাতো জনিতঃ। সকর্ম্মকত্বমার্ষম্ ॥৯॥

কার্ত্তিক বলিলেন—“দেবি! সচ্চরিত্র ও সৎপথে স্থিত দ্বিজাতিরা মন্ত্রদ্বারা সংস্কার করিয়া যে কিছু হব্য বা কব্য অগ্নিতে হোম করিবেন, সে সমস্তই উত্তোলনপূর্ব্বক ‘স্বাহা’ বলিয়া সমর্পণ করিবেন। শোভনে! এইরূপ হইলেই অগ্নিদেব সর্ব্বদা আপনার সহিত বাস করিবেন” ॥৫—৬॥

মার্কণ্ডেয় কহিলেন—“কার্ত্তিক এইরূপ বলিয়া পূজা করিলে, স্বাহাদেবী ভর্ত্তা অগ্নিদেবের সহিত মিলিত হইবেন ভাবিয়া সন্তুষ্ট হইয়া কার্ত্তিকের আদর করিলেন ॥৭॥

তাহার পর প্রজাপতি ব্রহ্মা কার্ত্তিককে বলিলেন—“কার্ত্তিক! তুমি এখন তোমার পিতা ত্রিপুরাসুরহন্তা মহাদেবের নিকট গমন কর ॥৮॥

মহাদেব অগ্নিদেবের শরীরে এবং উমাদেবী স্বাহাদেবীর শরীরে প্রবেশ করিয়া সমস্ত লোকের হিতের জন্য তোমাকে অপরাজিত করিয়া উৎপাদন করিয়াছেন ॥৯॥

---

(৫)…দ্বিজানাং মন্ত্রসংস্কৃতম্—বা ব কা নি।

উমাযোন্যাঞ্চ রুদ্রেণ শুক্রং সিক্তং মহাত্মনা।
অস্মিন্ গিরৌ নিপতিতং মিঞ্জিকামিঞ্জিকং ততঃ।
সম্ভূতং লোহিতোদে তু শুক্রশেষমথাপতৎ ॥১০॥
সূর্য্যরশ্মিষু চাপ্যন্যদন্যচ্চৈবাপতদ্ভুবি।
আসক্তমন্যদ্‌বৃক্ষেষু তদেবং পঞ্চধাঽপতৎ ॥১১॥
তত্র তে বিবিধাকারা গণা জ্ঞেয়া মনীষিভিঃ।
তত্র পারিষদা ঘোরা য এতে পিশিতাশিনঃ ॥১২॥

মার্কণ্ডেয় উবাচ। *

এবমস্ত্বিতি চাপ্যুক্ত্বা মহাসেনো মহেশ্বরম্।
অপূজয়দমেয়াত্মা পিতরং পিতৃবৎসলঃ ॥১৩॥
অর্কপুষ্পৈস্তু তে পঞ্চ গণাঃ পূজ্যা ধনার্থিভিঃ।
ব্যাধিপ্রশমনার্থঞ্চ তেষাং পূজাং সমাচরেৎ ॥১৪॥

ভারতকৌমুদী

উমেতি। মিঞ্জিকামিঞ্জিকং পারিষদানাং স্ত্রীপুংসযুগলম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১০॥
সূর্য্যেতি। অন্যৎ শুক্রশেষম্। পঞ্চধা বিভক্তমিতি শেষঃ ॥১১॥
তত্রেতি। তত্র গির্য্যাদিষু, গণা অনুচরসমূহাঃ। পিশিতাশিনো মাংসভোজিনঃ ॥১২॥
এবমিতি। মহাসেনঃ কার্ত্তিকেয়ঃ। অমেয়াত্মা অজ্ঞেয়স্বভাবঃ ॥১৩॥
অর্কেতি। পঞ্চ—পঞ্চস্থানজাতত্বাদেব পঞ্চবিধাঃ, গণাঃ কার্ত্তিকানুচরসংঘাঃ ॥১৪॥

মহাত্মা মহাদেব উমাযোনিতে শুক্র সিক্ত করেন; তাহা এই পর্ব্বতে পতিত হইয়াছিল; তাহা হইতে স্ত্রী-পুরুষযুগল উৎপন্ন হয়; আর অবশিষ্ট শুক্রের মধ্যে এক অংশ লোহিতসাগরে পড়িয়াছিল ॥১০॥

আর একভাগ সূর্য্যরশ্মিতে এবং অন্যভাগ ভূতলে পতিত হইয়াছিল; অপর একভাগ বৃক্ষে সংলগ্ন হইয়াছিল; এইভাবে তাহা পাঁচভাগে বিভক্ত হইয়া পতিত হইয়াছিল ॥১১॥

সেই শুক্রভাগগুলিই সেই সকল স্থানে নানাবিধাকৃতি অনুচর হইয়াছে, ইহা জ্ঞানীরা জানিবেন। এই যাহাদিগকে ভয়ঙ্করমূর্ত্তি ও মাংসভোজী দেখা যাইতেছে, ইহারাই সেই অনুচর এবং এখন ইহারা তোমার পারিষদ হইয়াছে" ॥১২॥

মার্কণ্ডেয় বলিলেন—'এইরূপই হউক' এই কথা বলিয়া অজ্ঞেয়স্বভাব ও পিতৃবৎসল কার্ত্তিক, পিতা মহাদেবের পূজা করিলেন ॥১৩॥

---

* (১৩) শ্লোকাৎ পরময়ং পাঠঃ কতিপয়পুস্তকে দৃশ্যতে।

মিঞ্জিকামিঞ্জিকঞ্চৈব মিথুনং রুদ্রসম্ভবম্।
নমস্কার্য্যং সদৈবেহ বালানাং হিতমিচ্ছতা ॥১৫॥
স্ত্রিয়ো মানুষমাংসাদা বৃদ্ধিকা নাম নামতঃ।
বৃক্ষেষু জাতাস্তা দেব্যো নমস্কার্য্যাঃ প্রজার্থিভিঃ ॥১৬॥
এবমেতে পিশাচানামসংখ্যেয়গণাঃ স্মৃতাঃ।
ঘণ্টায়াঃ সপতাকায়াঃ শৃণু মে সম্ভবং নৃপ ! ॥১৭॥
ঐরাবতস্য ঘণ্টে দ্বে বৈজয়ন্ত্যাবিতি শ্রুতে।
গুহস্য তে স্বয়ং দত্তে শক্রেণানায্য ধীমতা ॥১৮॥
একা তত্র বিশাখস্য ঘণ্টা স্কন্দস্য চাপরা।
পতাকা কার্ত্তিকেয়স্য বিশাখস্য চ লোহিতা ॥১৯॥
যানি ক্রীড়নকান্যস্য দেবৈর্দত্তানি বৈ তদা।
তৈরেব রমতে দেবো মহাসেনো মহাবলঃ ॥২০॥

ভারতকৌমুদী

মিঞ্জিকেতি। মিঞ্জিকামিঞ্জিকং তদাখ্যম্, মিথুনং স্ত্রীপুংসযুগলম্ ॥১৫॥
স্ত্রিয় ইতি। মানুষমাংসানি অদন্তি ভক্ষয়ন্তীতি তাঃ ॥১৬॥
এবমিতি। ঘণ্টায়াঃ কার্ত্তিকেয়স্য, সম্ভবং প্রাপ্তিম্ ॥১৭॥
ঐরেতি। ঐরাবতস্য হস্তিনঃ। শক্রেণ ইন্দ্রেণ ॥১৮॥
একেতি। বিশাখস্য প্রাগুক্তস্য কার্ত্তিকদেহোৎপন্নস্য পুরুষস্য ॥১৯॥

ধনার্থী লোকেরা অর্কপুষ্পদ্বারা সেই (কার্ত্তিকের) পঞ্চবিধ অনুচরগণেরই পূজা করিবে; আর রোগনিবৃত্তির জন্যও তাহাদের পূজা করিতে পারে ॥১৪॥

বালকের হিতার্থী লোক সর্ব্বদাই রুদ্রসম্ভূত 'মিঞ্জিকা মিঞ্জিক' নামক দম্পতিকে নমস্কার করিবে ॥১৫॥

এবং সন্তানার্থী লোকেরা বৃক্ষজাত ও মনুষ্যমাংসভোজী 'বৃদ্ধিকা'-নামক দেবীগণকে নমস্কার করিবে ॥১৬॥

এইরূপ এই পিশাচগণের সংখ্যা করা যায় না। রাজা! এখন কার্ত্তিকের ঘণ্টা ও পতাকাপ্রাপ্তির বৃত্তান্ত আমার নিকট শ্রবণ কর ॥১৭॥

ঐরাবতহস্তীর দুইটী প্রসিদ্ধ ঘণ্টা ও দুইটী প্রসিদ্ধ পতাকা ছিল; ধীমান্ ইন্দ্র নিজেই তাহা আনাইয়া কার্ত্তিককে দিয়াছিলেন ॥১৮॥

তাহার মধ্যে বিশাখকে একটী এবং কার্ত্তিককে একটী দিয়াছিলেন; আর পতাকাও নীলবর্ণটী কার্ত্তিককে এবং রক্তবর্ণ টী বিশাখকে দিয়াছিলেন ॥১৯॥

(১৮)...ক্রমেণানায্য ধীমতা—বা ব কা।

স সংবৃতঃ পিশাচানাং গণৈর্দেবগণৈস্তথা।
শুশুভে কাঞ্চনে শৈলে দীপ্যমানঃ শ্রিয়া বৃতঃ ॥২১॥
তেন বীরেণ শুশুভে স শৈলঃ শুভকাননঃ।
আদিত্যেনেবাংশুমতা মন্দরশ্চারুকন্দরঃ ॥২২॥
সন্তানকবনৈঃ ফুল্লৈঃ করবীরবনৈরপি।
দিব্যৈঃ পক্ষিগণৈশ্চৈব শুশুভে শ্বেতপর্ব্বতঃ ॥২৩॥
তত্র দেবগণাঃ সর্ব্বে সর্ব্বে দেবর্ষয়স্তথা।
মেঘতূর্য্যরবাশ্চৈব ক্ষুব্ধোদধিসমস্বনাঃ ॥২৪॥
তত্র দিব্যাশ্চ গন্ধর্ব্বা নৃত্যন্তেঽপ্সরসস্তথা।
হৃষ্টানাং তত্র ভূতানাং শ্রূয়তে নিনদো মহান্ ॥২৫॥

ভারতকৌমুদী

যানীতি। ক্রীড়নকানি ক্রীড়াসামগ্র্যঃ। মহাসেনঃ কার্ত্তিকেযঃ ॥২০॥
স ইতি। সংবৃতঃ পরিবেষ্টিতঃ। কাঞ্চনে স্বর্ণবহুলে ॥২১॥
তেনেতি। অংশুভি সহ কার্ত্তিককান্তেঃ সাদৃশ্যসূচনাযাংশুমদ্বিশেষণম্ ॥২২॥
সন্তানকেতি। ফুল্লৈঃ ফুল্লপুষ্পৈঃ। শ্বেতপর্ব্বতঃ স কৈলাসঃ ॥২৩॥
তত্রেতি। মেঘা মেঘরবা ইব তূর্য্যরবা। মেঘতূর্য্যরবাঃ ॥২৪॥
তত্রেতি। নৃত্যন্তে শ্রূযতে ইত্যুভযত্রাপি স্বপদাধ্যাহারাদ্বর্ত্তমানা ॥২৫॥

তখন দেবতারা যে সকল খেলার সামগ্রী কার্ত্তিককে দিয়াছিলেন, তাহা দ্বারাই মহাবল কার্ত্তিক খেলা করিতেন ॥২০॥

পরমসুন্দর ও উজ্জ্বলমূর্ত্তি কার্ত্তিক পিশাচগণ ও দেবগণে পরিবেষ্টিত হইয়া সেই স্বর্ণময় পর্ব্বতে শোভা পাইতেন ॥২১॥

কিরণশালী সূর্য্যদ্বারা মনোহর গুহাযুক্ত মন্দরপর্ব্বতের ন্যায় বীর কার্ত্তিক-দ্বারা সুন্দর বন-সমন্বিত সেই কৈলাসপর্ব্বতও শোভা পাইতে লাগিল ॥২২॥

সন্তানকবৃক্ষের বনে ও করবীরবৃক্ষের বনে পুষ্প সকল প্রস্ফুটিত ছিল এবং দিব্যপক্ষিগণ বিচরণ করিতেছিল এই কারণে কৈলাসপর্ব্বতও শোভা পাইতেছিল ॥২৩॥

সেখানে সমস্ত দেবগণ ও সমস্ত দেবর্ষিগণ উপস্থিত ছিলেন এবং মেঘগর্জ্জন ও উদ্বেলিত সমুদ্রগর্জ্জনের ন্যায় গম্ভীর তূর্য্যধ্বনি হইতেছিল ॥২৪॥

(২৩) শ্লোকপূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'পারিজাতবনৈশ্চ জপাশোকবনৈস্তথা। কদম্বতরুষণ্ডৈশ্চ দিব্যৈর্মৃগগণৈরপি ॥' অয়ং পাঠোঽপি দৃশ্যতে—বা ব ক।

এবং সেন্দ্রং জগৎ সর্ব্বং শ্বেতপর্ব্বতসংস্থিতম্।
প্রহৃষ্টং প্রেক্ষতে স্কন্দং ন চ গ্লায়তি দর্শনাৎ ॥২৬॥ *

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং স্কন্দক্রীড়ায়াং ত্রিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ †

—:*:—

চতুর্নবত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

যদাভিষিক্তো ভগবান্ সৈনাপত্যে স পাবকিঃ।
তদা সংপ্রস্থিতঃ শ্রীমান্ হৃষ্টো ভদ্রবটং হরঃ।
রথেনাদিত্যবর্ণেন পার্ব্বত্যা সহিতঃ প্রভুঃ ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। স্কন্দস্য দর্শনাৎ কোঽপি ন গ্লায়তি ন বিষীদতি স্ম ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং ত্রিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

যদেতি। পাবকিঃ কার্ত্তিকঃ। ভদ্রবটং নাম দেবাসুরবিবাদস্থানম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

দিব্যগন্ধর্ব্বগণ ও অপ্সরোগণ নৃত্য করিতেছিল; আর আনন্দিত প্রাণিগণের মহাকোলাহল শুনা যাইতেছিল ॥২৫॥

এবং ইন্দ্রের সহিত সমস্ত জগতের লোক সেই কৈলাসপর্ব্বতে থাকিয়া হৃষ্টচিত্ত কার্ত্তিককে দেখিতেছিলেন; কিন্তু কেহই তাঁহাকে দেখিয়া বিষণ্ণ হন নাই" ॥২৬॥

—:*:—

মার্কণ্ডেয় বলিলেন—"ভগবান্ কার্ত্তিক যখন দেবসেনাপতিপদে অভিষিক্ত হইলেন, তখন মহৈশ্বর্য্য ও মহাপ্রভাবশালী মহাদেব পার্ব্বতীর সহিত হৃষ্টচিত্তে সূর্য্যতুল্য উজ্জ্বল বিমানে আরোহণ করিয়া ভদ্রবটে প্রস্থান করিলেন ॥১॥

* অস্মিন্নধ্যায়ে নীলকণ্ঠটীকা নাস্তি। † '...ষড়্‌বিংশত্যধিকদ্বিশততমঃ...'—পি, '...একত্রিংশদধিকদ্বিশততমঃ...'—নি, বা ব কা অধ্যায়সমাপ্তির্নাস্তি। (১)...সৈনাপত্যেন পাবকিঃ—বা ব কা।

সহস্রং তত্র সিংহানাং তস্মিন্ যুক্তং রথোত্তমে।
উৎপপাত দিবং শুভ্রাং কালেনাভিপ্রচোদিতম্ ॥২॥
তে পিবন্ত ইবাকাশং ত্রাসয়ন্তশ্চরাচরান্।
সিংহা নভস্যগচ্ছন্ত নদন্তশ্চারুকেসরাঃ ॥৩॥
তস্মিন্ রথে পশুপতিঃ স্থিতো ভাত্যুময়া সহ।
বিদ্যুতা সহিতঃ সূর্য্যঃ সেন্দ্রচাপে ঘনে যথা ॥৪॥
অগ্রতস্তস্য ভগবান্ ধনেশো গুহ্যকৈঃ সহ।
আস্থায় রুচিরং ভাতি পুষ্পকং নরবাহনঃ ॥৫॥
ঐরাবতং সমাস্থায় শক্রশ্চাপি সুরৈঃ সহ।
পৃষ্ঠতোঽনুযযৌ যান্তং বরদং বৃষভধ্বজম্ ॥৬॥
জৃম্ভকৈর্যক্ষরক্ষোভিঃ স্রগ্বিভিঃ সমলঙ্কৃতঃ।
যাত্যমোঘো মহাযক্ষো দক্ষিণং পক্ষমাশ্রিতঃ ॥৭॥

ভারতকৌমুদী

সহস্রমিতি। সিংহানাং তদাকারাণাং যন্ত্রাণাম্। কালেন তদাখ্যেন যন্ত্রা ॥২॥
ত ইতি। পিবন্তঃ, ব্যাদত্তমুখত্বাদিতি ভাবঃ। ত্রাসয়ন্তো নাদেনৈব ॥৩॥
তস্মিন্নিতি। রথে বিমানে। সেন্দ্রচাপ ইত্যনেন রথস্য নানাবর্ণত্বং সূচিতম্ ॥৪॥
অগ্রত ইতি। ধনেশঃ কুবেরঃ। আস্থায় আরুহ্য। পুষ্পকং নাম বিমানম্ ॥৫॥
ঐরাবতমিতি। ঐরাবতস্যাকাশগামিত্বং শক্রপ্রভাবাৎ। এবমন্যত্র ॥৬॥

সেই উৎকৃষ্ট বিমানে সিংহাকৃতি বহুসংখ্যক যন্ত্র সংযোজিত ছিল; সেগুলি কালনামক-সারথিকর্ত্তৃক চালিত হইয়া নির্ম্মল আকাশে উঠিল ॥২॥

মনোহর কেসরধারী সেই সিংহাকৃতি যন্ত্রগুলি আকাশকে যেন পান করিতে প্রবৃত্ত হইয়া এবং গম্ভীর শব্দে চরাচর সমস্ত প্রাণীর ভয় জন্মাইতে থাকিয়া, আকাশে গমন করিতে লাগিল ॥৩॥

ইন্দ্রধনুসমন্বিত মেঘের উপরে থাকিয়া সূর্য্য যেমন বিদ্যুতের সহিত শোভা পান, সেইরূপ মহাদেব সেই নানাবর্ণ বিমানে থাকিয়া পার্ব্বতীর সহিত শোভা পাইতে লাগিলেন ॥৪॥

ভগবান্ নরবাহন কুবের গুহ্যকগণের সহিত মনোহর পুষ্পকবিমানে আরোহণ করিয়া মহাদেবের অগ্রে অগ্রে যাইতে থাকিয়া শোভা পাইতে থাকিলেন ॥৫॥

ইন্দ্রও ঐরাবতহস্তীতে আরোহণ করিয়া অন্যান্য দেবগণের সহিত মিলিত হইয়া বরদাতা মহাদেবের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন ॥৬॥

(৭) ...দক্ষিণং পক্ষমাস্থিতঃ—বা_ব কা নি।

তস্য দক্ষিণতো দেবা বহবশ্চিত্রযোধিনঃ।
গচ্ছন্তি বসুভিঃ সার্দ্ধং রুদ্রৈশ্চ সহ সঙ্গতাঃ ॥৮॥
যমশ্চ মৃত্যুনা সার্দ্ধং সর্ব্বতঃ পরিবারিতঃ।
ঘোরৈর্ব্যাধিশতৈর্যাতি ঘোররূপবপুস্তথা ॥৯॥
যমস্য পৃষ্ঠতশ্চৈব ঘোরস্ত্রিশিখরঃ শিতঃ।
বিজয়ো নাম রুদ্রস্য যাতি শূলঃ স্বলঙ্কৃতঃ ॥১০॥
তমুগ্রপাশো বরুণো ভগবান্ সলিলেশ্বরঃ।
পরিবার্য্য শনৈর্যাতি যাদোভির্বিবিধৈর্বৃতঃ ॥১১॥
পৃষ্ঠতো বিজয়স্যাপি যাতি রুদ্রস্য পট্টিশঃ।
গদামুষলশক্ত্যাদ্যৈর্বৃতঃ প্রহরণোত্তমৈঃ ॥১২॥
পট্টিশং ত্বনুগাদ্রাজংশ্ছত্রং রৌদ্রং মহাপ্রভম্।
কমণ্ডলুশ্চাপ্যনু তং মহর্ষিগণসেবিতঃ ॥১৩॥

ভারতকৌমুদী

জৃম্ভকৈরিতি। জৃম্ভকৈর্মোহজনকৈঃ, স্রগ্বিভির্মালাধারিভিঃ। অমোঘো নাম ॥৭॥
তস্যেতি। তস্য অমোঘস্য। চিত্রযোধিন আশ্চর্য্যযোদ্ধারঃ। সঙ্গতা মিলিতাঃ ॥৮॥
যম ইতি। মৃত্যুনা মূর্ত্তিমতা। ব্যাধিশতৈরপি মূর্ত্তিমদ্ভিঃ ॥৯॥
যমস্যেতি। ত্রিশিখরঃ ত্রিশিখঃ। এতদাদয়োঽস্ত্রাভিমানিন্যো দেবতাঃ ॥১০॥
তমিতি। তং বিজয়ং পরিবার্য্যেতি সম্বন্ধঃ। যাদোভির্জলজন্তুভিঃ ॥১১॥
পৃষ্ঠত ইতি। বিজয়স্য তদাখ্যস্য শূলস্য। প্রহরণোত্তমৈঃ অস্ত্রশ্রেষ্ঠৈঃ ॥১২॥

'অমোঘ'-নামক মহাযক্ষ সম্মোহজনক ও মালাধারী যক্ষ ও রাক্ষসগণে পরিশোভিত হইয়া দক্ষিণপক্ষ অবলম্বন করিয়া যাইতে লাগিলেন ॥৭॥

বিচিত্রযোদ্ধা বহুতর দেবতা বসুগণ ও রুদ্রগণের সহিত মিলিত হইয়া সেই অমোঘের দক্ষিণদিকে থাকিয়া গমন করিতে থাকিলেন ॥৮॥

ভয়ঙ্করাকৃতি যম, মূর্ত্তিমান্ ও দারুণমূর্ত্তি বহুতর রোগে পরিবেষ্টিত হইয়া মৃত্যুর সহিত গমন করিতে লাগিলেন ॥৯॥

ত্রিশিরা ও সুধার 'বিজয়'-নামক রুদ্রের ভয়ঙ্কর শূল সুশোভিত হইয়া যমের পশ্চাৎ পশ্চাৎ যাইতে থাকিলেন ॥১০॥

ভয়ঙ্কর পাশধারী জলাধিপতি ভগবান্ বরুণদেব নানাবিধ জলজন্তুগণে পরিবেষ্টিত হইয়া সেই শূলকে পরিবেষ্টন করিয়া ধীরে ধীরে যাইতে থাকিলেন ॥১১॥

রুদ্রের পট্টিশ (অস্ত্র)-গদা, মুষল ও শক্তিপ্রভৃতি উত্তম অস্ত্রে পরিবেষ্টিত হইয়া 'বিজয়'-নামক শূলের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন ॥১২॥

তস্য দক্ষিণতো ভাতি দণ্ডো গচ্ছন্ শ্রিয়া বৃতঃ।
ভৃগ্বঙ্গিরোভিঃ সহিতো দৈবতৈশ্চানুপূজিতঃ ॥১৪॥
এষাস্তু পৃষ্ঠতো রুদ্রো বিমলে স্যন্দনে স্থিতঃ।
যাতি সংহর্ষয়ন্ সর্ব্বাংস্তেজসা ত্রিদিবৌকসঃ ॥১৫॥
ঋষয়শ্চাপি দেবাশ্চ গন্ধর্ব্বা ভুজগাস্তথা।
নদ্যো হ্রদাঃ সমুদ্রাশ্চ তথৈবাপ্সরসাং গণাঃ।
নক্ষত্রাণি গ্রহাশ্চৈব দেবানাং শিশবশ্চ যে ॥১৬॥
স্ত্রিয়শ্চ বিবিধাকারা যান্তি রুদ্রস্য পৃষ্ঠতঃ।
সৃজন্ত্যঃ পুষ্পবর্ষাণি চারুরূপা বরাঙ্গনাঃ ॥১৭॥ (যুগ্মকম্)
পর্জ্জন্যশ্চাপ্যনুযযৌ নমস্কৃত্য পিনাকিনম্।
ছত্রঞ্চ পাণ্ডুরং সোমস্তস্য মূর্দ্ধন্যধারয়ৎ ॥১৮॥
চামরে চাপি বায়ুশ্চ গৃহীত্বাগ্নিশ্চ বিষ্ঠিতৌ।
শক্রশ্চ পৃষ্ঠতস্তস্য যাতি রাজন্ শ্রিয়া বৃতঃ।
সহ রাজর্ষিভিঃ সর্ব্বৈঃ স্তুবানো বৃষকেতনম্ ॥১৯॥

ভাবকৌমুদী

পট্টিশমিতি। অনু পশ্চাৎ, রৌদ্রং রুদ্রসম্বন্ধি। তং ছত্রম্, আর্ষত্বাৎ পুংস্ত্বম্ ॥১৩॥
তস্যেতি। ভৃগ্বঙ্গিরোভিঃ তত্তদ্বংশীয়ৈ ঋষিভিঃ, বহুবচনাত্তদাদিভি ঋষিভির্বা ॥১৪॥
এষামিতি। স্যন্দনে রথে। তেজসা কান্ত্যা, ত্রিদিবৌকসো দেবান্ ॥১৫॥
ঋষয় ইতি। ষোড়শঃ শ্লোকঃ ষট্‌পাদঃ সৃজন্ত্যঃ কুর্ব্বত্যঃ ॥১৬—১৭॥
পর্জ্জন্য ইতি। পর্জ্জন্যো মেঘাভিমানিনা দেবতা। তস্য পিনাকিনঃ ॥১৮॥

মহাপ্রভাবশালী রুদ্রের ছত্র পট্টিশের পশ্চাৎ যাইতে লাগিলেন এবং তাঁহার পশ্চাতে মহর্ষিগণসেবিত কমণ্ডলু যাইতে থাকিলেন ॥১৩॥

সুশোভিত ও দেবগণের আদৃত দণ্ড, ভৃগু ও অঙ্গিরাপ্রভৃতি ঋষিগণের সহিত ছত্রের দক্ষিণদিকে যাইতে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥১৪॥

রুদ্রদেব নির্ম্মল রথে অবস্থিত হইয়া আপন কান্তিদ্বারা সকল দেবতাকে আনন্দিত করিতে থাকিয়া ইঁহাদের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন ॥১৫॥

দেবগণ, ঋষিগণ, গন্ধর্ব্বগণ, নাগগণ, নদীগণ, হ্রদগণ, সমুদ্রগণ, অপ্সরোগণ, নক্ষত্রগণ, গ্রহগণ, দেববালকগণ এবং নানাবিধ মূর্ত্তি দেবস্ত্রীগণ রুদ্রদেবের পশ্চাতে যাইতে থাকিলেন; তাঁহাদের মধ্যে মনোহর মূর্ত্তি দেবরমণীরা পুষ্প-বৃষ্টি করিতে করিতে চলিতেছিলেন ॥১৬—১৭॥

(১৯) ...গৃহীত্বাগ্নিশ্চ ধিষ্ঠিতৌ...বা ব কা নি।

গৌরী বিদ্যাথ গান্ধারী কেশিনী মিত্রসাহ্বয়া।
সাবিত্র্যা সহ সর্ব্বাস্তাঃ পার্ব্বত্যা যান্তি পৃষ্ঠতঃ ॥২০॥
তত্র বিদ্যাগণাঃ সর্ব্বে যে কেচিৎ কবিভিঃ কৃতাঃ।
তস্য কুর্ব্বন্তি বচনং সেন্দ্রা দেবাশ্চমূমুখে ॥২১॥
গৃহীত্বা তু পতাকাং বৈ যাত্যগ্রে রাক্ষসো গ্রহঃ।
ব্যাপৃতস্তু শ্মশানে যো নিত্যং রুদ্রস্য বৈ সখা।
পিঙ্গলো নাম যক্ষেন্দ্রো লোকস্যানন্দদায়কঃ ॥২২॥
এভিঃ স সহিতো দেবস্তত্র যাতি যথাসুখম্।
অগ্রতঃ পৃষ্ঠতশ্চৈব নহি তস্য গতির্ধ্রুবা ॥২৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

চামরে ইতি। চামরে চামরদ্বয়ম্। স্তবানঃ স্তবন্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥

গৌরীতি। মিত্রসাহ্বয়া সুমিত্রা। সাবিত্র্যা গায়ত্র্যা ॥২০॥

তত্রেতি। বিদ্যাগণা বিদ্যাজনকগ্রন্থসমূহাঃ তদধিষ্ঠাতারো দেবা ইত্যর্থঃ ॥২১॥

গৃহীত্বেতি। গ্রহঃ প্রাগুক্তঃ কার্ত্তিকানুচরঃ। ব্যাপৃতো রক্ষাপ্রবৃত্তঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ। এভির্দেবসৈন্যৈঃ। তত্র ভদ্রবটস্থানে। তস্য পিঙ্গলস্য, ধ্রুবা নিশ্চিতা ॥২২—২৩॥

পর্জ্জন্যদেব মহাদেবকে নমস্কার করিয়া তাঁহার পশ্চাতে গমন করিতে থাকিলেন এবং চন্দ্রদেব একটী শ্বেতবর্ণ ছত্র তাঁহার মস্তকে ধারণ করিলেন ॥১৮॥

রাজা! বায়ু ও অগ্নি দুইটী চামর ধারণ করিয়া মহাদেবের দুই দিকে রহিলেন; আর কান্তিমান্ দেবরাজ রাজর্ষিদের সহিত মিলিত হইয়া মহাদেবের স্তব করিতে থাকিয়া তাঁহার পশ্চাতে যাইতে লাগিলেন ॥১৯॥

গৌরী, বিদ্যা, গান্ধারী, কেশিনী ও সুমিত্রা—ইঁহারা সকলে গায়ত্রীদেবীর সহিত মিলিত হইয়া পার্ব্বতীর পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে থাকিলেন ॥২০॥

তখন পণ্ডিতেরা যে কিছু গ্রন্থ নির্ম্মাণ করিয়াছিলেন, তদধিষ্ঠিত দেবতারা এবং সৈন্যসম্মুখস্থ ইন্দ্রপ্রভৃতি দেবতারা মহাদেবের আদেশ পালন করিতে লাগিলেন ॥২১॥

কার্ত্তিকের অনুচর এক রাক্ষস দেবপতাকা ধারণ করিয়া দেবসৈন্যগণের অগ্রে অগ্রে যাইতে লাগিল; আর যিনি সর্ব্বদা শ্মশানরক্ষায় ব্যাপৃত থাকেন এবং মহাদেবের সখা, জগতের আনন্দকারী সেই 'পিঙ্গল'-নামক প্রধান যক্ষ এই দেবসৈন্যগণের সহিত মিলিত হইয়া কখনও সৈন্যগণের অগ্রে, কখনও পৃষ্ঠে যথাসুখে ভদ্রবটে গমন করিতে লাগিলেন; তাঁহার গতির স্থিরতা ছিল না ॥২২—২৩॥

রুদ্রং সৎকর্ম্মভির্মর্ত্ত্যাঃ পূজয়ন্তীহ দৈবতম্ ।
শিবমিত্যেব যং প্রাহুরীশং রুদ্রং পিনাকিনম্ ।
ভাবৈস্তু বিবিধাকারৈঃ পূজয়ন্তি মহেশ্বরম্ ॥২৪॥
দেবসেনাপতিস্ত্বেবং দেবসেনাভিরাবৃতঃ ।
অনুগচ্ছতি দেবেশং ব্রহ্মণ্যঃ কৃত্তিকাসুতঃ ॥২৫॥
অথাব্রবীন্মহাসেনং মহাদেবো বৃহদ্বচঃ ।
সপ্তমং মারুতস্কন্ধং রক্ষ নিত্যমতন্দ্রিতঃ ॥২৬॥

স্কন্দ উবাচ ।

সপ্তমং মারুতস্কন্ধং পালয়িষ্যাম্যহং প্রভো ! ।
যদন্যদপি মে কার্য্যং দেব ! তদ্বদ মা চিরম্ ॥২৭॥

রুদ্র উবাচ ।

কার্য্যেম্বহং ত্বয়া পুত্র ! সংদ্রষ্টব্যঃ সদৈব হি ।
দর্শনান্মম ভক্ত্যা চ শ্রেয়ঃ পরমবাপ্স্যসি ॥২৮॥

ভারতকৌমুদী

রুদ্রমিতি। ইহ মর্ত্ত্যলোকে। ভাবৈরাদেশপালনাদিভিঃ, পূজয়ন্তি দেবাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥

দেবেতি। দেবেশং মহাদেবম্, ব্রহ্মণ্যো বেদহিতঃ, কৃত্তিকাসুতঃ কার্ত্তিকঃ ॥২৫॥

অথেতি। মহাসেনং কার্ত্তিকম্। মারুতস্কন্ধং পবনাধিষ্ঠিতসৈন্যাংশম্ ॥২৬॥

সপ্তমমিতি। কার্য্যং কর্ত্তব্যম্। মা চিরং বিলম্বং কুরু, দৈত্যানামাগতপ্রায়ত্বাৎ ॥২৭॥

কার্য্যেম্বিতি। পরং শ্রেয়ঃ অবাপ্স্যসি, মৎপরামর্শলাভাদিতি ভাবঃ ॥২৮॥

মর্ত্ত্যলোকে মানুষেরা নানাবিধ উপচারে যে মহাদেবের পূজা করে এবং যাঁহাকে শিব, ঈশ্বর, রুদ্র ও পিনাকী বলে, সেই মহাদেবকে দেবতারা তখন নানাপ্রকারে সম্মানিত করিতে লাগিলেন ॥২৪॥

বেদের হিতকারী দেবসেনাপতি কার্ত্তিক এইভাবে দেবসৈন্যগণে পরি-বেষ্টিত হইয়া মহাদেবের পশ্চাতে গমন করিতে লাগিলেন ॥২৫॥

তাহার পর মহাদেব কার্ত্তিককে এই মহাবাক্য বলিলেন—“বৎস। তুমি সর্ব্বদা সাবধান হইয়া পবনাধিষ্ঠিত সপ্তম সৈন্যাংশ রক্ষা কর” ॥২৬॥

কার্ত্তিক বলিলেন—“প্রভু! আমি পবনাধিষ্ঠিত সপ্তম সৈন্যাংশ রক্ষা করিব; এতদ্ভিন্ন আরও যাহা আমার কর্ত্তব্য, তাহাও বলুন, বিলম্ব করিবেন না” ॥২৭॥

মার্কণ্ডেয় উবাচ।

ইত্যুক্ত্বা বিসসর্জ্জৈনং পরিষ্বজ্য মহেশ্বরঃ।
বিসর্জ্জিতে ততঃ স্কন্দে বভূবৌৎপাতিকং মহৎ ॥২৯॥

সহসৈব মহারাজ! দেবান্ সর্ব্বান্ প্রমোহয়ৎ।
জজ্বাল খং সনক্ষত্রং প্রমূঢ়ং ভুবনং ভৃশম্।
চচাল ব্যনদচ্চোর্ব্বী তমোভূতং জগদ্বিভো ॥৩০॥

ততস্তদ্দারুণং দৃষ্ট্বা ক্ষুভিতঃ শঙ্করস্তদা।
উমা চৈব মহাভাগা দেবাশ্চ সমহর্ষয়ঃ ॥৩১॥

ততস্তেষু প্রমূঢ়েষু পর্ব্বতাম্বুদসন্নিভম্।
নানাপ্রহরণং ঘোরমদৃশ্যত মহদ্বলম্ ॥৩২॥

তদ্ধি ঘোরমসংখ্যেয়ং গর্জ্জচ্চ বিবিধা গিরঃ।
অভ্যদ্রবদ্রণে দেবান্ ভগবন্তঞ্চ শঙ্করম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

ইতীতি। পরিষ্বজ্য আলিঙ্গ্য। ঔৎপাতিকম্ উৎপাতসূচনম্ ॥২৯॥
সহসেতি। প্রমূঢ়ং বিকলচিত্তং জাতম্। তমোভূতমন্ধকারব্যাপ্তম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥
তত ইতি। ক্ষুভিতো বিচলিতচিত্তঃ অভবৎ। পরয়োর্লিঙ্গবচনব্যত্যয়েনান্বয়ঃ ॥৩১॥
তত ইতি। নানা বহূনি প্রহরণান্যস্ত্রাণি যত্র তৎ। বলং সৈন্যম্ ॥৩২॥
তদিতি। তৎ বলং কর্ত্তৃ। গর্জ্জৎ গম্ভীরস্বরেণ বদৎ ॥৩৩॥

মহাদেব বলিলেন—"পুত্র! তুমি কার্য্যের সময়ে সর্ব্বদাই আমার সহিত সাক্ষাৎ করিও; আমার সহিত সাক্ষাৎ করায় এবং আমার প্রতি শ্রদ্ধা রাখায় তুমি পরম মঙ্গল লাভ করিতে পারিবে" ॥২৮॥

মার্কণ্ডেয় বলিলেন—"এই কথা বলিয়া মহাদেব কার্ত্তিককে আলিঙ্গন করিয়া ছাড়িয়া দিলেন; কার্ত্তিককে ছাড়িয়া দিলে পরই গুরুতর উৎপাতের সূচনা হইল ॥২৯॥

মহারাজ! সহসাই সমস্ত দেবগণকে মোহিত করতঃ নক্ষত্রগণের সহিত আকাশ জ্বলিয়া উঠিল; জগৎটাই বিকল হইয়া পড়িল; পৃথিবী কাঁপিতে ও শব্দ করিতে লাগিল এবং জগৎটাই অন্ধকারাবৃত হইয়া পড়িল ॥৩০॥

সেই দারুণ ঘটনা দেখিয়া মহাদেব, মহাভাগা পার্ব্বতী, দেবগণ ও মহর্ষিগণের চিত্ত বিচলিত হইল ॥৩১॥

তাঁহাদের চিত্ত বিচলিত হইলে পরই দেখা গেল—নানাবিধ শস্ত্রধারী, ভয়ঙ্কর মূর্ত্তি এবং পর্ব্বত ও মেঘের তুল্য বিশাল সৈন্য আসিতেছে ॥৩২॥

তৈর্বিসৃষ্টান্যনীকেষু বাণজালান্যনেকশঃ।
পর্ব্বতাশ্চ শতঘ্ন্যশ্চ প্রাসাসিপরিঘা গদাঃ ॥৩৪॥
নিপতদ্ভিশ্চ তৈর্ঘোরৈর্দেবানীকং মহায়ুধৈঃ।
ক্ষণেন ব্যদ্রবৎ সর্ব্বং বিমুখঞ্চাপ্যদৃশ্যত ॥৩৫॥
নিকৃত্তযোধনাগাশ্বং কৃত্তায়ুধমহারথম্।
দানবৈরর্দ্দিতং সৈন্যং দেবানাং বিমুখং বভৌ ॥৩৬॥
অসুরৈর্বধ্যমানং তৎ পাবকৈরিব কাননম্।
অপতদ্দগ্ধভূয়িষ্ঠং মহাদ্রুমবনং যথা ॥৩৭॥
তে বিভিন্নশিরোদেহাঃ প্রাদ্রবন্তো দিবৌকসঃ।
ন নাথমধিগচ্ছন্তি বধ্যমানা মহারণে ॥৩৮॥
অথ তদ্বিদ্রুতং সৈন্যং দৃষ্ট্বা দেবঃ পুরন্দরঃ।
আশ্বাসয়ন্ বাচেদং বলভিদ্দানবার্দ্দিতম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

তৈরিতি। অনীকেষু দেবসৈন্যেষু। শতঘ্ন্যাদয়স্তদানীন্তনা অস্ত্রবিশেষাঃ ॥৩৪॥
নিপতদ্ভিরিতি। দেবানীকং দেবসৈন্যং কর্ত্তৃ। ব্যদ্রবৎ অপাসরৎ ॥৩৫॥
নিকৃত্তেতি। নিকৃত্তাশ্ছিন্না যোধা যোদ্ধারঃ নাগা হস্তিনঃ অশ্বাশ্চ যস্য তৎ ॥৩৬॥
অসুরৈরিতি। পাবকৈরগ্নিভিঃ। দগ্ধা ভূয়িষ্ঠা বহুলা যত্র তৎ ॥৩৭॥
ত ইতি। প্রাদ্রবন্তঃ পলায়মানাঃ। নাথং রক্ষকম্ ॥৩৮॥

অসংখ্য ও ভয়ঙ্কর সেই সৈন্য যুদ্ধে গম্ভীর স্বরে নানাবিধ বাক্য উচ্চারণ করিতে থাকিয়া দেবগণ ও ভগবান্ মহাদেবের প্রতি ধাবিত হইল ॥৩৩॥

সেই সৈন্যেরা দেবসৈন্যের উপরে বহুতর বাণ, পর্ব্বত, শতঘ্নী, প্রাস, অসি, পরিঘ ও গদা নিক্ষেপ করিল ॥৩৪॥

ক্ষণকালমধ্যেই দেখা গেল—সেই ভয়ঙ্কর মহাস্ত্র সকল পতিত হইতে থাকায় সমস্ত দেবসৈন্য অপসরণ করিতে লাগিল এবং বিমুখ হইতে থাকিল ॥৩৫॥

যোদ্ধা, হস্তী, অশ্ব, অস্ত্র ও মহারথ সকল ছিন্নভিন্ন হইলে, দানবার্দ্দিত দেবসৈন্য পরাঙ্মুখ হইল ॥৩৬॥

এবং অগ্নি যেমন বন দগ্ধ করে, সেইরূপ অসুরেরা দেবসৈন্যগণকে দগ্ধ করিতে লাগিল; তাহাতে বিশাল বৃক্ষ সকল যেমন পতিত হয়, তেমন অনেক দেবসৈন্য দগ্ধ হইয়া পতিত হইতে থাকিল ॥৩৭॥

আর, মহাযুদ্ধে দেবসৈন্যগণের মস্তক ও দেহ বিদীর্ণ হইতে থাকিল; তখন তাহারা পলায়মান এবং বধ্যমান হইয়াও রক্ষক পাইল না ॥৩৮॥

ভয়ং ত্যজত ভদ্রং বঃ শূরাঃ! শস্ত্রাণিগৃহ্নত।
কুরুধ্বং বিক্রমে বুদ্ধিং মা বঃ কাচিদ্ব্যথা ভবেৎ ॥৪০॥
জয়তৈতান্ সুদুর্ব্বৃত্তান্ দানবান্ ঘোরদর্শনান্।
অভিদ্রবত ভদ্রং বো ময়া সহ মহাসুরান্ ॥৪১॥
শক্রস্য বচনং শ্রুত্বা সমাশ্বস্তা দিবৌকসঃ।
দানবান্ প্রত্যযুধ্যন্ত শক্রং কৃত্বা ব্যপাশ্রয়ম্ ॥৪২॥
ততস্তে ত্রিদশাঃ সর্ব্বে মরুতশ্চ মহাবলাঃ।
প্রত্যুদ্যযুর্মহাভাগাঃ সাধ্যাশ্চ বসুভিঃ সহ ॥৪৩॥
তৈর্বিসৃষ্টান্যনীকেষু ক্রুদ্ধৈঃ শস্ত্রাণি সংযুগে।
শরাশ্চ দৈত্যকায়েষু পিবন্তি রুধিরং বহু ॥৪৪॥

ভারতকৌমুদী

অথেতি। বিদ্রুতং পলায়মানম্। বলভিৎ বলাখ্যদানবহন্তা ॥৩৯॥
ভয়মিতি। বো যুষ্মাকম্, ভদ্রং মঙ্গলমেব ভবিষ্যতীতি শেষঃ ॥৪০॥
জয়তেতি। সুদুর্ব্বৃত্তান্ অতিদুশ্চরিত্রান্। অভিদ্রবত অভিধাবত ॥৪১॥
শক্রস্যেতি। প্রত্যযুধ্যন্ত প্রতিপ্রাহরন্ত। ব্যপাশ্রয়ং বিশেষাবলম্বনম্ ॥৪২॥
তত ইতি। মরুতো বায়বঃ। সাধ্যা দেবযোনিবিশেষাঃ ॥৪৩॥
তৈরিতি। তৈস্ত্রিদশাদিভিঃ, অনীকেষু দৈত্যসেনাসু। দৈত্যকায়েষু পতিতেষ্বেতি শেষঃ ॥৪৪॥

তাহার পর বলদৈত্যহন্তা দেবরাজ দানবার্দ্দিত দেবসৈন্যগণকে পলায়ন করিতে দেখিয়া তাহাদিগকে আশ্বস্ত করতঃ এই কথা বলিলেন—॥৩৯॥

"বীরগণ! তোমাদের মঙ্গলই হইবে; তোমরা ভয় ত্যাগ কর, অস্ত্র ধারণ কর এবং বিক্রম প্রকাশের ইচ্ছা কর, আর তোমাদের যেন কোন উদ্বেগ হয় না ॥৪০॥

অতিদুর্ব্বৃত্ত ও ভয়ঙ্কর মূর্ত্তি এই দানবগণকে জয় কর, আমার সহিত তোমরা এই মহাসুরগণের দিকে ধাবিত হও; তোমাদের মঙ্গল হইবে" ॥৪১॥

দেবসৈন্যেরা ইন্দ্রের বাক্য শুনিয়া আশ্বস্ত হইল এবং ইন্দ্রকেই অবলম্বন করিয়া দানবগণকে প্রতিপ্রহার করিতে লাগিল ॥৪২॥

তাহার পর সেই সমস্ত দেবগণ, মহাবল মরুদ্গণ এবং বসুগণের সহিত মহাভাগ সাধ্যগণ দানবগণের প্রতি ধাবিত হইলেন ॥৪৩॥

এবং সেই দেবসৈন্যেরা ক্রুদ্ধ হইয়া যুদ্ধে দৈত্যসৈন্যের উপরে যে সকল শস্ত্র ও বাণ নিক্ষেপ করিল, সেগুলি দৈত্যগণের দেহে পতিত হইয়া প্রচুর পরিমাণে তাহাদের রক্ত পান করিতে লাগিল ॥৪৪॥

তেষাং দেহান্ বিনির্ভিদ্য শরাস্তে নিশিতাস্তদা।
নিপতন্তো হ্যদৃশ্যন্ত নগেভ্য ইব পন্নগাঃ ॥৪৫॥
তানি দৈত্যশরীরাণি নির্ভিন্নানি স্ম সায়কৈঃ।
অপতন্ ভূতলে রাজন্! ছিন্নাভ্রাণীব সর্ব্বশঃ ॥৪৬॥
ততস্তদ্দানবং সৈন্যং সর্ব্বৈর্দেবগণৈর্যুধি।
ত্রাসিতং বিবিধৈর্বাণৈঃ কৃতঞ্চৈব পরাঙ্মুখম্ ॥৪৭॥
অথোৎক্রুষ্টং তদা হৃষ্টৈঃ সর্ব্বৈর্দেবৈরুদায়ুধৈঃ।
সংহতানি চ তূর্য্যাণি প্রাবাদ্যন্ত হ্যনেকশঃ ॥৪৮॥
এবমন্যোন্যসংযুক্তং যুদ্ধমাসীৎ সুদারুণম্।
দেবানাং দানবানাঞ্চ মাংসশোণিতকর্দ্দমম্ ॥৪৯॥
অনয়ো দেবলোকস্য সহসৈবাভ্যদৃশ্যত।
তথাহি দানবা ঘোরা বিনিঘ্নন্তি দিবৌকসঃ ॥৫০॥

ভারতকৌমুদী

তেষামিতি। নগেভ্যঃ পর্ব্বতভিত্তিভ্যঃ, পন্নগাঃ সর্পা ইব ॥৪৫॥
তানীতি। ছিন্নাভ্রাণি ছিন্নমেঘা ইবেত্যুৎপ্রেক্ষা, মেঘানাং পতনাসম্ভবাৎ ॥৪৬॥
তত ইতি। দানবানামিদং দানবম্। ত্রাসিতং পরাঙ্মুখং কৃতঞ্চাভবৎ ॥৪৭॥
অথেতি। উৎক্রুষ্টম্ উচ্চৈরাহ্বানং কৃতম্। সংহতানি মিলিতানি ॥৪৮॥
এবমিতি। মাংসশোণিতানি কর্দ্দমা ইব যত্র তৎ ॥৪৯॥

তখন দেখা যাইতে লাগিল যে, পর্ব্বত গাত্র হইতে যেমন সর্পগণ পতিত হয়, তেমন সেই সকল সুধার বাণ দৈত্যগণের দেহ বিদীর্ণ করিয়া পতিত হইতেছে ॥৪৫॥

রাজা! ক্রমে সেই দৈত্যগণের দেহগুলি বাণবিদীর্ণ হইয়া ছিন্ন মেঘের ন্যায় সকল দিকেই ভূতলে পতিত হইতে থাকিল ॥৪৬॥

তদনন্তর দেবতারা সকলে নানাবিধ বাণদ্বারা সেই দানব সৈন্যগণকে যুদ্ধে ভীত ও পরাঙ্মুখ করিয়া ফেলিলেন ॥৪৭॥

তাহার পর দেবতারা সকলেই আনন্দিত হইয়া উচ্চস্বরে দৈত্যগণকে আহ্বান করিতে লাগিলেন এবং সম্মিলিতভাবে অনেক তূর্য্য বাজাইতে থাকিলেন ॥৪৮॥

এইভাবে দেবগণ ও দানবগণের পরস্পর সম্মিলিত অবস্থায় অতি দারুণ যুদ্ধ হইল; তখন যুদ্ধস্থানে রক্ত ও মাংসগুলি যেন কর্দ্দম হইয়া পড়িল ॥৪৯॥

ততস্তূর্য্যপ্রণাদাশ্চ ভেরীণাঞ্চ মহাস্বনাঃ।
বভূবুর্দানবেন্দ্রাণাং সিংহনাদাশ্চ দারুণাঃ ॥৫১॥
অথ দৈত্যবলাদ্‌ঘোরান্নিষ্পপাত মহাবলঃ।
দানবো মহিষো নাম প্রগৃহ্য বিপুলং গিরিম্ ॥৫২॥
তে তং ঘনৈরিবাদিত্যং দৃষ্ট্বা সংপরিবারিতম্।
তমুদ্যতগিরিং রাজন্! ব্যদ্রবন্ত দিবৌকসঃ ॥৫৩॥
অথাভিদ্রুত্য মহিষো দেবাংশ্চিক্ষেপ তং গিরিম্।
পততা তেন গিরিণা দেবসৈন্যস্য পার্থিব!।
ভীমরূপেণ নিহতমযুতং প্রাপতদ্ভুবি ॥৫৪॥
অথ তৈর্দানবৈঃ সার্দ্ধং মহিষস্ত্রাসয়ন্ সুরান্।
অভ্যদ্রবদ্রণে তূর্ণং সিংহঃ ক্ষুদ্রমৃগানিব ॥৫৫॥

ভারতকৌমুদী

অনয় ইতি। অনয়ঃ অমঙ্গলম্। দিবৌকসো দেবান্ ॥৫০॥
তত ইতি। বভূবুঃ, জয়েনানন্দাতিশয়াদিত্যাশয়ঃ ॥৫১॥
অথেতি। দৈত্যবলাৎ দৈত্যসৈন্যশ্রেণীতঃ, নিষ্পপাত নির্জগাম ॥৫২॥
ত ইতি। তং প্রসিদ্ধম্, ঘনৈর্মেঘৈঃ, সংপরিবারিতম্ উপর্য্যাবৃতম্ ॥৫৩॥
অথেতি। দেবান্ প্রতি। ভীমরূপেণ ভয়ঙ্করাকৃতিনা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৪॥

হঠাৎ দেবতাপক্ষের গুরুতর অমঙ্গল দেখা গেল। কারণ, ভয়ঙ্কর দানবেরা দেবগণকে বধ করিতে লাগিল ॥৫০॥

তাহার পর দানবশ্রেষ্ঠগণের তূর্য্যধ্বনি, ভেরীর মহাশব্দ এবং ভীষণ সিংহনাদ হইতে লাগিল ॥৫১॥

তদনন্তর 'মহিষ'-নামক মহাবল একটা দানব বিশাল একটা পর্ব্বত লইয়া ভয়ঙ্কর দানবসৈন্য হইতে নির্গত হইল ॥৫২॥

রাজা! তখন উপরি-মেঘাবৃত সূর্য্যের ন্যায় সেই দানবকে পর্ব্বত উত্তোলনপূর্ব্বক আসিতে দেখিয়া দেবতারা ভয়ে পলায়ন করিতে লাগিলেন ॥৫৩॥

রাজা! তাহার পর মহিষ দ্রুত আসিয়া দেবগণের উপরে সেই পর্ব্বতটা নিক্ষেপ করিল; তখন সেই ভয়ঙ্কর পর্ব্বতটা পতিত হইয়া অযুত দেবসৈন্য নিহত করিল এবং সেই সৈন্য সকল ভূতলে পতিত হইল ॥৫৪॥

তৎপরে মহিষ দেবগণের ভয় জন্মাইতে থাকিয়া—সিংহ যেমন ক্ষুদ্র মৃগসমূহের দিকে ধাবিত হয়, সেইরূপ দানবগণকে লইয়া দেবগণের দিকে দ্রুত ধাবিত হইল ॥৫৫॥

তমাপতন্তং মহিষং দৃষ্ট্বা সেন্দ্রা দিবৌকসঃ।
ব্যদ্রবন্ত রণে ভীতা বিকীর্ণায়ুধকেতনাঃ ॥৫৬॥
ততঃ স মহিষঃ ক্রুদ্ধস্তূর্ণং রুদ্ররথং যযৌ।
অভিদ্রুত্য চ জগ্রাহ রুদ্রস্য রথকূবরম্ ॥৫৭॥
যদা রুদ্ররথং ক্রুদ্ধো মহিষঃ সহসা গতঃ।
রেসতূ রোদসী গাঢ়ং মুমুহুশ্চ মহর্ষয়ঃ ॥৫৮॥
অনদংশ্চ মহাকায়া দৈত্যা জলধরোপমাঃ।
আসীচ্চ নিশ্চিতং তেষাং জিতমস্মাভিরিত্যুত ॥৫৯॥
তথা ভূতে তু ভগবান্ নাহনম্মহিষং রণে।
সস্মার চ তদা স্কন্দং মৃত্যুং তস্য দুরাত্মনঃ ॥৬০॥
মহিষোঽপি রথং দৃষ্ট্বা রৌদ্রং রুদ্রস্য চানদৎ।
দেবান্ সন্ত্রাসয়ংশ্চাপি দৈত্যাংশ্চাপি প্রহর্ষয়ন্ ॥৬১॥

ভারতকৌমুদী

অথেতি। মহিষস্তৈর্দানবৈঃ সার্দ্ধং সুবান্ ত্রাসয়ন্নভ্যদ্রবদিতি সম্বন্ধঃ ॥৫৫॥
তমিতি। বিকীর্ণায়ুধকেতনা বিক্ষিপ্তাস্ত্রধ্বজাঃ ॥৫৬॥
তত ইতি। রুদ্ররথং প্রতি। রথস্য কূবরং তির্য্যক্কাষ্ঠবিশেষম্ ॥৫৭॥
যদেতি। গতঃ প্রাপ্তঃ। তদা রোদসী দ্যাবাপৃথিব্যৌ, গাঢ়ং রেসতুর্দ্ধ্বনতুঃ ॥৫৮॥
অনদন্নিতি। জলধরোপমা বর্ণে সজলমেঘতুল্যাঃ। নিশ্চিতং নিশ্চয়ঃ ॥৫৯॥
তথেতি। ভগবান্ রুদ্রঃ, নাহনৎ মহিষং ন হতবান্। বিকরণলোপাভাব আর্ষঃ ॥৬০॥

তখন ইন্দ্রপ্রভৃতি দেবতারা সেই মহিষকে আসিতে দেখিয়া ভীত হইয়া যুদ্ধস্থানে অস্ত্র ও ধ্বজ ফেলিয়া পলায়ন করিতে লাগিলেন ॥৫৬॥

তাহার পর মহিষ ক্রুদ্ধ হইয়া দ্রুত রুদ্রের রথের দিকে গমন করিল এবং উল্লম্ফন করিয়া রুদ্রের রথকূবর ধারণ করিল ॥৫৭॥

যখন মহিষ ক্রুদ্ধ হইয়া যাইয়া হঠাৎ রুদ্রের রথ ধারণ করিল, তখন আকাশ ও পৃথিবী তীব্র শব্দ করিয়া উঠিল, মহর্ষিরাও মোহিত হইলেন ॥৫৮॥

এবং বিশাল দেহ ও মেঘের তুল্য শ্যামবর্ণ দৈত্যেরা সিংহনাদ করিতে লাগিল। কারণ, তাহাদের নিশ্চয় হইয়াছিল যে, আমরাই জয় করিয়াছি ॥৫৯॥

কিন্তু সে প্রকার হইলেও ভগবান্ মহাদেব যুদ্ধে মহিষকে বধ করিলেন না, তবে সেই দুরাত্মার মৃত্যুর কারণ কার্ত্তিককে স্মরণ করিলেন ॥৬০॥

---

(৬০)...ভগবানহনৎ—বা ব কা নি।

ততস্তস্মিন্ ভয়ে ঘোরে দেবানাং সমুপস্থিতে।
আজগাম মহাসেনঃ ক্রোধাৎ সূর্য্য ইব জ্বলন্ ॥৬২॥
লোহিতাম্বরসংবীতো লোহিতস্রগ্বিভূষণঃ।
লোহিতাশ্বো মহাবাহুর্হিরণ্যকবচঃ প্রভুঃ ॥৬৩॥
রথমাদিত্যসঙ্কাশমাস্থিতঃ কনকপ্রভঃ।
তং দৃষ্ট্বা দৈত্যসেনা সা ব্যদ্রবৎ সহসা রণে ॥৬৪॥ (বিশেষকম্)
স চাপি তাং প্রজ্বলিতাং মহিষস্য বিদারণীম্।
মুমোচ শক্তিং রাজেন্দ্র! মহাসেনো মহাবলঃ ॥৬৫॥
সা মুক্তাঽভ্যহরত্তস্য মহিষস্য শিরো মহৎ।
পপাত ভিন্নে শিরসি মহিষস্ত্যক্তজীবিতঃ ॥৬৬॥
পততা শিরসা তেন দ্বারং ষোড়শযোজনম্।
পর্ব্বতাভেন পিহিতং তদগম্যং ততোঽভবৎ।
উত্তরাঃ কুরবস্তেন গচ্ছন্ত্যদ্য যথাসুখম্ ॥৬৭॥

ভারতকৌমুদী

মহিষ ইতি। রৌদ্রং ভয়ঙ্করম্। অনদৎ সিংহনাদমকরোৎ ॥৬১॥

তত ইতি। ঘোরে মহতি। মহাসেনঃ কার্ত্তিকেয়ঃ। লোহিতাম্বরসংবীতঃ পরিহিত-রক্তবস্ত্রঃ। হিরণ্যকবচঃ স্বর্ণবর্ম্মধারী। আস্থিত আরূঢ়ঃ ॥৬২—৬৪॥

স ইতি। বিদারণীং সংহারিণীমিত্যর্থঃ। মহাসেনঃ কার্ত্তিকেয়ঃ ॥৬৫॥

সেতি। মুক্তা নিক্ষিপ্তা। ভিন্নে দেহাৎ পৃথগ্‌ভূতে ॥৬৬॥

মহিষও মহাদেবের ভয়ঙ্কর রথ দেখিয়া দেবগণকে ভীত এবং দৈত্যগণকে আনন্দিত করিতে থাকিয়া সিংহনাদ করিতে লাগিল ॥৬১॥

তখন দেবগণের সেই প্রকার দারুণ ভয় উপস্থিত হইলে, স্বর্ণবর্ণ শরীর, মহাবাহু ও প্রভাবশালী কার্ত্তিক ক্রোধে সূর্য্যের ন্যায় জ্বলিতে থাকিয়া সূর্য্যতুল্য উজ্জ্বল রথে আরোহণ করিয়া আগমন করিলেন; তখন তাঁহার পরিধানে রক্তবস্ত্র, কণ্ঠে রক্ত-মাল্য এবং রথেও রক্তবর্ণ অশ্ব যোজিত ছিল। এহেন কার্ত্তিককে দেখিয়া সেই দৈত্যসৈন্যেরা তৎক্ষণাৎ যুদ্ধে ধাবিত হইল ॥৬২—৬৪॥

রাজশ্রেষ্ঠ! মহাবল কার্ত্তিকও তখন সেই মহিষনাশিনী উজ্জ্বল শক্তি নিক্ষেপ করিলেন ॥৬৫॥

নিক্ষেপ করিবামাত্র সেই শক্তি মহিষের বিশাল মস্তক হরণ করিল এবং মস্তক বিচ্ছিন্ন হইলে, প্রাণশূন্য মহিষ ভূতলে পতিত হইল ॥৬৬॥

(৬৪)···কনকপ্রভম্—বা ব কা নি।

ক্ষিপ্তা ক্ষিপ্তা তু সা শক্তির্হত্বা শত্রূন্ সহস্রশঃ।
স্কন্দহস্তমনুপ্রাপ্তা দৃশ্যতে দেবদানবৈঃ ॥৬৮॥
প্রায়ঃ শরৈর্বিনিহতা মহাসেনেন ধীমতা।
শেষা দৈত্যগণা ঘোরা ভীতাস্ত্রস্তা দুরাসদৈঃ।
স্কন্দপারিষদৈর্হত্বা ভক্ষিতাশ্চ সহস্রশঃ ॥৬৯॥
দানবান্ ভক্ষয়ন্তস্তে প্রপিবন্তশ্চ শোণিতম্।
ক্ষণান্নির্দানবং সর্ব্বমকার্ষুর্ভৃশহর্ষিতাঃ ॥৭০॥
তমাংসীব যথা সূর্য্যো বৃক্ষানগ্নির্ঘনান্ খগঃ।
তথা স্কন্দোঽজয়চ্ছত্রূন্ স্বেন বীর্য্যেণ কীর্ত্তিমান্ ॥৭১॥

ভারতকৌমুদী

পততেতি। দ্বারম্ উত্তরকুরুদেশস্য। যোজনমধুনাতনী বিতস্তিরিতি প্রাগপ্যুক্তম্, তস্য দেহশ্চ তৎকালীনো বিশাল ইতি নানুপপত্তিঃ। পিহিতং রুদ্ধম্, অগম্যং তদানীম্। অদ্য ইদানীন্তু উত্তরাঃ কুরবস্তদ্দেশীয়া জনাঃ, তেন দ্বারেণ যথাসুখং গচ্ছন্তি; কালাতিরেকেণ তস্য লুপ্ততয়া রোধাভাবাদিতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৭॥

ক্ষিপ্তেতি। স্কন্দস্যালৌকিকপ্রভাবেণ শক্তেরপ্যলৌকিকপ্রভাবত্বাদিত্যাশয়ঃ ॥৬৮॥

প্রায় ইতি। ত্রস্তা উদ্বিগ্নাঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৬৯॥

দানবানিতি। তে স্কন্দপারিষদাঃ। নির্দানবং দানবশূন্যম্, সর্ব্বং যুদ্ধস্থানম্ ॥৭০॥

তমাংসীতি। সূর্য্যস্তমাংসীব, অগ্নির্যথা বৃক্ষান্, খগো বায়ুশ্চ যথা ঘনান্ মেঘান্ ॥৭১॥

পর্ব্বতপ্রমাণ সেই মস্তক পতিত হইয়া উত্তরকুরুদেশের ষোড়শবিতস্তি-পরিমিত দ্বারদেশ রুদ্ধ করিল; তাহাতেই তখন সেই দ্বারদেশ অগম্য হইয়াছিল; কিন্তু এখন (সেই মস্তক না থাকায়) উত্তরকুরুদেশীয়েরা সেই দ্বার দিয়া যথাসুখে গমন করে ॥৬৭॥

সেই শক্তি কার্ত্তিককর্ত্তৃক নিক্ষিপ্ত হইয়া সহস্র সহস্র শত্রু সংহার করিয়া করিয়া পুনরায় কার্ত্তিকের হস্তেই আসিতে লাগিল। এই ঘটনা—দেবগণ ও দানবগণের দৃষ্টিগোচর হইল ॥৬৮॥

বুদ্ধিমান্ কার্ত্তিক বাণদ্বারা প্রায় দানবকে সংহার করিলেন; অবশিষ্ট যাহারা থাকিল, সেই ভয়ঙ্কর দানবেরাও ভীত এবং উদ্বিগ্ন হইয়া পড়িল; তখন দুর্দ্ধর্ষ কার্ত্তিকপারিষদেরা তাহাদিগকে বধ করিয়া ভক্ষণ করিল ॥৬৯॥

কার্ত্তিকের সেই পারিষদেরা অত্যন্ত আনন্দিত হইয়া দানবগণকে ভক্ষণ ও তাহাদের রক্তপান করিতে থাকিয়া ক্ষণকালের মধ্যেই সমস্ত যুদ্ধস্থানকে দানবশূন্য করিয়া ফেলিল ॥৭০॥

সূর্য্য যেমন অন্ধকারকে, অগ্নি যেমন বৃক্ষসমূহকে এবং বায়ু যেমন মেঘ-

সম্পূজ্যমানস্ত্রিদশৈরভিবাদ্য মহেশ্বরম্।
শুশুভে কৃত্তিকাপুত্রঃ প্রকীর্ণাংশুরিবাংশুমান্ ॥৭২॥
নষ্টশত্রুর্যদা স্কন্দঃ প্রযাতস্তু মহেশ্বরম্।
তদাব্রবীন্মহাসেনং পরিষ্বজ্য পুরন্দরঃ ॥৭৩॥
ব্রহ্মদত্তবরঃ স্কন্দ ! ত্বয়ায়ং মহিষো হতঃ।
দেবাস্তৃণসমা যস্য বভূবুর্জয়তাং বর ! ।
সোঽয়ং ত্বয়া মহাবাহো ! শমিতো দেবকণ্টকঃ ॥৭৪॥
শতং মহিষতুল্যানাং দানবানাং ত্বয়া রণে।
নিহতং দেবশত্রূণাং যৈর্বয়ং পূর্ব্বতাপিতাঃ ॥৭৫॥
তাবকৈর্ভক্ষিতাশ্চান্যে দানবাঃ শতসংঘশঃ।
অজেয়স্ত্বং রণেঽরীণামুমাপতিরিব প্রভুঃ ॥৭৬॥

ভারতকৌমুদী

সম্পূজ্যেতি। কৃত্তিকাপুত্রঃ কার্ত্তিকঃ, প্রকীর্ণাংশুর্বিক্ষিপ্তকিরণঃ অংশুমান্ সূর্য্য ইব ॥৭২॥
নষ্টেতি। নষ্টাঃ শত্রবো যস্মাৎ সঃ। পরিষ্বজ্য আলিঙ্গ্য ॥৭৩॥
ব্রহ্মেতি। ব্রহ্মণা দত্তো বরো যস্মৈ সঃ। শমিতো নাশিতঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৪॥
শতমিতি। পূর্ব্বং তাপিতা উৎপীড়িতাঃ ॥৭৫॥
তাবকৈরিতি। তাবকৈস্ত্বদীয়ৈঃ পারিষদৈঃ। প্রভুঃ অলৌকিকপ্রভাবশালী ॥৭৬॥

পুঞ্জকে জয় করেন, তেমন কীর্ত্তিমান্ কার্ত্তিক আপন বলেই শত্রুগণকে জয় করিলেন ॥৭১॥

পরে দেবতারা কার্ত্তিকের সম্মান করিতে থাকিলে, কার্ত্তিক মহাদেবকে নমস্কার করিয়া কিরণবিক্ষেপী সূর্য্যের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৭২॥

কার্ত্তিক শত্রুগণকে সংহার করিয়া যখন মহাদেবের নিকট গমন করিলেন, তখন দেবরাজ তাঁহাকে আলিঙ্গন করিয়া বলিলেন—॥৭৩॥

"বিজয়িশ্রেষ্ঠ মহাবাহু কার্ত্তিক! ব্রহ্মা এই মহিষকে বর দিয়াছিলেন; কিন্তু আপনি তাহাকে বধ করিয়াছেন এবং দেবগণ যাহার নিকটে তৃণতুল্য ছিলেন, আপনি সেই দেবশত্রুকে সংহার করিয়াছেন ॥৭৪॥

আর, পূর্ব্বে যাহারা আমাদিগকে উৎপীড়িত করিত, সেই দেবশত্রু মহিষতুল্য শত শত দানবকে আপনি যুদ্ধে বিনাশ করিয়াছেন ॥৭৫॥

এবং আপনারই পারিষদেরা অন্য শত শত দানবকে ভক্ষণ করিয়াছে; সুতরাং আপনি যুদ্ধে শত্রুগণের অজেয় এবং শিবের ন্যায় প্রতাপশালী ॥৭৬॥

এতত্তে প্রথমং দেব! খ্যাতং কর্ম্ম ভবিষ্যতি।
ত্রিষু লোকেষু কীর্ত্তিশ্চ তবাক্ষয্যা ভবিষ্যতি।
বশগাশ্চ ভবিষ্যন্তি সুরাস্তব মহাভুজ! ॥৭৭॥
মহাসেনমেবমুক্ত্বা নিবৃত্তঃ সহ দৈবতৈঃ।
অনুজ্ঞাতো ভগবতা ত্র্যম্বকেন শচীপতিঃ ॥৭৮॥
গতো ভদ্রবটং রুদ্রো নিবৃত্তাশ্চ দিবৌকসঃ।
উক্তাশ্চ দেবা রুদ্রেণ স্কন্দং পশ্যত মামিব ॥৭৯॥
স হত্বা দানবগণান্ পূজ্যমানো মহর্ষিভিঃ।
একাহ্নৈবাজয়ৎ সর্ব্বং ত্রৈলোক্যং বহ্নিনন্দনঃ ॥৮০॥
স্কন্দস্য য ইদং বিপ্রঃ পঠেজ্জন্ম সমাহিতঃ।
স পুষ্টিমিহ সম্প্রাপ্য স্কন্দসালোক্যমাপ্নুয়াৎ ॥৮১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং স্কন্দযুদ্ধে চতুর্নবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এতদিতি। এতৎ দানববিজয়রূপং কর্ম্ম। অক্ষয্যা ক্ষেতুমশক্যা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৭॥

মহেতি। মহাসেনং কার্ত্তিকেযম্। নিবৃত্তঃ স্বভবনং প্রস্থিতঃ ॥৭৮॥

গত ইতি। ভদ্রবটং তদাখ্যং স্থানম্। মামিব, স্নেহেন ভক্ত্যা চ ॥৭৯॥

স ইতি। একাহ্নেতি অদন্তত্বাভাব আর্ষঃ। বহ্নিনন্দনঃ কার্ত্তিকেযঃ ॥৮০॥

দেব মহাবাহু! আপনার এই প্রথম কার্য্য ত্রিভুবনে বিখ্যাত হইবে, আপনার কীর্ত্তি অক্ষয় হইয়া থাকিবে এবং দেবতারা আপনার বশীভূত হইবেন" ॥৭৭॥

দেবরাজ কার্ত্তিককে এইরূপ বলিয়া ভগবান্ মহাদেবের অনুমতিক্রমে দেবগণের সহিত প্রস্থান করিলেন ॥৭৮॥

মহাদেব ভদ্রবটে গমন করিলেন, অন্যান্য দেবতারাও আপন আপন স্থানে প্রস্থান করিলেন এবং মহাদেব যাইবার সময়ে দেবগণকে বলিলেন—"তোমরা আমারই মত কার্ত্তিককে দেখিও" ॥৭৯॥

অগ্নিনন্দন কার্ত্তিক দানবগণকে বধ করিয়া মহর্ষিগণকর্ত্তৃক পূজিত হইতে থাকিয়া একদিনেই সমস্ত ত্রিভুবন জয় করিলেন ॥৮০॥

* '...সপ্তবিংশত্যধিকদ্বিশততমঃ—পি, '...ত্রিংশদধিকদ্বিশততমঃ...'—বা ব, '...একত্রিংশদধিকদ্বিশততমঃ...'—কা, '...দ্বাত্রিংশদধিকদ্বিশততমঃ...'—নি।

পঞ্চনবত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

যুধিষ্ঠির উবাচ।

ভগবন্! শ্রোতুমিচ্ছামি নামান্যস্য মহাত্মনঃ।

ত্রিষু লোকেষু যান্যস্য বিখ্যাতানি দ্বিজোত্তম! ॥১॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্তঃ পাণ্ডবেয়েন মহাত্মা ঋষিসন্নিধৌ।

উবাচ ভগবাংস্তত্র মার্কণ্ডেয়ো মহাতপাঃ ॥২॥

ভারতকৌমুদী

স্কন্দস্যেতি। সমাহিত একাগ্রচিত্তঃ। স্কন্দস্য সালোক্যং সমানস্থানম্ ॥৮১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং চতুর্নবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভগবন্নিতি। অস্য কার্ত্তিকস্য। মহাপ্রভাবত্বাদেব বহুনামসম্ভাবনয়া প্রশ্নঃ ॥১॥

ইতীতি। পাণ্ডবেয়েন যুধিষ্ঠিরেণ। ঋষীণাং ধৌম্যাদীনাং সন্নিধৌ ॥২॥

ভারতভাবদীপঃ

যদেতি ॥১—৬॥ জুষ্টৈকৈর্গ্রহবিশেষৈঃ ॥৭—২০॥ বিদ্যাগণাঃ স্তুতিপদ্যসমূহাঃ। বচনং পঠনং সরহস্যব্যাখ্যানং বা ॥২১—৪৯॥ অনয়ো দারহরণাদিঃ ॥৫০—৫৬॥ কূবরং ধূঃপ্রদেশম্ ॥৫৭॥ রেসতুঃ শব্দং চক্রতুঃ, রোদসী দ্যাবাভূমী ॥৫৮—৫৯॥ অহনৎ হতবান্ ॥৬০—৬৬॥ দ্বারমুত্তরকুরূণামিতি শেষঃ। অগম্যমিতি চ্ছেদঃ। তেন দ্বারেণ ॥৬৭—৮১॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্নবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৯৪॥

—:*:—

যে ব্রাহ্মণ একাগ্রচিত্ত হইয়া কার্ত্তিকের এই জন্মবৃত্তান্ত পাঠ করিবেন, তিনি ইহলোকে সম্পদ লাভ করিয়া পরলোকে কার্ত্তিকের সমান স্থান লাভ করিবেন" ॥৮১॥

—:*:—

যুধিষ্ঠির বলিলেন—"ভগবন্ ব্রাহ্মণশ্রেষ্ঠ! এই মহাত্মা কার্ত্তিকের যে সকল নাম ত্রিভুবনে বিখ্যাত আছে, সেই সকল নাম আমি শুনিতে ইচ্ছা করি" ॥১॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির এইরূপ বলিলে, মহাত্মা ও মহাতপা ভগবান্ মার্কণ্ডেয় তখন ঋষিগণের নিকটে যুধিষ্ঠিরকে বলিতে লাগিলেন ॥২॥

মার্কণ্ডেয় উবাচ।

আগ্নেয়শ্চৈব স্কন্দশ্চ দীপ্তকীর্ত্তিরনাময়ঃ।
ময়ূরকেতুর্ধর্ম্মাত্মা ভূতেশো মহিষার্দ্দনঃ ॥৩॥
কামজিৎ কামদঃ কান্তঃ সত্যবাগ্‌ভুবনেশ্বরঃ।
শিশুঃ শীঘ্রঃ শুচিশ্চণ্ডো দীপ্তবর্ণঃ শুভাননঃ ॥৪॥
অমোঘস্ত্বনঘো রৌদ্রঃ প্রিয়শ্চন্দ্রাননস্তথা।
দীপ্তশক্তিঃ প্রশান্তাত্মা ভদ্রকৃৎ কূটমোহনঃ ॥৫॥
ষষ্ঠীপ্রিয়শ্চ ধর্ম্মাত্মা পবিত্রো মাতৃবৎসলঃ।
কন্যাভর্ত্তা বিভক্তশ্চ স্বাহেয়ো রেবতীসুতঃ ॥৬॥
প্রভুর্নেতা বিশাখশ্চ নৈগমেয়ঃ সুদুশ্চরঃ।
সুব্রতো ললিতশ্চৈব বালক্রীড়নকপ্রিয়ঃ ॥৭॥
খচারী ব্রহ্মচারী চ শূরঃ শরবনোদ্ভবঃ।
বিশ্বামিত্রপ্রিয়শ্চৈব দেবসেনাপ্রিয়স্তথা।
বাসুদেবপ্রিয়শ্চৈব প্রিয়ঃ প্রিয়কৃদেব তু ॥৮॥
নামান্যেতানি দিব্যানি কার্ত্তিকেয়স্য যঃ পঠেৎ।
স্বর্গং কীর্ত্তিং ধনঞ্চৈব স লভেন্নাত্র সংশয়ঃ ॥৯॥ (কুলকম্)

ভারতকৌমুদী

আগ্নেয় ইতি। ভূতানাং প্রাগুক্তপারিষদানামীশঃ। কামজিৎ রূপেণ। চণ্ডঃ ক্রোধনঃ। কূটৈঃ কপটচারিভিঃ প্রাগুক্তৈগ্র্রহৈর্মোহয়তি শিশূনিতি কূটমোহনঃ। রেবতীতি স্বাহায়া এব নামান্তরং তস্যাঃ সুতঃ। নৈগমেয়ো নাগরিকগুদ্ধবেশবিলাসকরণাৎ। ব্রহ্মচারী দেবসেনায়াঃ পরিণয়াৎ প্রাক্। ষট্‌পাদঃ শ্লোকঃ। দিব্যানি অলৌকিকানি ॥৩—৯॥

ভারতভাবদীপঃ

সর্ব্বেষাং গ্রহাণাং স্কন্দাধীনত্বাত্তচ্ছান্তয়ে স্কন্দং প্রার্থয়িতুকামস্তদীয়ং নামাদিকং পৃচ্ছতি—ভগবন্নিতি ॥১—৩॥ কামজিৎ পূর্ণমনোরথঃ ॥৪॥ কূটং কপটং বালগ্রহাদি তেন মোহয়তীতি কূটমোহনঃ ॥৫॥ কন্যাভর্ত্তা অগ্নিপুত্রত্বেনাগ্নিরূপত্বাৎ "তৃতীয়োঽগ্নিষ্টে পতি"রিতি মন্ত্রবর্ণাচ্চ

মার্কণ্ডেয় বলিলেন—"আগ্নেয়, স্কন্দ, দীপ্তকীর্ত্তি, অনাময়, ময়ূরকেতু, ধর্ম্মাত্মা, ভূতেশ, মহিষার্দ্দন, কামজিৎ, কামদ, কান্ত, সত্যবাক্, ভুবনেশ্বর, শিশু, শীঘ্র, শুচি, চণ্ড, দীপ্তবর্ণ, শুভানন, অমোঘ, অনঘ, রৌদ্র, প্রিয়, চন্দ্রানন, দীপ্তশক্তি, প্রশান্তাত্মা, ভদ্রকৃৎ, কূটমোহন, ষষ্ঠীপ্রিয়, ধর্ম্মাত্মা, পবিত্র, মাতৃবৎসল, বিভক্ত, স্বাহেয়, রেবতীসুত, প্রভু, নেতা, বিশাখ, নৈগমেয়, সুদুশ্চর, সুব্রত, ললিত, বালক্রীড়নকপ্রিয়, খচারী, ব্রহ্মচারী, শূর, শরবনোদ্ভব, বিশ্বামিত্রপ্রিয়, দেবসেনা-

মার্কণ্ডেয় উবাচ।

স্তোষ্যামি দেবৈর্ঋষিভিশ্চ জুষ্টং ভক্ত্যা গুহং নামভিরপ্রমেয়ম্।
ষড়াননং শক্তিধরং সুবীরং নিবোধ চৈতানি কুরুপ্রবীর! ॥১০॥
ব্রহ্মণ্যো বৈ ব্রহ্মজো ব্রহ্মবিচ্চ ব্রহ্মেশয়ো ব্রহ্মবতাং বরিষ্ঠঃ।
ব্রহ্মপ্রিয়ো ব্রাহ্মণসব্রতী ত্বং ত্বং ব্রহ্মণাং ব্রাহ্মণানাঞ্চ নেতা ॥১১॥
স্বাহা স্বধা ত্বং পরমং পবিত্রং মন্ত্রস্তুতস্ত্বং প্রথিতঃ ষড়র্চ্চিঃ।
সংবৎসরস্ত্বম্ ঋতবশ্চ ষড় বৈ মাসার্দ্ধমাসাবয়নং দিশশ্চ ॥১২॥

ভারতকৌমুদী

ভক্ত্যা দয়াম্মার্কণ্ডেয় এব স্তৌতি—স্তোষ্যামীতি। নামভিঃ স্তোষ্যামীতি সম্বন্ধঃ ॥১০॥

ব্রহ্মণ্য ইতি। ব্রহ্মভ্যো বেদেভ্যো হিত ইতি ব্রহ্মণ্যঃ, ব্রহ্মণোঽগ্নেস্তপোরূপাজ্জায়ত ইতি ব্রহ্মজঃ, ব্রহ্মবিৎ আত্মজ্ঞঃ, ব্রহ্মে ব্রহ্মণি শেতে তিষ্ঠতীতি ব্রহ্মেশয়ঃ। অকারান্তত্বমার্ষম্ অলুক্-সমাসশ্চ। ব্রহ্মবতাং ব্রহ্মজ্ঞানবতাং বরিষ্ঠঃ, ব্রহ্মপ্রিয়ো ব্রাহ্মণপ্রিয়ঃ, ব্রাহ্মণানাং সমানং ব্রতং ব্রহ্মচর্য্যাদিকমস্যাস্তীতি ব্রাহ্মণসব্রতী, ব্রহ্মণাং ব্রহ্মজ্ঞানাং ব্রাহ্মণানাঞ্চ নেতা স্বর্গাদিপ্রাপয়িতা। "বেদস্তত্ত্বং তপো ব্রহ্ম ব্রহ্মা বিপ্রঃ প্রজাপতিঃ" ইত্যমরঃ ॥১১॥

ভারতভাবদীপঃ

॥৬—৯॥ জুষ্টং সেবিতম্ ॥১০॥ ব্রহ্মণ্যো ব্রাহ্মণেষু সাধুঃ ব্রহ্মজো বেদোক্তেন গর্ভাধানাদি-কর্ম্মণা জাতঃ, অতএব হেতুদ্বয়াৎ ব্রহ্মবিদ্বেদার্থজ্ঞাতা তত এব ব্রহ্মে ব্রহ্মণি কর্ম্মব্রহ্মরূপে শেতে ইতি ব্রহ্মেশয়ঃ অদন্তত্বমার্ষম্, কর্ম্মব্রহ্মনিষ্ঠাবানিত্যর্থঃ, ব্রহ্মবতাং কর্ম্মোপাস্তিজ্ঞানবতাং বরিষ্ঠো জ্ঞানীত্যর্থঃ, বরিষ্ঠত্বে হেতুর্ব্রহ্মপ্রিয়স্তৎকর্ম্মোপাস্তিপরঃ ব্রাহ্মণো ব্রহ্মবিত্তেন সহ সমানং ব্রত-মদ্বেষ্টৃত্বাদিরূপং যস্য স ব্রাহ্মণসব্রতী, অতএব ব্রহ্মজ্ঞঃ শুদ্ধব্রহ্মবিৎ, ব্রাহ্মণানাং নেতা ব্রহ্মপদপ্রাপকঃ ॥১১॥ ষডর্চ্চিঃ ষণ্মুখত্বাৎ ষড়্জিহ্বঃ ॥১২—২১॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৯৫॥

প্রিয়, বাসুদেবপ্রিয়, প্রিয় এবং প্রিয়কৃৎ,—যে লোক কার্ত্তিকের এই সকল অলৌকিক নাম পাঠ করে, সে লোক স্বর্গ, কীর্ত্তি ও ধন লাভ করে; এ বিষয়ে কোন সন্দেহ নাই" ॥৩—৯॥

পুনরায় মার্কণ্ডেয় বলিলেন—"কৌরবশ্রেষ্ঠ! যিনি দেবগণ ও ঋষিগণের সেবিত, অজ্ঞেয়স্বভাব ষড়ানন, শক্তিধারী ও মহাবীর, সেই কার্ত্তিককে আমি এখন ভক্তিবশতঃ তাঁহারই নামদ্বারা স্তব করিব; তুমি এই নামগুলিও শ্রবণ কর ॥১০॥

হে কার্ত্তিক! আপনি ব্রহ্মণ্য, ব্রহ্মজ, ব্রহ্মবিৎ, ব্রহ্মনিষ্ঠ, ব্রহ্মজ্ঞশ্রেষ্ঠ, ব্রাহ্মণপ্রিয়, ব্রাহ্মণের তুল্য ব্রতচারী এবং ব্রহ্মজ্ঞ ও ব্রাহ্মণগণের ফলদাতা ॥১১॥

---

(১০)...শক্ত্যা গুহম্—বা ব কা নি। (১১)...ব্রহ্মজো বৈ ব্রাহ্মণানাঞ্চ নেতা—বা ব, ...ব্রাহ্মণো বৈ ব্রাহ্মণাদাঞ্চ নেতা—পি।

ত্বং পুষ্করাক্ষস্ত্বরবিন্দবক্ত্রঃ সহস্রবক্ত্রোঽসি সহস্রবাহুঃ।
ত্বং লোকপালঃ পরমং হবিশ্চ ত্বং ভাবনঃ সর্ব্বসুরাসুরাণাম্ ॥১৩॥
ত্বমেব সেনাধিপতিঃ প্রচণ্ডঃ প্রভুর্বিভুশ্চাপ্যথ শক্রজেতা।
সহস্রভূস্ত্বং ধরণী ত্বমেব সহস্রতুষ্টিশ্চ সহস্রভুক্ চ ॥১৪॥
সহস্রশীর্ষস্ত্বমনন্তরূপঃ সহস্রপাত্ত্বং গুরুশক্তিধারী।
গঙ্গাসুতস্ত্বং স্বমতেন দেব! স্বাহা-মহী-কৃত্তিকানাং তথৈব ॥১৫॥
ত্বং ক্রীড়সে ষণ্মুখ! কুক্কুটেন যথেষ্টনানাবিধকামরূপী।
দক্ষোঽসি সোমো মরুতঃ সদৈব ধর্ম্মোঽসি বায়ুরচলেন্দ্র ইন্দ্রঃ ॥১৬॥

ভারতকৌমুদী

স্বাহেতি। স্বাহা তজ্জাতত্বাৎ, "স্বধা বৈ পিতৃণামন্নম্" ইতি শ্রুতেঃ স্বধা পিত্রন্নম্, তদ্বৎ পিতৃপ্রিয় ইত্যর্থঃ। ষডর্চ্চিঃ অর্চ্চির্বদুজ্জ্বলষডাননঃ। অর্দ্ধমাসঃ পক্ষঃ ॥১২॥

বিরাড়্রূপেণ স্তৌতি—ত্বমিতি। পুষ্করাক্ষঃ পদ্মনেত্রঃ। ভাবন উৎপাদকঃ ॥১৩॥

ত্বমিতি। সেনাধিপতির্দেবানাম্। প্রভুঃ শক্তিমান্, বিভুর্ব্যাপকঃ। সহস্রভূঃ সহস্রস্থানগোচরঃ ভক্তানাং সহস্রারপদ্মস্থিতো বা তৈঃ সততং ধ্যাযমানত্বাৎ ॥১৪॥

সহস্রেতি। অনন্তরূপঃ শেষনাগস্বরূপঃ। স্বমতেন আত্মন এবেচ্ছয়া ॥১৫॥

ত্বমিতি। কুক্কুটেন পক্ষিণা, যথেষ্টানি পর্য্যাপ্তানি নানাবিধানি কামরূপাণি ইচ্ছানুরূপমূর্ত্তয়ঃ অস্য সন্তীতি সঃ। দক্ষঃ প্রজাপতিঃ, মরুতো দেবাঃ ॥১৬॥

আপনি স্বাহা, স্বধা, পরম পবিত্র, মন্ত্রদ্বারা স্তুত, ষড়ানন বলিয়া প্রসিদ্ধ এবং আপনি বৎসর, ছয় ঋতু, বার মাস, চব্বিশ পক্ষ, দুই অয়ন এবং দশ দিক্ ॥১২॥

আপনি পদ্মনয়ন, পদ্মমুখ, সহস্রমুখ এবং সহস্রবাহু; আর আপনি লোকপাল ও পরম হবি এবং আপনি সমস্ত সুরাসুরগণের উৎপাদক ॥১৩॥

আপনি দেবসেনাপতি, দারুণ ক্রোধী, প্রভু, সর্ব্বব্যাপক ও ইন্দ্রবিজয়ী এবং আপনি ভক্তগণের সহস্রারবাসী ও পৃথিবী; আর আপনি সহস্রতুষ্টি ও সহস্রভুক্ ॥১৪॥

আপনি সহস্র শীর্ষ ও সহস্র চরণ অনন্তনাগ এবং বিশাল শক্তিধারী; আর দেব! আপনি নিজের ইচ্ছানুসারেই গঙ্গা, স্বাহা, পৃথিবী ও কৃত্তিকাগণের পুত্র হইয়াছেন ॥১৫॥

হে ষড়ানন! আপনি কুক্কুটদ্বারা খেলা করেন, ইচ্ছানুসারে নানাবিধ বহুতর রূপ ধারণ করিয়া থাকেন এবং আপনি দক্ষ, চন্দ্র, মরুদ্গণ, ধর্ম্ম, বায়ু, গিরীন্দ্র ও ইন্দ্র ॥১৬॥

---

(১৬)...দীক্ষাসি সোমো মরুতাং সদৈব—পি নি।

সনাতনানামপি শাশ্বতস্ত্বং প্রভুঃ প্রভূণামপি চোগ্রধন্বা।
ঋতস্য কর্ত্তা দিতিজান্তকস্ত্বং জেতা রিপূণাং প্রবরঃ সুরাণাম্ ॥১৭॥
সূক্ষ্মং তপস্তৎ পরমং ত্বমেব পরাবরজ্ঞোঽসি পরাবরস্ত্বম্।
ধর্ম্মস্য কামস্য পরস্য চৈব ত্বত্তেজসা কৃৎস্নমিদং মহাত্মন্! ॥১৮॥
ব্যাপ্তং জগৎ সর্ব্বসুরপ্রবীর! ভক্ত্যা ময়া সংস্তুত! লোকনাথ!।
নমোঽস্তু তে দ্বাদশনেত্রবাহো! অতঃ পরং বেদ্মি গতং ন তেঽহম্ ॥১৯॥ (যুগ্মকম্)
স্কন্দস্য য ইদং বিপ্রঃ পঠেজ্জন্ম সমাহিতঃ।
শ্রাবয়েদ্‌ব্রাহ্মণেভ্যো যঃ শৃণুয়াদ্বা দ্বিজেরিতম্ ॥২০॥
ধনমায়ুর্যশো দীপ্তং পুত্রান্ শত্রুজয়ং তথা।
স পুষ্টিতুষ্টী সম্প্রাপ্য স্কন্দসালোক্যমাপ্নুযাৎ ॥২১॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং কার্ত্তিকেয়স্তবে পঞ্চনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

সনেতি। সনাতনানাং ব্রহ্মাদীনাং মধ্যেঽপি ত্বং শাশ্বতঃ প্রধানঃ সনাতনঃ, প্রভূণাং ব্রহ্মাদীনামপি ত্বং প্রভুঃ। ঋতস্য সত্যস্য কর্ত্তা প্রবর্ত্তয়িতা, তন্নিয়মস্থাপনাৎ ॥১৭॥

সূক্ষ্মমিতি। তপস্তপোবিষয়ো ব্রহ্ম। পরং পরমাত্মানম্ অবরান্ ব্রহ্মাদীংশ্চ জানাতীতি পরাবরজ্ঞঃ, পরাবরশ্চ ত্বম্, সর্ব্বাত্মকত্বাৎ। ধর্ম্মস্য কামস্য, পরস্য অর্থস্য চ ত্বং হেতুরিতি শেষঃ। ত্বত্তেজসা ইদং কৃৎস্নং জগৎ ব্যাপ্তমিতি সম্বন্ধঃ। অত উক্তাৎ পরং তে তব গতং গতিং মহিমানমিত্যর্থঃ, অহং ন বেদ্মি ॥১৮—১৯॥

স্কন্দস্যেতি। জন্ম জন্মাদিবৃত্তম্। স্কন্দস্য সালোক্যং সমানং লোকম্ ॥২০—২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং পঞ্চনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

আপনি সনাতনদিগের মধ্যেও প্রধান সনাতন, প্রভুদেরও প্রভু, ভীষণ ধনুর্দ্ধর, সত্যের প্রবর্ত্তক, দৈত্যগণের নিহন্তা, শত্রুগণের বিজেতা এবং দেবগণের নেতা ॥১৭॥

আপনিই তপস্যার বিষয় সেই সূক্ষ্ম পরমাত্মা, পরাবরজ্ঞ ও পরাবর এবং আপনিই ধর্ম্ম, অর্থ ও কামের হেতু; আর মহাত্মন্! সর্ব্বদেবপ্রধান! লোকনাথ! আপনার তেজেই এই সমগ্র জগৎ ব্যাপ্ত রহিয়াছে। হে দ্বাদশ-নেত্র! আমি আপনার স্তব করিলাম, হে দ্বাদশবাহো! আপনাকে নমস্কার; ইহার পর আর আমি আপনার মহিমা জানি না ॥১৮—১৯॥

---

* '...অষ্টাবিংশত্যধিকদ্বিশততমঃ...'—পি, '...একত্রিংশদধিকদ্বিশততমঃ...'—বা ব, '...দ্বাত্রিংশদধিকদ্বিশততমঃ...'—কা, '...ত্রয়স্ত্রিংশদধিকদ্বিশততমঃ...'—নি।

ষণ্ণবত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

উপাসীনেষু বিপ্রেষু পাণ্ডবেষু মহাত্মসু।
দ্রৌপদী সত্যভামা চ বিবিশাতে তদা সমম্।
জাহস্যমানে সুপ্রীতে সুখং তত্র নিষীদতুঃ ॥১॥
চিরস্য দৃষ্ট্বা রাজেন্দ্র! তেঽন্যোন্যস্য প্রিয়ংবদে।
কথয়ামাসতুশ্চিত্রাঃ কথাঃ কুরুযদূত্থিতাঃ ॥২॥
অথাব্রবীৎ সত্যভামা কৃষ্ণস্য মহিষী প্রিয়া।
সাত্রাজিতী যাজ্ঞসেনীং রহসীদং সুমধ্যমা ॥৩॥

ভারতকৌমুদী

প্রকরণান্তরমারভতে—উপেতি। উপ মার্কণ্ডেয়সমীপে আসীনেষু উপবিশৎসু। সমং যুগপৎ। জাহস্যমানে পুনঃ পুনর্মন্দং হসন্ত্যৌ, নিষীদতুঃ একান্তে উপবিবিশতুঃ, পরত্র রহসীত্যভিধানাৎ। আর্ষোঽয়ং প্রয়োগঃ। ষট্‌পাদশ্চ শ্লোকঃ ॥১॥

চিরস্যেতি। অন্যোন্যস্য মুখমিতি শেষঃ। কুরুযদূত্থিতাঃ কৌরবযাদবব্যাপারোৎপন্নাঃ ॥২॥

অথেতি। সত্রাজিতো রাজ্ঞোঽপত্যং স্ত্রীতি সাত্রাজিতী। রহসি নির্জ্জনে ॥৩॥

যে ব্রাহ্মণ একাগ্রচিত্ত হইয়া কার্ত্তিকের এই জন্মপ্রভৃতি বৃত্তান্ত পাঠ করেন, কিংবা যিনি ব্রাহ্মণদিগকে শ্রবণ করান, অথবা যিনি ব্রাহ্মণপঠিত এই বৃত্তান্ত শ্রবণ করেন, তাঁহারা সকলেই ধন, আয়ু, উজ্জ্বল যশ, পুত্র, শত্রুজয়, সম্পদ ও আনন্দ লাভ করিয়া অন্তিমে স্কন্দলোক লাভ করেন" ॥২০—২১॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—ব্রাহ্মণেরা ও মহাত্মা পাণ্ডবেরা মার্কণ্ডেয়মুনির নিকটে বসিয়াছিলেন, এমন সময়ে প্রফুল্লচিত্ত দ্রৌপদী ও সত্যভামা একদাই সেই সভায় প্রবেশ করিলেন এবং মৃদুহাস্যমুখে একপ্রান্তে উপবেশন করিলেন ॥১॥

রাজশ্রেষ্ঠ! প্রিয়ভাষিণী সেই দ্রৌপদী ও সত্যভামা দীর্ঘকালের পর পরস্পর দর্শন লাভ করিয়া প্রথমে কুরুকুল ও যদুকুলসম্বন্ধে নানা কথা বলিলেন ॥২॥

তাহার পর সত্রাজিৎ রাজার কন্যা এবং কৃষ্ণের প্রিয়তমা মহিষী সুমধ্যমা সত্যভামা নির্জ্জনে দ্রৌপদীকে এই কথা বলিলেন— ॥৩॥

কেন দ্রৌপদি! বৃত্তেন পাণ্ডবানধিতিষ্ঠসি।
লোকপালোপমান্ বীরান্ যূনঃ পরমসম্মতান্।
কথঞ্চ বশগাস্তুভ্যং ন কুপ্যন্তি চ তে শুভে! ॥৪॥
তব বশ্যা হি সততং পাণ্ডবাঃ প্রিয়দর্শনে!।
মুখপ্রেক্ষাশ্চ তে সর্ব্বে তত্ত্বমেতদ্‌ব্রবীহি মে ॥৫॥
ব্রতচর্য্যা তপো বাপি স্নানমন্ত্রৌষধানি বা।
বিদ্যাবীর্য্যং মূলবীর্য্যং জপহোমাগদাস্তথা ॥৬॥

ভারতকৌমুদী

কেনেতি। কেন কীদৃশেন, বৃত্তেন ব্যবহারেণ, অধিতিষ্ঠসি আশ্রয়সি। পরমসম্মতান্ লোকানামতিপ্রিয়ান্। তুভ্যং তব। তে পাণ্ডবাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

তবেতি। মুখং প্রেক্ষন্তে সর্ব্বেষেব কার্য্যেষু ত্বদভিপ্রায়জ্ঞানার্থং পশ্যন্তীতি তে ॥৫॥

ব্রতেতি। ব্রতস্য শাস্ত্রবিহিতনিয়মবিশেষস্য চর্য্যা আচরণম্, তপ উপবাসাদি, স্নানং গঙ্গাদৌ কাম্যং মন্ত্রা সুন্দরীবীজাদয়ঃ ঔষধানি নীলতন্ত্রোক্তানি ব্রহ্মদণ্ডীবচাদীনি, বিদ্যা ব্যবহারপটুতা তস্যা বীর্য্যং প্রভাবঃ, মূলানাং কুষ্ঠাদীনাং বীর্য্যম্, জপো নীলতন্ত্রোক্তমন্ত্রাদীনাং হোমো নারায়ণাদ্যুদ্দেশে, অগদাঃ শাস্ত্রানুক্তানি ঔষধানি বা, এষাং সমুদয়েনান্যতমেন বা পাণ্ডবাস্তে বশ্যাস্তদ্‌ব্রূহীতি ভাবঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

পতিব্রতোপাখ্যানে সূচিতান্ স্ত্রীধর্ম্মান্ বিবরীতুং দ্রৌপদীসত্যভামাসংবাদমারভতে "উপাসীনেষু বিপ্রে"ষিত্যাদিনা। সমমেকত্র। জাহস্যমানে পরস্পরমতিশয়েন হসন্ত্যৌ ॥১॥ কুরুযদূখিতাঃ কুরুষু যদুষু চোৎপন্নাঃ ॥২—৩॥ সংহতান্ দৃঢ়াঙ্গান্ ॥৪—৫॥ ব্রতং সোমবারব্রতাদি, তপ উপাবাসাদি, স্নানং সঙ্গমাদৌ। মন্ত্রোপেতমৌষধং বশীকরণার্থম্, বিদ্যা কামশাস্ত্রোক্তা। "রতান্তে বামপাদেন ভর্ত্তৃলিঙ্গমুপস্পৃশেৎ। যাবজ্জীবং পতিস্তস্যা গর্ভদাসো ভবেৎ ধ্রুবম্"। ইত্যাদিকা। তদ্বীর্য্যং মূলম্, অপ্রচ্যুতং তারুণ্যাদি তদ্বীর্য্যং জপহোমাগদা

"দ্রৌপদি! দিক্‌পালতুল্য মহাবীর, যুবক এবং লোকের পরমপ্রিয় পাণ্ডবগণের নিকটে কিপ্রকার ব্যবহারে তুমি চলিতেছ? কল্যাণি! কেনই বা তাঁহারা তোমার বশীভূত হইয়া রহিয়াছেন? এবং কেনই বা কুপিত হন না? ॥৪॥

প্রিয়দর্শনে! পাণ্ডবেরা সর্ব্বদাই তোমার বশীভূত হইয়া রহিয়াছেন এবং তাঁহারা সকলে সকল কার্য্যেই তোমার মুখপ্রেক্ষী হন; ইহার কারণ তুমি আমার নিকটে সত্য বল ॥৫॥

ব্রত, তপস্যা, স্নান, মন্ত্র, শাস্ত্রোক্ত ঔষধ, নিজের পটুতার প্রভাব, কোন

---

(৪)…বীরান্ পুনঃ পরমসংহতান্—বা ব কা,…নূনং পরমসম্মতান্—নি।

মমাদ্যাচক্ষ্ব পাঞ্চালি ! যশস্যং ভগদৈবতম্ ।
যেন কৃষ্ণে ! ভবেন্নিত্যং মম কৃষ্ণো বশানুগঃ ॥৭॥
এবমুক্ত্বা সত্যভামা বিররাম যশস্বিনী ।
পতিব্রতা মহাভাগা দ্রৌপদী প্রত্যুবাচ তাম্ ॥৮॥
অসৎস্ত্রীণাং সমাচারং সত্যে ! মামনুপৃচ্ছসি ।
অসদাচরিতে মার্গে কথং স্যাদনুকীর্ত্তনম্ ॥৯॥
অনুপ্রশ্নঃ সংশয়ো বা নৈতত্ত্বয্যুপপদ্যতে ।
তথা হ্যুপেতা বুদ্ধ্যা ত্বং কৃষ্ণস্য মহিষী প্রিয়া ॥১০॥
যদৈব ভর্ত্তা জানীয়ান্মন্ত্রমূলপরাং স্ত্রিয়ম্ ।
উদ্বিজেত তদৈবাস্যাঃ সর্পাদ্বেশ্মগতাদিব ॥১১॥

ভারতকৌমুদী

মমেতি। ভগং সৌভাগ্যং ভর্ত্তৃপ্রিয়ত্বং তৎসম্বন্ধি দৈবতং দৈবং দৈববত্তীত্রোপায়-মিত্যর্থঃ ॥৭॥

এবমিতি। যশস্বিনী সৌন্দর্য্যচরিত্রাদিভিরিত্যাশয়ঃ ॥৮॥

অসদিতি। সমাচারং ব্যবহারবিষয়ম্, হে সত্যে! সত্যভামে! অনুকীর্ত্তনমুক্তিঃ ॥৯॥

অন্বিতি। সংশয়ঃ ময়া পতিবশীকরণায় ব্রতাদিঃ কৃতো ন বেতি সন্দেহঃ। এতৎ দ্বয়মপি। তথাহি ত্বং বুদ্ধ্যা উপেতা যুক্তা বুদ্ধিমতী, কৃষ্ণস্য প্রিয়া মহিষী চ ॥১০॥

মূলধারণের প্রভাব, জপ, হোম এবং শাস্ত্রে অনুক্ত কোন ঔষধ, ইহার সকল-গুলি দ্বারা বা কোনটা দ্বারা ইঁহারা তোমার বশীভূত হইয়া রহিয়াছেন ? ॥৬॥

কৃষ্ণে ! পাঞ্চালি ! তুমি আজ আমার নিকট যশস্কর ও সৌভাগ্যজনক উপায় বল ; যাহাতে কৃষ্ণ সর্ব্বদাই আমার বশীভূত থাকেন" ॥৭॥

এইরূপ বলিয়া যশস্বিনী সত্যভামা বিরত হইলেন। তাহার পর পতিব্রতা ও মহাভাগা দ্রৌপদী তাঁহাকে বলিতে আরম্ভ করিলেন—॥৮॥

"সত্যভামা! তুমি অসৎ স্ত্রীলোকদের ব্যবহারের বিষয় আমাকে জিজ্ঞাসা করিয়াছ ; সুতরাং অসৎ বিষয়ে কথা বলা কি করিয়া সঙ্গত হয় ? ॥৯॥

এইরূপ প্রশ্ন করা কিংবা আমি ভর্ত্তৃগণকে বশীভূত করিবার কোন উপায় করি কি না—এইরূপ সন্দেহ করা তোমার উচিত নহে। কারণ, তুমি বুদ্ধিমতী এবং কৃষ্ণের প্রিয়তমা মহিষী ॥১০॥

ভর্ত্তা যখনই জানিতে পারেন যে, আপনাকে বশীভূত করিবার জন্য স্ত্রী কোন মন্ত্রপ্রয়োগে বা ঔষধপ্রয়োগে ব্যাপৃত আছে ; তখনই তিনি—গৃহগত সর্পের ন্যায় সেই স্ত্রী হইতে উদ্বিগ্ন হন ॥১১॥

উদ্বিগ্নস্য কুতঃ শান্তিরশান্তস্য কুতঃ সুখম্।
ন জাতু বশগো ভর্ত্তা স্ত্রিয়াঃ স্যান্মন্ত্রকর্ম্মণা ॥১২॥
অমিত্রপ্রহিতাংশ্চাপি গদান্ পরমদারুণান্।
মূলপ্রচারৈর্হি বিষং প্রয়চ্ছন্তি জিঘাংসবঃ ॥১৩॥
জিহ্বয়া যানি পুরুষস্ত্বচা বাপ্যুপসেবতে।
তত্র চূর্ণানি দত্তানি হন্যুঃ ক্ষিপ্রমসংশয়ম্ ॥১৪॥
জলোদরসমাযুক্তাঃ শ্বিত্রিণঃ পলিতাস্তথা।
অপুমাংসঃ কৃতাঃ স্ত্রীভির্জড়ান্ধবধিরাস্তথা ॥১৫॥
পাপানুগাস্তু পাপাস্তাঃ পতীনুপসৃজন্ত্যুত।
ন জাতু বিপ্রিয়ং ভর্ত্তুঃ স্ত্রিয়া কার্য্যং কথঞ্চন ॥১৬॥

ভারতকৌমুদী

যদেতি। মন্ত্রমূলপরাম্ আত্মনো বশীকরণায় মন্ত্রমূলপ্রয়োগব্যাপৃতাম্ ॥১১॥

উদ্বিগ্নস্যেতি। জাতু কদাচিদপি। মন্ত্রকর্ম্মণা মন্ত্রাদিপ্রয়োগব্যাপারেণ ॥১২॥

প্রত্যুত মন্ত্রাদিপ্রয়োগে দোষমাহ—অমিত্রেতি। অমিত্রৈঃ শত্রুভিরুপপত্যাদিভিঃ প্রহিতান্ স্ত্রীহস্তপ্রদত্তৌষধাদিভির্জনিতান্, পরমদারুণান্, গদান্ পত্যুঃ রোগান্ পশ্যাম ইতি শেষঃ। হি যস্মাৎ, জিঘাংসব উপপত্যাদয়ঃ, মূলপ্রচারৈঃ উপকারকমিদং বৃক্ষাদিমূলমিতি প্রকাশৈঃ বিষং প্রয়চ্ছন্তি। "রোগব্যাধিগদাময়াঃ" ইত্যমরঃ ॥১৩॥

জিহ্বয়েতি। যানি ঔষধানি। তত্র তেষু ঔষধেষু, চূর্ণানি বিষস্য, হন্যুস্তম্ ॥১৪॥

জলোদরেতি। পলিতা জরাজীর্ণাঃ। অপুমাংসঃ ক্লীবাঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

বিশকলিতাঃ সমুদিতা বা, অগদোঽঞ্জনাদিরৌষধম্ ॥৬॥ ভগদৈবতং সৌভাগ্যবর্দ্ধকং সৌরব্রতাদিকম্, ভগবেদনমিতি পাঠে সৌভাগ্যসূচকম্; বশানুগ ইচ্ছানুসারী ॥৭—৮॥ হে সত্যে! অনুকীর্ত্তনমুত্তরম্ ॥৯—১২॥ ঔষধাদিপ্রয়োগেঽনিষ্টমাহ—অমিত্রেতি। গদান্

উদ্বিগ্নের কোথা হইতে শান্তি আসে এবং শান্তিহীনেরই বা কোথা হইতে সুখ হয়? তার পর, ভর্ত্তা কখনও মন্ত্রাদিপ্রয়োগে ভার্য্যার বশীভূত হন না ॥১২॥

